১.১৬ "পাঁচদিন নদীকে দেখা হয় নাই।" – এটি কোন বাচ্যের উদাহরণ?

(ক) কর্তৃবাচ্য (খ) ভাববাচ্য (গ) কর্মবাচ্য (ঘ) কর্মকর্তৃবাচ্য।

১.১৭ কর্মকর্তৃ বাচ্যের উদাহরণ হল–

(ক) আমি ভাত খেলাম (খ) আমার ভাত খাওয়া হল

(গ) আমার দ্বারা কাজটি সম্পূর্ণ হল (ঘ) শাঁখ বাজে।

২। কমবেশি ২০টি শব্দে নীচের প্রশ্নগুলির উত্তর দাও: ১×১৯=১৯

২.১ যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৪×১=৪

২.১.১ "মেসোর উপযুক্ত কাজ হবে"– কাজটি কী?

২.১.২ "ইসাবের মনে পড়ল"– ইসাবের কী মনে পড়ল?

২.১.৩ "চমকে ওঠে ভবতোষ"– চমকে ওঠার কারণ কী?

২.১.৪ "কিন্তু তোমার বাপু একটা ভুল হয়েছে" ভুলটা কী ছিল?

২.১.৫ নদের চাঁদের বয়স কত?

২.২ যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৪×১=৪

২.২.১ 'অসুখী একজন' কবিতাটি কে বাংলায় তরজমা করেছেন?

২.২.২ সীতাপতি রামকে মায়াবী বলেছেন কেন?

২.২.৩ ঋষিবালক বলতে কাকে বোঝানো হয়েছে?

২.২.৪ "আমি চলে গেলাম দূর...দূরে"– 'দূর...দূরে' বলার কারণ কী?

২.২.৫ 'শিশুদের শব' বলতে কবি কী বুঝিয়েছেন?

২.৩ যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও: ৩×১=৩

২.৩.১ "এক সাহেব লিখে গেছেন"– কী লিখে গেছেন?

২.৩.২ লক্ষণা কী? উদাহরণ দাও।

২.৩.৩ 'অল্পবিদ্যা ভয়ংকরী'– কথাটির অর্থ কী?

২.৩.৪ "আবার তিনি ছুটলেন কালির সন্ধানে।"– কেন?

২.৪ যে কোনো আটটি প্রশ্নের উত্তর দাও: ৮×১=৮

২.৪.১ মন্দিরে বাজছিল পূজার ঘণ্টা– নিম্নরেখ পদটির কারক ও বিভক্তি নির্ণয় করো।

২.৪.২ তির্যক বিভক্তি কাকে বলে?

২.৪.৩ সমাস ও সন্ধির একটি পার্থক্য লেখ।

২.৪.৪ "ফেলাইলা কনক-বলয় দুরে"– নিম্নরেখ পদটি কোন সমাসের উদাহরণ?

২.৪.৫ আমি ছিলাম কালি কলমের ভক্ত– বাক্যটিকে প্রশ্নসূচক বাক্যে রূপান্তর করো।

২.৪.৬ বিধেয় প্রসারকের একটি উদাহরণ দাও।

২.৪.৭ "নদীর ধারে তার জন্ম হইয়াছে।"– কর্তৃবাচ্যে পরিণত করো।

২.৪.৮ ভাববাচ্যের একটি উদাহরণ দাও।

৩। প্রসঙ্গ নির্দেশসহ কমবেশি ৬০টি শব্দে উত্তর দাও: ৩+৩=৬

৩.১ যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৩×১=৩

৩.১.১ "বুকে রক্ত ছলকে ওঠে তপনের"– তপনের পুরো নাম কী? কোন্ পরিস্থিতিতে এমন হয়েছিল? ১+২

৩.১.২ 'হরিদার কাছে আমরাই গল্প করে বললাম"– আমরা কারা? গল্প করে কী বলেছিল? ১+২

৩.২ যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৩×১=৩

৩.২.১ "পঞ্চকন্যা পাইলা চেতন"– পঞ্চকন্যা কারা? তারা কীভাবে চেতনা পেয়েছে? ১+২

৩.২.২ "তারা আর স্বপ্ন দেখতে পারলো না।"– 'তারা' কারা, কেন স্বপ্ন দেখতে পারলো না? ১+২

৪। কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫

৪.১ "বাবুটির স্বাস্থ্য গেছে কিন্তু শখ ষোলো আনাই বজায় আছে"– বাবুটি কে? তার স্বাস্থ্য ও শখের পরিচয় দাও। ১+২+২

৪.২ "অদৃষ্ট কখনো হরিদার এই ভুল ক্ষমা করবে না।"– বক্তা কে? হরিদা কী ভুল করেছিল? হরিদার চরিত্রের মূল্যায়ণ কর। ১+১+৩

৫। কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫

৫.১ 'অস্ত্রের বিরুদ্ধে গান' কবিতার মূল বক্তব্য নিজের ভাষায় লেখ।

৫.২ "দ্বাদশ রবির বহ্নিজ্বালা ভয়াল তাহার নয়ন কথা"– দ্বাদশ রবি বলতে কী বোঝ? 'তাহার' বলতে কার কথা বলা হয়েছে? কবিতাটির মধ্যে কবির যে জাতীয়তাবাদী চেতনা ফুটে উঠেছে তা নিজের ভাষায় লেখ। ১+১+৩

৬। কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫

৬.১ "বাংলা ভাষায় বিজ্ঞানচর্চায় এখনো নানারকম বাধা আছে"– এই বাধা দূর করতে লেখক কী পরামর্শ দিয়েছেন?

৬.২ শ্রীপান্থ ছোটবেলায় কীভাবে কালি ও কলম তৈরী করতেন তা প্রবন্ধ অবলম্বনে লেখ। ৩+২

৭। কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৪

৭.১ "এই মুহূর্তে তুমি আমার দরবার ত্যাগ কর"– বক্তা কে? কাকে বলেছে? কেন বলেছে? ১+১+২

৭.২ "তাকে ওর প্রাসাদে পাঠিয়ে দিন জাঁহাপনা। ওর সঙ্গে থাকতে আমার ভয় হয়।"– বক্তা কে? কাকে উদ্দেশ্য করে এমন মন্তব্য, উদ্দীষ্ট ব্যক্তির চরিত্রের মূল্যায়ণ কর। ১+১+২

৮। কমবেশি ১৫০ শব্দে যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ২×৫=১০

৮.১ লীলাবতি চরিত্রের মূল্যায়ণ কর।

৮.২ কোনি কীভাবে বাংলা দলে সুযোগ পেয়েছিল উপন্যাস অবলম্বনে লেখ।

৮.৩ ক্লাবের ছেলেমেয়েরা ক্ষিতীশ সিংহের বিরুদ্ধে কী কী অভিযোগ এনেছিল তা লিখে ক্ষিতীশ সিংহের জবাবগুলি লেখ। ২+৩

৯। বঙ্গানুবাদ লেখ: ৪

We live in India and work for India. But we should not forget that we belong to the larger family of the world. The people living on other countries are after all our cousins. It would be such an excellent thing if all the people in the world were happy and contend.

১০। কমবেশি ১৫০ শব্দে একটি প্রশ্নের উত্তর দাও: ৫

১০.১ নারী স্বাধীনতা বিষয়ে দুই বন্ধুর মধ্যে কাল্পনিক সংলাপ রচনা কর।

১০.২ "জলা বুজিয়ে সবুজ ধ্বংস করে, আবাসন নয়।" এই বিষয়ে একটি প্রতিবেদন রচনা কর।

১১। কমবেশি ৪০০ শব্দে যে কোন একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা কর: ১০

১১.১ পরিবেশ দূষণ ও তার প্রতিকার,

১১.২ বিজ্ঞান ও কুসংস্কার,

১১.৩ সাম্প্রতিক প্রাকৃতিক বিপর্যয় ও পশ্চিমবঙ্গ,

১১.৪ বাংলার উৎসব।

# BIRBHUM ZILLA SCHOOL

## Madhyamik Test Examination- 2025

Class-X, Sub-BENGALI, F. M. 90

১. সঠিক উত্তরটি বেছে নাও ঃ- ১ X ১৭ = ১৭

১.১. "তখন আহ্লাদে কাঁদো কাঁদো হয়ে যায়।"-আহ্লাদের কারণ ---

ক) কষ্ট পেয়ে (খ) ঠাট্টাভেবে

গ) মেসোর মুখে করুণার ছাপ দেখে (ঘ) ইয়ে করে ছাপতে দেওয়ার প্রস্তাবে।

১.২. "একটু তারিফই করলেন।" -কে তারিফ করলেন?

ক) জগদীশবাবু (খ) দোকানদার (গ) বাস ড্রাইভার (ঘ) মাষ্টারমশাই।

১.৩. "কিন্তু বুনো হাঁস ধরাই যে এদের কাজ।" -বক্তা হলেন--

ক) রামদাস (খ) জগদীশবাবু (গ) নিমাইবাবু (ঘ) অপূর্ব।

১.৪. "এই তো রে তার আসার সময়।" -'তার' আসার সময়টি বোঝা যাচ্ছে ---

ক) কালবৈশাখীর ঝড়ে (খ) ঝড় বৃষ্টিতে (গ) রথঘর্ঘরে (ঘ) উল্কার পতনে।

১.৫. "হাসিবে মেঘবাহন।"-'মেঘবাহন হলেন --ক) রাবণ (খ) অগ্নিদেব (গ) ইন্দ্র (ঘ) ইন্দ্রজিৎ

১.৬. "সখী সবে আজ্ঞা দিল।" -কে আজ্ঞা দিল---

ক) বিধুন্নলা (খ) পদ্মা (গ) পদ্মাবতী (ঘ) রোহিনী

১.৭. দারোগাবাবুর কলম গোঁজা থাকতো---

ক) কানের পাশে (খ) বুক পকেটে (গ) কাঁধের ছোট্ট পকেটে (ঘ) পায়ের মোজায়।

১.৮. চার খণ্ড রামায়ণ কপি করে লেখক অষ্টাদশ শতকে পেতেন ---

ক) সাত টাকা (খ) দশ টাকা (গ) আট টাকা (ঘ) ন-টাকা

১.৯. "হিমালয় যেন পৃথিবীর মানদণ্ড" -এরূপ উক্তি কোন শাস্ত্রের পক্ষে উপযুক্ত -----

ক) ন্যায় শাস্ত্র (খ) বিজ্ঞান শাস্ত্র (গ) স্মৃতি শাস্ত্র (ঘ) কাব্যশাস্ত্র।

১.১০. অনুক্ত কর্তা বলা হয় -- ক) কর্মবাচ্যের কর্তাকে (খ) কর্ম ও ভাববাচ্যের কর্তাকে (গ) ভাববাচ্যের কর্তাকে (ঘ) কর্তৃবাচ্যের কর্তাকে।

১.১১. "পথে কুড়িয়ে পেলাম।" -এখানে 'পথে' হল---

ক) অ-কারক (খ) অপাদান কারক (গ)- নিমিত্ত কারক (ঘ) অধিকরণ কারক।

১.১২. 'বহিব্রীহি' সমাসকে বলা হয় ---ক) বর্ণনামূলক সমাস (খ) ব্যাখ্যানমূলক সমাস (গ) সংযোগমূলক সমাস (ঘ) উক্ত সবকটি।

১.১৩. উপমেয় ও উপমানের মধ্যে অভেদ কল্পিত হলে কোন সমাস হয়?

ক) উপমিত কর্মধারয় (খ) উপমান কর্মধারয় (গ) সাধারণ কর্মধারয় (ঘ) রূপক কর্মধারয়

১.১৪. "আকাশে হাতির ঝাঁক উড়ে বেড়াচ্ছে।"-এই পদসমষ্টিতে যা নেই---

ক) যোগ্যতা (খ) আসত্তি (গ) আকাঙ্ক্ষা (ঘ) উদ্দেশ্য।

১.১৫. "ওগো, আজ তোরা যাসনে ঘরের বাহিরে" -অর্থগতভাবে বাক্যটি--

ক) নির্দেশক বাক্য (খ) প্রার্থনা সূচক বাক্য (গ) অনুজ্ঞা সূচক বাক্য (ঘ) বিস্ময় সূচক বাক্য।

১.১৬. 'বাঁশি বাজে।' -এটি কোন বাচ্যের দৃষ্টান্ত?

ক) কর্তৃবাচ্য (খ) ভাববাচ্য (গ) কর্মবাচ্য (ঘ) কর্ম কর্তৃবাচ্য।

১.১৭. পাঁচ দিন নদীকে দেখি নাই। -এটি কোন বাচ্যের দৃষ্টান্ত?

(ক) কর্তৃবাচ্য (খ) কর্মবাচ্য (গ) ভাববাচ্য (ঘ) কর্মকর্তৃবাচ্য।

**২. কমবেশি ২০ টি শব্দের মধ্যে উত্তর লেখো ঃ-** ১ X ১৯ = ১৯

**২.১. যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ-** ১ X ৪ = ৪

২.১.১. "বুকের রক্ত ছলকে ওঠে তপনের।" -তপনের বুকের রক্ত ছলকে ওঠার কারণ কী?

২.১.২. "বাঃ, এ তো বেশ মজার ব্যাপার!"-কোন ঘটনাকে বক্তা মজার ব্যাপার বলেছেন ?

২.১.৩. "পথে কুড়িয়ে পেলাম।" -বক্তা পথে কী কুড়িয়ে পেয়েছিল ?

২.১.৪. এতকাল নদের চাঁদ কী নিয়ে গর্ব অনুভব করত ?

২.১.৫. "এই আওয়াজে মুখরিত হয়ে উঠল।" -কোন আওয়াজে মুখরিত হয়ে উঠল ?

**২.২. যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ-** ১ X ৪ = ৪

২.২.১. 'আমাদের ইতিহাস নেই।" -একথা বলার কারণ কী ?

২.২.২. "সভ্যতার শেষ পুণ্য বাণী। -শেষ পুণ্যবাণীটি কী ?

২.২.৩. 'ছদ্মবেশী অম্বুরাশি সুতা" -অম্বুরাশি সুতা কোন ছদ্মবেশে ইন্দ্রজিতের কাছে এসেছিলেন?

২.২.৪. 'অসুখী একজন' কবিতায় কাদের খুন হওয়ার কথা বলা হয়েছে ?

২.২.৫. "তাহাতে বিচিত্র টঙ্গি"-'বিচিত্র টঙ্গি' বলতে কী বোঝানো হয়েছে ?

**২.৩. যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও ঃ-** ১ X ৩ = ৩

২.৩.১. "সেগুলো সাজিয়ে রাখার আসবাব।" কোনগুলো সাজিয়ে রাখার আসবাব ?

২.৩.২. "তখন মনে কষ্ট হয় বইকী।"-কখন মনে কষ্ট হয় ?

২.৩.৩. "তাদের উদযোগের এই ত্রুটি ছিল।" -কী ত্রুটি ছিল ?

২.৩.৪. 'সম্পাদকের উচিত" -সম্পাদকের কী করা উচিত ?

**২.৪. যে কোনো আটটি প্রশ্নের উত্তর দাও ঃ-** ১ X ৮ = ৮

২.৪.১. তির্যক বিভক্তি কাকে বলে ? উদাহরণ দাও।

২.৪.২. অপাদান কারকে 'য়' বিভক্তির একটি উদাহরণ দাও।

২.৪.৩. "বেলা যে পড়ে এলো জলকে চল" -'জলকে' পদটির কারক-বিভক্তি নির্ণয় করো।

২.৪.৪. অলোপ বহুব্রীহি সমাস কাকে বলে ?

২.৪.৫. "আমি লেখালেখির আপিসে কাজ করি।" -জটিল বাক্যে রূপান্তরিত করো।

২.৪.৬. 'বিভূতিভূষণ' পদটি ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো।

২.৪.৭. গঠনগত দিক দিয়েযেটি জটিল বাক্য, অর্থগত দিক দিয়ে সেটি কোন ধরণের বাক্য হতে পারে ?

২.৪.৮. "সত্যকে গোপন করার দরকার নেই।" -অনুজ্ঞাবাচক বাক্যে পরিবর্তন করো।

২.৪.৯. কর্মকর্তৃবাচ্য কাকে বলে ?

২.৪.১০. রাম কর্তৃক রাবণ নিহত হন। -কর্তৃবাচ্যে রূপান্তরিত করো।

**৩. প্রসঙ্গ নির্দেশসহ কমবেশি ৬০টি করে শব্দে উত্তর লেখঃ-** ৩ + ৩ = ৬

৩.১. যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ- ৩ X ১ = ৩

৩.১.১. 'অবিচারের দণ্ড ভোগ করার অপমান আমাকে কম বাজে না।" বক্তা কাকে এ কথা বলেছিলেন ? কোন অবিচারের দণ্ডভোগ তাঁকে ব্যথিত করেছিল ? ১+২

৩.১.২. "নদীকে এভাবে ভালোবাসিবার একটা কৈফিয়তনদের চাঁদ দিতে পারে।" কৈফিয়ৎটি লেখো।

৩.২. যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ- ৩ X ১ = ৩

৩.২.১. "তারা আর স্বপ্ন দেখতে পারল না।" কাদের কথা বলা হয়েছে ? তারা স্বপ্ন দেখতে পারলো না কেন ? ১+২

৩.২.২. "জিজ্ঞাসিলা মহাবাহু বিস্ময় মানিয়া;" -কাকে 'মহাবাহু' বলা হয়েছে ? তার বিস্ময়ের কারণ কী? ১+২

**৪. কমবেশি ১৫০টি শব্দে একটি প্রশ্নের উত্তর দাও ঃ-** ৫ X ১ = ৫

৪.১. "তার চেয়ে দুঃখের কিছু নেই, তার থেকে অপমানের।" দুঃখ আর অপমানের কারণ কী ? এই দুঃখ আর অপমান দূর করতে উদ্দিষ্ট ব্যক্তি কি সংকল্প গ্রহণ করেছিল ? ৩+২

৪.২. "বাবুটির স্বাস্থ্য গেছে, কিন্তু শখ ষোলআনাই বজায় আছে।" বাবুটির শখ ও স্বাস্থ্যের পরিচয় দাও।

**৫. কমবেশি ১৫০টি শব্দে একটি প্রশ্নের উত্তর দাও ঃ-** ৫ X ১ = ৫

৫.১. "তারপর যুদ্ধ এল।" পাঠ্য কবিতায় কবি যুদ্ধের যে করুণ ও মর্মস্পর্শী ছবি এঁকেছেন তা নিজের ভাষায় লেখো।

৫.২. 'অস্ত্রের বিরুদ্ধে গান' কবিতায় কবি যে যুদ্ধবিরোধী মনোভাবের পরিচয় পাওয়া যায় তার বর্ণনা দাও।

**৬. কমবেশি ১৫০টি শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ-** ৫ X ১ = ৫

৬.১. "আমরা কালিও তৈরি করতাম নিজেরাই।" কীভাবে লেখকেরা কালি তৈরি করতেন সে সম্পর্কে আলোচনা করো।

৬.২. 'বাংলা ভাষায় বিজ্ঞান' শীর্ষক প্রবন্ধটিতে পরিভাষা রচনা প্রসঙ্গে লেখক যে বক্তব্য প্রকাশ করেছেন তা আলোচনা করো।

**৭. কমবেশি ১২৫ টি শব্দে একটি প্রশ্নের উত্তর দাও :-** ৪ X ১ = ৪

৭.১. "আমি আজ ধন্য। আমি ধন্য।" বক্তা কে ? কেন তিনি নিজেকে দন্য বলে মনে করেছেন? ১ + ৩

৭.২. "ওখানে কী দেখছো মূর্খ, বিবেকের দিকে চেয়ে দ্যাখো।" -বক্তা কে ? উদ্দিষ্ট ব্যক্তির প্রতি বক্তার কী মনোভাব লক্ষ্য করা যায় ? ১ + ৩

**৮. কমবেশি ১৫০টি শব্দের মধ্যে যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :-** ৫ X ২ = ১০

৮.১. "বাংলা তাহলে চ্যাম্পিয়নশিপটা পেল না।" কে এই আশঙ্কা করেছিল ? এই আশঙ্কার কারণ কী ? ১+৪

৮.২. "অবশেষে কোনি বাংলা সাঁতার দলে জায়গা পেল।" কোনি কীভাবে বাংলা সাঁতার দলের জায়গা পেল তা লেখো।

৮.৩. "ফাইট, কোনি ফাইট।" -সাধারণ সাঁতারু থেকে চ্যাম্পিয়ন হয়ে উঠতে গিয়ে কোনিকে কী ধরণের ফাইট করতে হয়েছিল, নিজের ভাষায় লেখো।

**৯. চলিত গদ্যে বঙ্গানুবাদ করো :-** ৪

*One day a dog stole a piece of meat from a butcher shop. He was crossing over a bridge. Suddenly, he saw own shadow in the water. He thought that was another dog and he had a bigger piece of meat.*

**১০. কমবেশি ১৫০টি শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :-** ৫ X ১ = ৫

১০.১. 'বিশ্ব উষ্ণায়ন' নিয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা করো।

১০.২. বিদ্যালয়ে অনুষ্ঠিত বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।

**১১. কমবেশি ৪০০ শব্দে যে কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো :-** ১০

১১.১. বিজ্ঞানের ভালো ও মন্দ।

১১.২. বাংলার উৎসব।

১১.৩. পরিবেশ দূষণ ও তার প্রতিকার।

১১.৪. একটি বটগাছের আত্মকথা।

- - - - - - - - - - - - - - - - - -

# GOVT. BCM SCHOOL, BANIPUR

## Test Examination -25

## Sub- Bengali (First Language)

## Full Marks - 90

১. সঠিক উত্তরটি নির্বাচন করোঃ ১x১৭=১৭

১.১ "তপনকে যেন আর কখনও শুনতে না হয়" – কী শুনতে না হয়? ক) নিজের গল্প পড়তে বসে অন্যের লেখা লাইন খ) অমুক তপনের গল্প ছাপিয়ে দিয়েছে। গ) তুই খুব ভাল গল্প লিখিস। ঘ) লেখক মেসো ছিল বলে গল্পটা ছাপানো হয়েছে।

১.২ কে তার সহকারীকে ডেকে বলে – " আমি চলিলাম হে".ক) নদেরচাঁদের বাবা খ) নদেরচাঁদ গ) নদেরচাঁদের স্ত্রী ঘ) নদেরচাঁদের ছেলে।

১.৩ ইন্দ্রজিতের পত্নীর নাম কী? ক) মন্দোদরী খ) সীতা গ) সরমা ঘ) প্রমীলা।

১.৪ গ্রাম প্রধান ইসবের নাম দিয়েছিলেন – ক) অদল খ) বদল গ)অদল বদল ঘ) আদল বাদল।

১.৫ মুক্তোর মতো হস্তাক্ষর লেখক কোথায় দেখেছেন? ক) পুঁথিতে খ) রবীন্দ্রপাণ্ডুলিপিতে গ) শিলালিপিতে ঘ) সাইন-বোর্ডে।

১.৬ "গর্বে যারা অন্ধ" – কার চেয়ে বেশি অন্ধ? ক) অন্ধকারের খ) কুয়াশার গ) সূর্যহারা অরণ্যের ঘ) গুহার।

১.৭ কোন্ দোষ দূর না হলে বাংলা বৈজ্ঞানিক সাহিত্য সুপ্রতিষ্ঠিত হবে না? ক) ইংরেজির আক্ষরিক অনুবাদ খ) বাংলায় ইংরেজির প্রভাবমুক্ত গ) ইংরেজি ও বাংলার সমান্তরাল চেহারা ঘ) দেশবাসী ইংরেজি প্রভাবমুক্ত।

১.৮ ওই চোখ কি হরিদার হতে পারে? বক্তা কে ? ক) শিবতোষ খ) অনন্ত গ) ভবতোষ ঘ) অনাদি।

১.৯ আমাদের কোন্ পাশে ধ্বস? ক) বাম খ) ডান গ) সামনে ঘ) পিছনে।

১.১০ যে-বিভক্তি সব কারকেই প্রযুক্ত হয়, তাকে বলে – ক) অনুসর্গ খ) তির্যক বিভক্তি গ) ক্রিয়া বিভক্তি ঘ) উপসর্গ।

১.১১ যে সমাসে ব্যাসবাক্য হয় না, তাকে বলে? ক) দ্বন্দ্ব সমাস খ) নিত্য সমাস গ) দ্বিগু সমাস ঘ) বহুব্রীহি সমাস

১.১২ কোনো কাজে ক্রিয়াপদটি কর্তার অনুগামী হলে , তাকে বলে – ক) কর্মবাচ্য খ) ভাববাচ্য গ) কর্তৃবাচ্য ঘ) কর্মকর্তৃবাচ্য।

১.১৩ একাধিক সরল বাক্যকে যোজক পদ দিয়ে যুক্ত করলে গঠিত হয় – ক) সরল বাক্য খ) জটিল বাক্য গ) যৌগিক বাক্য ঘ) মিশ্রবাক্য।

১.১৪ এদিকে এসো — অর্থগত দিক দিয়ে বাক্যটি কোন্ ধরনের ? ক) নির্দেশক বাক্য খ) অনুজ্ঞাসূচক বাক্য গ) প্রশ্নবোধক বাক্য ঘ) বিস্ময়সূচক বাক্য।

১.১৫. বাজনা বাজে – এটি কোন্ বাচ্য? ক) কর্মবাচ্য খ) ভাববাচ্য গ) কর্তৃবাচ্য ঘ) কর্মকর্তৃবাচ্য।

১.১৬ "ইন্দ্রজিৎ, প্রণামিয়া ধাত্রীর চরণে" – ঘ) "ইন্দ্রজিৎ " – কোন্ শ্রেণির সমাস? ক) উপপদ তৎপুরুষ খ) বহুব্রীহি গ) সাধারণ কর্মাধারয় ঘ) দ্বিগু।

১.১৭ তব শরে মরিয়া বাঁচিল – চিহ্নিত পদটি কোন্ শ্রেণির কারক – ক) কর্ম খ) করণ গ) অপাদান অধিকরণ।

২. নীচের প্রশ্নগুলির অতিসংক্ষিপ্ত উত্তর দাওঃ (কমবেশি ২০টি শব্দে) ১x১৯ =১৯

২.১ যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ১x৪ = ৪

২.১.১ "সে যে বর্মা এসেছে এ খবর সত্য" – বক্তা কে ? সে, কার বর্মা আসার খবর সত্য বলে ধরে নিয়েছে?

২.১.২ সন্ন্যাসীর ভয়ানক দুর্লভ জিনিসটা কী?

২.১.৩ অমৃত তার জামাটি কীভাবে ছিঁড়ে ফেলে?

২.১.৪ নতুন মেসো কোথা থেকে এসেছেন?

২.১.৫ পাঁচদিন নদীকে না-দেখে নদেরচাঁদের মন কেমন করছিল?

২.২ যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ১x৪ =৪

২.২.১ “এল ওরা লোহার হাতকড়ি নিয়ে” – ওরা কারা?

২.২.২ “প্রলোয়াল্লাস” কবিতায় সুন্দর কীসের বেশে আসে বলে ধরে নেওয়া হয়েছে?

২.২.৩ “তারপর যুদ্ধ এল” – তারপর যুদ্ধ কীভাবে এল?

২.২.৪ “বিস্মিত হইল বালা” - বালা কে? কী দেখে বিস্মিত হয়েছিল?

২.২.৫ “কাঁপিলা লঙ্কা” – লঙ্কা কাঁপল কেন?

২.৩ যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাওঃ ১x৩ =৩

২.৩.১ “অল্পবিদ্যা ভয়ঙ্করী” – কথাটির অর্থ কী?

২.৩.২ “লেখে তিনজন” – এই তিনজন কে কে?

২.৩.৩ “কিছুকাল আগে একজন বিদেশি সাংবাদিক লিখেছিলেন” – বিদেশি সাংবাদিক কী লিখেছিলেন?

২.৩.৪ কালি রাখার দোয়াত কী কী দিয়ে তৈরি হত?

২.৪ যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাওঃ ১x৮ =৮

২.৪.১ একটি দ্বিকর্ম ক্রিয়ার উদাহরণ দাও।

২.৪.২ সমধাতুজ কর্তা কাকে বলে?

২.৪.৩ বিভিক্তি ও অনুসর্গের দুটি পার্থক্য লেখো।

২.৪.৪ ‘সমাস’ শব্দটি প্রকৃতি প্রত্যয় কী? ২.৪.৫ সন্ধি ও সমাসের পার্থক্য দেখাও।

২.৪.৬ “নদীর বিদ্রোহের কারণ সে বুঝিতে পারিয়াছে” – এই বাক্যের বিশেষ্যখণ্ড ও ক্রিয়াখণ্ড চিহ্নিত করো।

২.৪.৭ রাজা রাজপথ দিয়ে চলেছেন। - ‘রাজপথ’ পদটির সমাস নির্ণয় করো।

২.৪.৮ প্রশ্নবোধক বাক্যের উদাহরণ দাও।

২.৪.৯ বাক্যের ‘আসত্তি’ কাকে বলে?

২.৪.১০ ‘মিথ্যা কথা বলার জন্য আমি তোমাকে ঘৃণা করি’ – বাক্যটিকে যৌগিক বাক্যে রূপান্তর করো।

৩. প্রসঙ্গ নির্দেশ করে কমবেশি ৬০টি শব্দের মধ্যে উত্তর লেখোঃ ৩x২ =৬

৩.১ যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাওঃ ৩x১=৩

৩.১.১ “তপনের মনে হয় আজ সবথেকে দুঃখের দিন” – তপনের এরকম মনে হওয়ার কারণ কী?

৩.১.২ “সেতো ভয়ানক দুর্লভ জিনিস” – দুর্লভ জিনিসটি কী ? কে, কীভাবে তা লাভ করেছিল?

৩.২ যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাওঃ ৩x১=৩

৩.২ “অতি মনোহর দেশ ”- ‘সিন্ধুতীরে’ কবিতাংশ অনুসারে – ‘মনোহর দেশ’টির বর্ণনা দাও।

৩.২.২ “এসো যুগান্তরের কবি” যুগান্তরের কবি কাকে আহবান করেছেন, কেন?

৪.১ যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাওঃ ৫x১=৫

৪.১.১‘পথের দাবী’ রচনায় গিরীশ মহাপাত্রের প্রকৃত পরিচয় কী? কোন কোন বিষয় থেকে ওই প্রকৃত পরিচয় পাওয়া যায়?

৪.১.২ “ বহুরূপী” – গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

৫. কমবেশি ১৫০টি শব্দে যে-কোনও একটি প্রশ্নের উত্তর দাওঃ ৫

৫.১ ‘প্রয়োল্লাস’ কবিতা অনুসারে প্রলয়ের যে চিত্র অঙ্কিত হয়েছে তার বর্ণনা দাও। ৫

৫.২ “দাঁড়াও ওই মানহারা মানবীর দ্বারে, বলো ক্ষমা করো” – কাকে ‘মানহারা মানবী বলা হয়েছে? তাদের কাছে কে ক্ষমা চাইবে কেন চাইবে? ৫

৬.১ যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাওঃ ৫x১=৫

৬.১ "গোরুকে অক্ষর খাওয়ানো নাকি পাপ" কে , কোন প্রসঙ্গে এই উক্তি করেছেন? এই উক্তির কারণ কী? ২+ ৩ = ৫

৬.২ "প্রীতির সহিত মাতৃভাষার পদ্ধতি আয়ত্ত করিতে হয়"। কোন শ্রেণির পাঠকের সম্পর্কে লেখকের এই মন্তব্য? এই মন্তব্যের কারণ ব্যাখ্যা করো। ২+৩ = ৫

৭. যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাওঃ( কমবেশি ১২৫ শব্দে) ৪x১=৪

৭.১ জাতির সৌভাগ্যসূর্য আজ অস্তাচলগামী" কোন জাতির কথা বলা হয়েছে? "সৌভাগ্যসূর্য" বলতে বক্তা কী বোঝাতে চেয়েছেন? ১+৩ =৪

৭.২ "সিরাজদৌল্লা" নাট্যাংশ অবলম্বনে সিরাজের চরিত্র বিশ্লেষণ করো।

৮. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও। ৫ x ২ = ১০

৮.১ কোনির জীবনে কোনির দাদার ভূমিকা কী ছিল?

৮.২ কোনির জীবনে খিদ্দা না-এলে কোনির কী সুবিধা বা অসুবিধা হতে পারত, নিজের মতামত দাও।

৮.৩ 'বুকের কাছে উঠে আসা অভিমান ওর কণ্ঠে আটকে গেল। কথাটি কে বলেছে, কেন বলেছে? বলার কারণ কী?

৯. নিচের অনুচ্ছেদটি চলিত বাংলায় অনুবাদ করো। ৪

Wealth is no doubt necessary for happiness in life. But it has a tendency to concentrate in the hands of a few. The result is the rich become richer and the poor poorer. This is certainly a misuse of wealth. It should be fairly distributed among all, so that it may bring happiness to the greatest number of people in the society.

১০. নীচের যে-কোনো একটি বিষয়ে নির্দেশ অনুসারে লেখো। ৫

১০.১ 'AI' নিয়ে দুই বন্ধুর মধ্যে কাল্পনিক সংলাপ রচনা করো।

১০.২ তোমার এলাকায় ডেঙ্গু মশার আক্রমণে একাধিক মানুষের মৃত্যু নিয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১১. নীচের যে-কোনো একটি বিষয় নিয়ে ৪০০ শব্দের মধ্যে প্রবন্ধ রচনা করো। ১০

১১.১ তোমার প্রিয় সাহিত্যিক।

১১.২ যুদ্ধ নয়, শান্তি চাই।

১১.৪ দৈনন্দিন জীবনে বিজ্ঞান।

১১.৫ একটি ভ্রমণের অভিজ্ঞতা ।

**HARE SCHOOL**
**M.P SELECTION TEST 2025**
**SUBJECT: BENGALI**
**FULL MARKS: 90 TIME : 3 Hours**

১।সঠিক উত্তরটি নির্বাচন করো । ১৭ x ১=১৭

১.১ তপন তার লেখা প্রথম গল্পটির কথা সবার প্রথম কাকে জানায় ?
(ক)লেখক মেসোমশাইকে (খ) তার মাকে (গ) ছোটমাসিকে
(ঘ)বাবাকে

১.২ নকল পুলিশ হরিদা মাস্টারমশাই -এর কাছ্ থেকে ঘুষ নিয়েছিলেন- (ক) আট টাকা (খ) আট আনা (গ) দশ টাকা (ঘ) দশ আনা

১.৩ জামা অদলবদলের বুদ্ধি কার মাথায় এসেছিল?
(ক)ইসাবের (খ) অমৃতের (গ) কালিয়ার (ঘ) পাঠানের

১.৪ তারপর যুদ্ধ এল-(ক) পাহাড়ের আগুনের মতো (খ)রক্তের সমুদ্রের মতো (গ)আগ্নেয় পাহাড়ের মতো (ঘ) রক্তের এক আগ্নেয় পাহাড়ের মতো

১.৫ কবিতায় উল্লিখিত হিমানীর বাঁধ রয়েছে-(ক)হাতে হাতে
(খ)পায়ে পায়ে (গ) মাথায় মাথায় (ঘ)শিরায় শিরায়

১.৬ অনেক ধরে ধরে টাইপরাইটারে লিখে গেছেন মাত্র একজন । তিনি হলেন (ক)সত্যজিৎ রায় (খ) অন্নদাশঙ্কর রায় (গ) রাজশেখর বসু (ঘ) সুবোধ ঘোষ

১.৭ প্রলয়োল্লাস কবিতায় শিশু-চাঁদ বলতে বোঝানো হয়েছে?
(ক) ছোট চাঁদ (খ) সদ্য-উদিত চাঁদ (গ) চাঁদের সন্তান (ঘ) সুন্দর শিশু

১.৮ তোমায় নিয়ে বেড়াবে – (ক)কবি (খ) গান (গ) পুতুল (ঘ) ছেলে

১.৯ ইউরোপ আমেরিকায় যা লেখা সুসাধ্য – (ক) হোম সায়েন্স (খ) পলিটিকাল সায়েন্স (গ) এভরি ডে সায়েন্স (ঘ) পপুলার সায়েন্স

১.১০ ধাতুর সঙ্গে বিভক্তি যুক্ত হলে কী হয় ? (ক) পদ (খ) বিশেষ্য
(গ) নামপদ (ঘ) ক্রিয়া

১.১১ নির্দেশকের কাজ হল- (ক) বাক্যের কর্তাকে নির্দেশ করা (খ) পদের বচনকে নির্দেশ করা (গ) বাক্যের ক্রিয়াকে নির্দেশ করা (ঘ) পদের দল নির্দেশ করা

১.১২ কুম্ভকার পদের সমাস হল- (ক) কুম্ভের আকার (খ) কুম্ভ ও আকার (গ)কুম্ভ করে যে (ঘ) কুম্ভের ন্যায় আকার

১.১৩ ঘণ্টা বাজল – রেখাঙ্কিত পদটি (ক) কর্ম –কর্তৃ বাচ্যের কর্তা (খ) সমধাতুজ কর্তা (গ) নিরপেক্ষ কর্তা (ঘ) সহযোগী কর্তা

১.১৪ কৃদন্ত পদের পূর্বস্থিত পদকে কী বলা হয়? (ক) উত্তর পদ (খ)উপপদ (গ) নামপদ (ঘ) সমাসবদ্ধ পদ

১.১৫ নির্দেশক বাক্য সাধারণত - (ক) আবেগ প্রধান (খ) উপদেশ প্রধান (গ) প্রশ্নপ্রধান (ঘ) তথ্যপ্রধান

১.১৬ সে সারাদিন খুব পরিশ্রম করে গভীর রাতে ফিরল- রেখাঙ্কিত অংশটি হল- (ক) উদ্দেশ্য (খ) বিধেয় (গ) উদ্দেশ্য-সম্প্রসারক (ঘ) বিধেয় সম্প্রসারক

১.১৭ ব্যাসবাক্যে অনুসর্গের প্রয়োগ ঘটে –(ক) তৎপুরুষ সমাসে (খ) অব্যয়ীভাব সমাসে (গ) দ্বিগু সমাসে (ঘ) দ্বন্দ্ব সমাসে

২। কম-বেশি ২০ টি শব্দে নীচের প্রশ্নগুলির উত্তর দাওঃ ১৯ x ১ =১৯

২.১ যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৪ x ১ = ৪

২.১.১ 'চমকে ওঠে ভবতোষ।' ভবতোষের চমকে ওঠার কারণ কী?

২.১.২ তলওয়ারকর হাসিতে যোগ দিল না কেন ?

২.১.৩ 'হঠাৎ অমৃতের মাথায় একটা বুদ্ধি খেলে গেল,'- বুদ্ধিটি কী ছিল?

২.১.৪ 'আজও সে সেইখানে গিয়া বসিল।'-কে কোথায় গিয়ে বসল?

২.১.৫'তার চেয়ে দুঃখের কিছু নেই,'-কীসের কথা বলা হয়েছে?

২.২ যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৪ x ১ = ৪

২.২.১ 'তবু তো কজন আছি বাকি'- বলার কারণ কী ?

২.২.২ 'অসুরারি-রিপু' বলতে কাকে বোঝানো হয়েছে ?

২.২.৩ বধূরা কেন প্রদীপ তুলে ধরবে ?

২.২.৪ 'পঞ্চকন্যা পাইলা চেতন ।' পঞ্চকন্যা কীভাবে চেতনা ফিরে পেল?

২.২.৫ কবি কোথায় রক্ত মোছেন ?

২.৩ যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাওঃ ৩ x ১ = ৩

২.৩.১ বিজ্ঞান আলোচনার রচনা পদ্ধতির মূল ত্রুটি কী ?

২.৩.২ অভিধা কাকে বলে ?

২.৩.৩ বড়োরা শিখিয়ে দিয়েছিলেন,'- বড়োরা কী শিখিয়ে দিয়েছিলেন ?

২.৩.৪ 'কলম তাদের কাছে অস্পৃশ্য ।' – কেন ?

২.৪ যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাওঃ ৮ x ১ = ৮

২.৪.১ শূন্য বিভক্তি কাকে বলে ?

২.৪.২ এই <u>আওয়াজে</u> মুখরিত হয়ে উঠলো । নিম্নরেখ পদটির কারক ও বিভক্তি লেখো ।

২.৪.৩ বাক্যাশ্রয়ী সমাস কাকে বলে ?

২.৪.৪ 'অস্তাচলগামী' শব্দটির ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো ।

২.৪.৫ শর্ত সাপেক্ষ বাক্য কাকে বলে ?

২.৪.৬ লুপ্ত কর্তা ভাববাচ্য কাকে বলে ? উদাহরণ দাও ।

২.৪.৭ নিত্য সমাস কাকে বলে ?

২.৪.৮ প্রযোজক কর্তার উদাহরণ দাও।

২.৪.৯ 'সে জানত না ' – হ্যাঁ বাচক বাক্যে পরিণত করো ।

২.৪.১০ সম্বন্ধপদ টিকে অকারক বলা হয় কেন ?

৩। প্রসঙ্গ নির্দেশ সহ কম বেশি ৬০ টি শব্দে উত্তর দাওঃ ৩+৩=৬

৩.১ যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ৩

৩.১.১ 'বাবুটির স্বাস্থ্য গেছে ,কিন্তু শখ ষোল আনাই বজায় আছে'- বাবু টি কে ? তার শখের পরিচয় দাও।	১+২

৩.১.২ 'বোধ হয় ,এই প্রশ্নের জবাব দিবার জন্যই '- কোন প্রশ্ন ? জবাব দেওয়ার জন্য কী হয়েছিল ?	১+২

৩.২ যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ	৩

৩.২.১ 'বিস্মিত হইল বালা '- বালা কে ? তার বিস্ময়ের কারণ কী ছিল ?	১+২

৩.২.২ 'গানের বর্ম ' বলতে কবিতায় কী বলা হয়েছে ? ৩

৪। কম-বেশি ১৫০ শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ	৫

৪.১' বহুরূপী ' গল্পে জগদীশবাবুর চরিত্র টি ব্যাখ্যা করো ।	৫

৪.২' পৃথিবীতে এমন অলৌকিক ঘটনাও ঘটে ?'- কোন ঘটনার কথা বলা হয়েছে ? একে অলৌকিক বলার কারণ কী ?	৩+২

৫। কম-বেশি ১৫০ শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ	৫

৫.১ 'আমরা ভিখারি বারোমাস' -আমরা বলতে কাদের বোঝানো হয়েছে ? তারা নিজেদের ভিখারি বলে মনে করেছেন কেন ? ২+৩

৫.২ প্রলয়োল্লাস কবিতায় প্রলয়ের যে চিত্র অঙ্কিত হয়েছে তার বর্ণনা দাও ।	৫

৬।কম-বেশি ১৫০ শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ	৫

৬.১ 'বাংলা ভাষায় বিজ্ঞান 'রচনায় প্রাবন্ধিক বাংলা ভাষায় বিজ্ঞানচর্চার ক্ষেত্রে যে সব অসুবিধার কথা বলেছেন তা আলোচনা করো ।	৫

৬.২ 'মোগল দরবারে একদিন তাঁদের কত না খাতির ,কত না সম্মান'-' তাঁদের ' বলতে কাদের কথা বলা হয়েছে ? তাঁদের খাতির ও সম্মানের পরিচয় দাও।	১+৪

৭।কম-বেশি ১২৫ শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৪

৭.১ 'বুঝিয়ে আমি দিচ্ছি।'-কী বোঝানোর কথা বলা হয়েছে? বক্তা কীভাবে তা বুঝিয়ে দিয়েছিলেন? ৩+১

৭.২ 'জাতির সউভাগ্য-সূর্য আজ অস্তাচলগামী;'- কোন জাতির কথা বলা হয়েছে? তার সৌভাগ্য -সূর্য আজ অস্তাচলগামী বলার কারণ কী? ১+৩

৮।কম-বেশি ১৫০ শব্দে যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ২x৫

৮.১ দারিদ্র্য ও বঞ্চনার বিরুদ্ধে কোনির যে লড়াই উপন্যাসে ফুটে উঠেছে তা লেখো। ৫

৮.২ 'চাম্পিয়ানরা জন্মায়, ওদের তৈরি করা যায়না '-কোনি উপন্যাস অবলম্বনে এর বিচার করো। ৫

৮.৩ জুপিটার ক্লাবে ক্ষিতীশের বিরুদ্ধে আনা অভিযোগগুলি কী ছিল ? এর উত্তরে তিনি কী বলেছিলেন?

৯। চলিত বাংলায় অনুবাদ করো। ৪

Student life is the stage of preparation for future. This is the most important period of life. A student is young today. But he will be a man tomorrow.

১০। কমবেশি ১৫০ শব্দে যে কোন একটি প্রশ্নের উত্তর দাও: ৫

১০.১ ফেসবুক ব্যবহার ও সতর্কতা বিষয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর।

১০.২ রক্তদান জীবনদান -এ বিষয়ে এক্ টি প্রতিবেদন রচনা করো।

১১। কমবেশি ৪০০ শব্দে যে কোন একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো।

১১.১ স্বদেশ প্রেম

১১.২ সমাজকল্যাণ ও ছাত্রসমাজ

১১.৩ একজন বাঙালি বিজ্ঞানী

১১.৪ তোমার শৈশবের দিনগুলি

# HINDU SCHOOL

**Test Examination–2025**

**Class–X**

**Subject–BENGALI**

**Full Marks–90** **Time–3 Hours**

---

১। সঠিক উত্তরটি নির্বাচন করো : ১৭×১=১৭

১.১ '....এ তো বেশ লিখেছিস রে?'—বক্তা—

(ক) ছোটোমাসি (খ) ছোটোমেসো

(গ) মেজোকাকু (ঘ) মা

১.২ '......হেসে ফেলে—হরির কাণ্ড।'—বক্তা—

(ক) ড্রাইভার (খ) জগদীশবাবু

(গ) দোকানদার (ঘ) কাশীনাথ

১.৩ 'অপূর্ব হঠাৎ চকিত হইয়া বলিয়া উঠিল, এই যে।'—অপূর্ব যাঁকে দেখে চকিত হয়েছিল, তিনি—

(ক) রামদাস (খ) গিরীশ

(গ) তেওয়ারি (ঘ) নিমাই

১.৪ 'অপরিচিত ছিল তোমার মানবরূপ'—

(ক) তাণ্ডবের দুন্দুভিনিনাদে (খ) কৃপণ আলোর অন্তঃপুরে

(গ) বিরূপের ছদ্মবেশে (ঘ) উপেক্ষার আবিল দৃষ্টিতে

১.৫ 'দণ্ড চারি এই মর্তে'—চার দণ্ড হল—

(ক) ৪৮ মিনিট (খ) ৯৬ মিনিট

(গ) এক ঘণ্টা (ঘ) ২৪ মিনিট

১.৬ 'কে বধিল কবে প্রিয়ানুজে'—এখানে প্রিয়ানুজ হল—

(ক) বীরবাহু (খ) কুম্ভকর্ণ

(গ) সুগ্রীব (ঘ) লক্ষ্মণ

১.৭ অষ্টাদশ শতাব্দীতে চারখণ্ড রামায়ণ কপি করে একজন লেখক উপহার-সামগ্রীসহ পেয়েছিলেন—

(ক) চার টাকা (খ) সাত টাকা

(গ) দশ টাকা (ঘ) সতেরো টাকা

১.৮ লেখক কলেজ স্ট্রিটের নামী দোকান থেকে যে পেন কিনেছিলেন, তা—

(ক) পার্কার (খ) শেফার্ড

(গ) ওয়াটারম্যান (ঘ) পাইলট

১.৯ 'দেশের লজ্জা' কথাটার 'দেশের' পদটির যে অর্থ প্রাধান্য পাবে—

(ক) অভিধা (খ) লক্ষণা

(গ) ব্যঞ্জনা (ঘ) অভিধা ও লক্ষণা

১.১০ কর্তা যখন নিজে কাজ না করে অন্যকে দিয়ে কাজ করিয়ে নেয়, তখন তাকে যে কর্তা বলে তা—

(ক) নিরপেক্ষ (খ) প্রযোজ্য

(গ) প্রযোজক (ঘ) সহযোগী

১.১১ 'সেইখানে মহারাজ নির্বাসিত করো ভক্তজনে।' নিম্নরেখ পদটি—

(ক) কর্তৃকারক (খ) কর্মকারক

(গ) করণকারক (ঘ) নিমিত্তকারক

১.১২ উপমিত কর্মধারয় সমাসের ব্যাসবাক্যে অনুপস্থিত থাকে—

(ক) উপমেয় (খ) উপমান

(গ) সাধারণ ধর্ম (ঘ) তুলনাবাচক শব্দ

১.১৩ 'কাঁচকলা' শব্দের ব্যাসবাক্য হল—

(ক) কাঁচা যে কলা (খ) কাঁচাকলা

(গ) কাঁচা খাওয়ার কলা (ঘ) কাঁচ সদৃশ কলা

১.১৪ 'জিনিস পড়ে রইল, আমরা এগিয়ে চললুম।'—এটি—

(ক) সরলবাক্য (খ) জটিলবাক্য

(গ) যৌগিকবাক্য (ঘ) মিশ্রবাক্য

১.১৫ 'অদ্য সময় অতীত হইয়াছে।'—এটি কোন্ জাতীয় বাক্য?

(ক) নির্দেশক (খ) অনুজ্ঞাসূচক

(গ) শর্তসাপেক্ষ (ঘ) প্রার্থনাসূচক

১.১৬ 'কানা ফকিরে কলেরা চালান দিচ্ছে।'—এটি—

(ক) কর্তৃবাচ্য (খ) কর্মবাচ্য

(গ) ভাববাচ্য (ঘ) কর্মকর্তৃবাচ্য

১.১৭ কোন্ ক্রিয়াযুক্ত বাক্যের কর্মবাচ্য হয় না?

(ক) অকর্মক (খ) সকর্মক

(গ) দ্বিকর্মক (ঘ) এককর্মক

২। কম-বেশি ২০টি শব্দে নীচের প্রশ্নগুলির উত্তর দাও : ১৯×১=১৯

২.১ যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৪×১=৪

২.১.১ 'জ্ঞানচক্ষু' গল্পে থাকা 'কারেকশন' শব্দটির বাংলা অর্থ কী?

২.১.২ 'বলুন, এখন আপনাকে কীভাবে সেবা করব?'—এই প্রশ্নের শ্রোতা কী সেবা চেয়েছিলেন?

২.১.৩ 'আমারও অনুমান কতকটা তাই।'—বক্তা কী অনুমান করেছিলেন?

২.১.৪ 'অমৃত এতেও পিছপা হতে রাজি নয়।'—কোন্ বিষয়ে অমৃত পিছপা হতে রাজি ছিল না?

২.১.৫ 'বড়ো ভয় করিতে লাগিল নদেরচাঁদের।'—নদেরচাঁদের ভয় করতে লাগল কেন?

২.২ যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৪×১=৪

২.২.১ 'অসুখী একজন' কবিতায় মেয়েটির চারপাশে কারা হাঁটাচলা করে গেল?

২.২.২ 'ছড়ানো রয়েছে কাছে-দূরে'—কী ছড়ানো রয়েছে?

২.২.৩ 'অভিষেক' কাব্যাংশে ইন্দ্রজিতের টংকার ধ্বনির সঙ্গে কোন্ ঘটনার তুলনা করা হয়েছে?

২.২.৪ 'প্রলয়োল্লাস' কবিতায় মহাকালের নয়নের কী বর্ণনা পাই?

২.২.৫ 'অস্ত্রের বিরুদ্ধে গান' কবিতায় গান মানুষকে নিয়ে কোথায় বেড়াবে?

২.৩ যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ৩×১=৩

২.৩.১ 'তাতে লিখে আমার সুখ নেই।'—কীসের দ্বারা লিখে লেখকের সুখ নেই?

২.৩.২ 'নামটা রবীন্দ্রনাথের দেওয়াও হতে পারে।'—কার, কোন্ নামের কথা এখানে বলা হয়েছে?

২.৩.৩ 'যে লোক আজন্ম ইজার পরেছে, তার পক্ষে হঠাৎ ধুতি পরা অভ্যাস করা একটু শক্ত।'—কোন্ বিষয়ের উল্লেখে বক্তা এই উপমা দিয়েছেন?

২.৩.৪ 'এই ধারণা পুরোপুরি ঠিক নয়।'—কোন্ ধারণার কথা এখানে বলা হয়েছে?

২.৪ যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাও : ৮×১=৮

২.৪.১ তির্যক বিভক্তি কাকে বলে?

২.৪.২ সমধাতুজ কর্তা কাকে বলে?

২.৪.৩ 'একশেষ'-এর একটি উদাহরণ দাও।

২.৪.৪ 'আত্মগরিমা' শব্দের ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো।

২.৪.৫ এমন একটি সরলবাক্যের উদাহরণ দাও যার উদ্দেশ্য পদটি কর্তা নয়।

২.৪.৬ ব্যাকরণে 'আকাঙ্ক্ষা' কাকে বলে?

২.৪.৭ 'আপনি কি ভগবানের চেয়েও বড়ো?'—নির্দেশক বাক্যে রূপান্তরিত করো।

২.৪.৮ ভাববাচ্যের ক্রিয়াপদ তৈরিতে ব্যবহৃত হয় এমন দুটি ধাতুর উল্লেখ করো।

২.৪.৯ 'শটিবনে তাহাদের ছায়া পড়িয়াছে।'—কর্তৃবাচ্যে রূপান্তরিত করো।

২.৪.১০ কর্মকর্তৃবাচ্য কাকে বলে?

৩. কম-বেশি ৬০টি শব্দে উত্তর দাও : ৩+৩=৬

৩.১ 'জগদীশবাবু যে কী কাণ্ড করেছেন, শোনেননি হরিদা?'—কী কাণ্ড করেছিলেন জগদীশবাবু?

*অথবা*, 'অপূর্বর মন যেন গ্রাহ্যই করিল না।' কী গ্রাহ্য করল না? অপূর্ব কী ভাবছিল? ১+২

৩.২ 'ছিনিয়ে নিয়ে গেল তোমাকে'—কাকে ছিনিয়ে নিয়ে গেল? ছিনিয়ে নিয়ে গিয়ে তাকে কোথায় রেখেছিল? ১+২

*অথবা*, 'ছিঁড়িলা কুসুমদাম রোষে মহাবলী'—মহাবলী কে? তাঁর এমন আচরণের কারণ কী? ৩

৪. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫×১=৫

৪.১ আশাপূর্ণা দেবীর 'জ্ঞানচক্ষু' গল্প অবলম্বনে তপনের ছোটোমাসি ও ছোটোমেসোর চরিত্র বিশ্লেষণ করো। ৫

৪.২ 'অদৃষ্ট কখনও হরিদার এই ভুল ক্ষমা করবে না।'—কোন্ ভুল? একে কি তুমি সত্যই ভুল বলে মনে করো। ১+৪

৫. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫×১=৫

৫.১ 'সমস্ত সমতলে ধরে গেল আগুন'—এই আগুনের ভয়াবহতা বর্ণনা করো। ৫

৫.২ 'প্রলয়োল্লাস' কবিতার নামকরণের সার্থকতা বিচার করো। ৫

**৬. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫×১=৫**

৬.১ 'আমরা কালিও তৈরি করতাম নিজেরাই।'—লেখক বর্ণিত কালি তৈরির পদ্ধতিটি আলোচনা করো। ৫

৬.২ 'বাংলা ভাষায় বিজ্ঞান' প্রবন্ধ অবলম্বন করে পরিভাষা নির্মাণে বঙ্গীয় সাহিত্য পরিষদ এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ের অবদান সংক্ষেপে আলোচনা করো। ৫

**৭. কম-বেশি ১২৫ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৪×১=৪**

৭.১ 'পত্রখানা আপনাকে দেখতেও দোব না..........'—কোন্ পত্রের কথা এখানে বলা হয়েছে? পত্রটি উদ্দিষ্ট ব্যক্তিকে দেখতে না দেওয়ার কারণ কী? ১+৩

৭.২ 'পারি না শুধু আমি কঠোর নই বলে।'—বক্তা কে? কঠোর না হতে পারার জন্য তিনি কোন্ কাজ করতে পারেন না? ১+৩

**৮. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০**

৮.১ কোনিদের দুঃখ-দারিদ্র্যপূর্ণ পারিবারিক জীবনের পরিচয় দাও। ৫

৮.২ 'অবশেষে কোনি বাংলা সাঁতার-দলে জায়গা পেল।'—কোনি কীভাবে বাংলা সাঁতার-দলে স্থান পেল, তা লেখো। ৫

৮.৩ 'নীল শার্ট-পরা যুবকটির মুখ চড়-খাওয়া মানুষের মতো অপ্রতিভ, অপমানিত।'—নীল শার্ট পরা যুবকের এমন অবস্থা হয়েছিল কেন, তা প্রসঙ্গ উল্লেখ করে বলো। ৫

**৯. চলিত বাংলায় অনুবাদ করো : ৪**

A happy man is he who is master of himself. He is well-protected by honesty and armed with simple truth. He is happy because he is not carried away with rumours but trusts his own conscience.

**১০. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫×১=৫**

১০.১ একটা আদর্শ দেশ কেমন হওয়া উচিত—এ বিষয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো। ৫

১০.২ 'রাজ্যবাসীর বাড়ির ছাদে সৌরবিদ্যুৎ তৈরিতে যত্নবান হবে রাজ্য।'—এই বিষয় অবলম্বনে একটি প্রতিবেদন রচনা করো। ৫

১১. কম-বেশি ৪০০ শব্দে যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো : ১০×১=১০

১১.১ জ্যোতিষঃ বিজ্ঞান না বিশ্বাস

১১.২ আধুনিক জীবনে ইনটারনেট

১১.৩ বাংলা ব্যান্ডের গান

১১.৪ প্রতিযোগিতার সুফল ও কুফল

# হুগলী ব্রাঞ্চ (গভঃ) স্কুল

## নির্বাচনী পরীক্ষা - ২০২৫

### শ্রেণী - দশম

### বিষয় - বাংলা

**সময় ঃ ৩ ঘণ্টা ১৫ মিনিট** **পূর্ণমান ঃ ৯০**

১. **সঠিক উত্তরটি নির্বাচন করো ঃ** [১×১৭=১৭]

১.১ তপনের মেসোমশাই কোন্ পত্রিকার তপনের লেখা ছাপানোর কথা বলেছিলেন?
(ক) ধ্রুবতারা (খ) শুকতারা (গ) সন্ধ্যাতারা (ঘ) রংমশাল

১.২ নদের চাঁদকে পিষিয়া দিয়া চলিয়া গেল।
(ক) ৭নং ডাউন প্যাসেঞ্জার (খ) ৫ নং ডাউন প্যাসেঞ্জার
(গ) ৭ নং আপ প্যাসেঞ্জার (ঘ) ৫ নং আপ প্যাসেঞ্জার

১.৩ অপূর্বর পিতার বন্ধু হলেন—
(ক) জগদীশবাবু (খ) রামদাস (গ) নিমাইবাবু (ঘ) গিরীশ মহাপাত্র

১.৪ "যেখানে ছিল শহর/ সেখানে ছড়িয়ে রইল"—কী ছড়িয়ে রইল?
(ক) পায়ের দাগ (খ) কাঠকয়লা (গ) গোলাপি গাছ (ঘ) প্রাচীন জলতরঙ্গ

১.৫ আদিম যুগে স্রষ্টার কার প্রতি অসন্তোষ ছিল?
(ক) দয়াময় দেবতার প্রতি (খ) কবির সংগীতের প্রতি
(গ) নিজের প্রতি (ঘ) ধরিত্রীর প্রতি

১.৬ কবি জয় গোস্বামীর লেখা কাব্যগ্রন্থ ?
(ক) বাবরের প্রার্থনা (খ) অগ্নিবীণা (গ) রূপসী বাংলা (ঘ) পাতার পোষাক

১.৭ রাজশেখর বসুর ছদ্মনাম—
(ক) বনফুল (খ) শ্রীপান্থ (গ) পরশুরাম (ঘ) রূপদর্শী

১.৮ 'বাংলা বৈজ্ঞানিক প্রবন্ধাদিতে আর একটি দোষ' প্রসঙ্গে প্রাবন্ধিক কোন্ প্রবাদের উল্লেখ করেছেন ?
(ক) অরণ্যে রোদন (খ) অল্পবিদ্যা ভয়ংকরী (গ) হাতের পাঁচ (ঘ) হ-য-ব-র-ল

১.৯ যাদের জন্য বিজ্ঞান বিষয়ক বাংলা গ্রন্থ বা প্রবন্ধ লেখা হয় তাদের প্রথম শ্রেণিটি—
(ক) ইংরেজি ভাষার দক্ষ (খ) বাংলায় ভাষায় অল্পাধিক বিজ্ঞান পড়েছে। দক্ষ
(গ) ইংরেজি জানে না বা অতি অল্প জানে (ঘ) ইংরেজি জানে এবং ইংরেজি

১.১০ বিভক্তি—
(ক) সর্বদা শব্দের পূর্বে বসে (খ) সর্বদা শব্দের পরে যুক্ত হয়
(গ) শব্দের পরে আলাদাভাবে বসে (ঘ) শব্দের পূর্বে আলাদাভাবে বসে।

১.১১ 'তিরিশ বছর ভিজায়ে রেখেছি দুই নয়নের জলে।' —নিম্নরেখ পদটি—
(ক) অপাদান কারক (খ) কর্মকারক (গ) করণ কারক (ঘ) অধিকরণ কারক



[পরের পৃষ্ঠায় দেখো]

১.১২ কর্মধারয় সমাসে প্রাধান্য থাকে—

(ক) পূর্বপদের অর্থের　　(খ) পরপদের অর্থের

(গ) উভয়পদের　　(ঘ) ভিন্ন অর্থ সমস্তপদের

১.১৩ 'ইসাবের সঙ্গে কুস্তি লড়তে তো একেবারেই গররাজি।' নিম্নরেখ পদটি কোন্ সমাসের উদাহরণ?

(ক) অব্যয়ীভাব　(খ) নঙ্ তৎপুরুষ　(গ) বহুব্রীহি　(ঘ) কর্মধারয়

১.১৪ 'এইটুকু কাশির পরিশ্রমেই সে হাঁপাইতে লাগিল।'—বাক্যটি কোন্ শ্রেণির?

(ক) সরল বাক্য　(খ) জটিল বাক্য　(গ) যৌগিক বাক্য　(ঘ) মিশ্রবাক্য

১.১৫ যে বাক্যে সাধারণভাবে কোনো কিছুর বর্ণনা বা বিবৃতি থাকে, তাকে বলা হয়—

(ক) অনুজ্ঞাসূচক বাক্য　　(খ) নির্দেশক বাক্য

(গ) আবেগসূচক বাক্য　　(ঘ) প্রশ্নবোধক বাক্য

১.১৬ যে বাক্যে কর্মকর্তা রূপে প্রতীয়মান হয় তাকে বলে—

(ক) কর্মবাচ্য　(খ) কর্তৃবাচ্য　(গ) ভাববাচ্য　(ঘ) কর্মকর্তৃবাচ্য

১.১৭ 'পাঁচদিন নদীকে দেখা হয় নাই।'—এটি কোন্ বাচ্যের উদাহরণ?

(ক) কর্তৃবাচ্য　(খ) ভাববাচ্য　(গ) কর্মবাচ্য　(ঘ) কর্মকর্তৃবাচ্য

**২. কমবেশি ২০টি শব্দে নীচের প্রশ্নগুলির উত্তর দাও :** [১×১৯=১৯]

**২.১ যে-কোনো <u>চারটি</u> প্রশ্নের উত্তর দাও :** [১×৪=৪]

২.১.১ "বড়ো ভয় করিতে লাগিল নদের চাঁদের।"—নদের চাঁদের কেন ভয় করতে লাগল?

২.১.২ "অমৃত ফতোয়া জারি করে দিল,"—অমৃত কী 'ফতোয়া' জারি করেছিল?

২.১.৩ "বুড়োমানুষের কথাটা শুনো।"—বুড়ো মানুষের কোন্ কথা শুনতে বলা হয়েছে?

২.১.৪ "আপনি কী ভগবানের চেয়েও বড়ো ?"—বক্তা একথা কাকে বলেছিলেন?

২.১.৫ "আজ যেন তার জীবনের সবচেয়ে দুঃখের দিন।"—বক্তার কোন্ দিনটি সবচেয়ে দুঃখের ?

**২.২ যে-কোনো <u>চারটি</u> প্রশ্নের উত্তর দাও :** [১×৪=৪]

২.২.১ " সেই হোক তোমার সভ্যতার শেষ পুণ্যবাণী।"—'সভ্যতার শেষ পুণ্যবাণী' টি কী?

২.২.২ "আয় আরো বেঁধে বেঁধে থাকি"—কবিতাটির রচয়িতা কে ?

২.২.৩ "তারপর যুদ্ধ এল"—যুদ্ধ কেমনভাবে এল?

২.২.৪ "এবার মহানিশার শেষে"—কে আসবে ?

২.২.৫ "এ কলঙ্ক, পিতঃ, ঘুষিবে জগতে।"—বক্তা কোন্ কলঙ্কের কথা বলেছেন?

**২.৩ নীচের যে-কোনো <u>তিনটি</u> প্রশ্নের উত্তর দাও :** [১×৩=৩]

২.৩.১ "আমাদের আলংকারিকগণ শব্দের ত্রিবিধ কথা বলেছেন"—শব্দের 'ত্রিবিধ কথা' কী?

২.৩.২ "যাদের জন্য বিজ্ঞান বিষয়ক বাংলা গ্রন্থ বা প্রবন্ধ লেখা হয় তাদের মোটামুটি দুই শ্রেণিতে ভাগ করা যেতে পারে।"—শ্রেণি দুটি কী কী?

২.৩.৩ দু-জন সাহিত্যিকের নাম করো যাঁদের নেশা ছিল ফাউন্টেন পেন সংগ্রহ করা।

২.৩.৪ লেখক শ্রীপান্থ ছোটোবেলায় কীসে 'হোমটাস্ক' করতেন?

[পরের পৃষ্ঠায় দেখো]

২.৪ যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাও ঃ [১×৮=৮]

২.৪.১ 'কেশে গলা পরিষ্কার করে পাঠান বললেন নিম্নরেখ পদটির কারক ও বিভক্তি নির্ণয় করো।

২.৪.২ বাংলায় কী দেখে কারক নির্ণয় করা হয়?

২.৪.৩ প্রদত্ত ব্যাসবাক্যটিকে সমাসবদ্ধ করে তার শ্রেণি নির্ণয় করো ঃ শশ অঙ্কে যার।

২.৪.৪ 'সমাস' শব্দটির ব্যুৎপত্তি লেখো।

২.৪.৫ একটি অনুজ্ঞাসূচক বাক্যের উদাহরণ দাও।

২.৪.৬ 'যতদূর সাধ্য হয়, ততদূর পরিশ্রম করো।'—বাক্যটিকে সরল বাক্যে রূপান্তরিত করো।

২.৪.৭ 'আমরা পা দিয়ে ভাত খাই।'—বাক্য নির্মাণের কোন্ শর্ত এখানে লঙ্ঘন করা হয়েছে?

২.৪.৮ বাক্যে ব্যবহার করে একটি কর্তৃবাচ্যের উদাহরণ দাও।

২.৪.৯ 'বুড়োমানুষের কথাটা শুনো।'—কর্মবাচ্যে পরিণত করো।

২.৪.১০ 'বাচ্য' শব্দটির ব্যুৎপত্তি নির্ণয় করো।

৩. প্রসঙ্গ নির্দেশসহ কমবেশি ৬০টি শব্দে উত্তর দাও ঃ [৩+৩=৬]

৩.১ যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ [৩×১=৩]

৩.১.১ "ইচ্ছা করিলে আমি তোমাকে টানিয়া নীচে নামাইতে পারি।"—উক্তিটি কে, কার প্রতি, কখন করেছিল?

৩.১.২ "নদীর বিদ্রোহের কারণ সে বুঝিতে পারিয়াছে।"—কে বুঝতে পেরেছে? নদীর বিদ্রোহ বলতে সে কী বোঝাতে চেয়েছে? [১+২]

৩.২ যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ [৩×১=৩]

৩.২.১ "অতি মনোহর দেশ"—এই 'মনোহর দেশ'-এর সৌন্দর্যের পরিচয় দাও।

৩.২.২ "তোমায় নিয়ে বেড়াবে গান/নদীতে, দেশগাঁয়ে"—অস্ত্রধারীদের নিয়ে গানের নদীতে, দেশগাঁয়ে বেড়াতে যাওয়ার তাৎপর্য বুঝিয়ে দাও।

৪. কমবেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ [৫×১=৫]

৪.১ "তা ছাড়া আমার বড়ো লজ্জা এই যে..." অপূর্বের লজ্জার কারণটি কী ছিল? সেটি তার কাছে লজ্জার মনে হয়েছিল কেন ? [১+৪]

৪.২ "তপনের মনে হয় আজ যেন তার জীবনের সবচেয়ে দুঃখের দিন।"—কেন তপনের একথা মনে হয়েছিল? [১+৪]

৫. কমবেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ [৫×১=৫]

৫.১ "আমরা ভিখারি বারোমাস"—কোন্ পরিস্থিতিতে 'আমরা' বারোমাস ভিখারি। এই অবস্থায় কী দরকার বলে কবি মনে করেন ? [৩+২]

৫.২ 'কৃপা কর নিরঞ্জন' কে, কেন নিরঞ্জনের কৃপা প্রার্থনা করেছেন? কবিতা অবলম্বনে বক্তার চরিত্র আলোচনা করো। [২+৩]

[পরের পৃষ্ঠায় দেখো]

৬. **কমবে[redacted]৫০ শব্দে যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও ঃ** [৫×১=৫]

৬.১ "তাই [redacted] কাগজের মতো সাইজ করে নিয়ে আমরা তাতে ‘হোম-টাস্ক’ করতাম।" —কীসে[redacted]হোম-টাস্ক’ করা হত? ‘হোম-টাস্ক’ করার সম্পূর্ণ বিবরণ দাও। [১+৪]

৬.২ ‘বাংলা[redacted]ায় বিজ্ঞান’ রচনাটি অনুসরণে পরিভাষা প্রণয়নে বঙ্গীয় সাহিত্য পরিষদ ও কলিক[redacted]া বিশ্ববিদ্যালয়ের ভূমিকা আলোচনা করো। [৫]

৭. **কম-বে[redacted] ১২৫ শব্দে যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও ঃ** [৪×১=৪]

৭.১ "পলাশি[redacted]াক্ষসী পলাশি।"—বক্তা কে? পলাশির প্রান্তরকে তিনি ‘রাক্ষসী’ বলেছেন কেন? [১+৩]

৭.২ ‘সিরাজ[redacted]লা’ নাটক অবলম্বনে ঘসেটি বেগম চরিত্রটি আলোচনা করো। [৪]

৮. **কমবে[redacted]৫০ শব্দে যে-কোনো <u>দুটি</u> প্রশ্নের উত্তর দাওঃ** [৫×২=১০]

৮.১ ‘ফাইট [redacted]নি, ফাইট’। এই উক্তিটি কোনির লড়াকু মানসিকতাকে কতখানি প্রভাবিত করেছিল[redacted]কোনি’ উপন্যাস অবলম্বনে লেখো। [৫]

৮.২ "ক্ষিদ্দা,[redacted]বার আমরা কী খাব?" বক্তা কে? উদ্দিষ্ট ব্যক্তি কীভাবে তাদের সাহায্য করেছেন[redacted] [১+৪]

৮.৩ "আমার[redacted]বুদ্ধে চার্জগুলো স্পষ্ট করে চিঠিতে বলা নেই।" কোন্ প্রসঙ্গে, কে এই মন্তব্য[redacted]ছেন? তাঁর বিরুদ্ধে কী অভিযোগ ছিল? [২+৩]

৯. **চলিত [redacted]লায় অনুবাদ করো ঃ** [৪]

We sh[redacted]ld try to prosper in life. But we should not give up our sense[redacted]morality. If we compromise with dishonesty, it will be diffic[redacted] for us to respect ourselves. So it is important to choose the rig[redacted] way.

১০. **কমবে[redacted]৫০ শব্দে যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও ঃ** [৫×১=৫]

১০.১ ‘অপারে[redacted] সিঁদুর’ নিয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো।

১০.২ "পথ নি[redacted]ত্তা সপ্তাহে পথ দেখালো হুগলির একটি সরকারি বিদ্যালয়ের ছাত্ররা"— এই বিষ[redacted]একটি সংবাদপত্রের উপযোগী প্রতিবেদন রচনা করো।

১১. **কমবে[redacted]০০ শব্দের যে-কোনো <u>একটি</u> বিষয়ে প্রবন্ধ রচনা করো ঃ** [১০]

১১.১ স্কুল ইউ[redacted]র্ম।

১১.২ তোমার[redacted]বনের লক্ষ্য।

১১.৩ যুদ্ধ নয়,[redacted]ন্তি চাই।

১১.৪ প্রতিযো[redacted]তার সুফল ও কুফল।

—***—

# হুগলী কলেজিয়েট স্কুল
## নির্বাচনী পরীক্ষা - ২০২৫
### শ্রেণী - দশম

সময় ঃ ৩ ঘণ্টা | বিষয় - বাংলা | পূর্ণমান ঃ ৯০

১। সঠিক উত্তরটি নির্বাচন করো ঃ [১×১৭ = ১৭]

১.১ 'নদের চাঁদকে পিষিয়া দিয়া চলিয়া গেল।' কোন ট্রেন ?
(ক) ৫ নং ডাউন প্যাসেঞ্জার (খ) ৬ নং ডাউন প্যাসেঞ্জার
(গ) ৭ নং ডাউন প্যাসেঞ্জার (ঘ) ৮ নং ডাউন প্যাসেঞ্জার।

১.২ আভিধানিক অর্থ প্রকাশ করে —
(ক) অভিধা (খ) লক্ষণা (গ) ব্যঞ্জনা (ঘ) কোনোটিই নয়।

১.৩ 'তবে এ বস্তুটি পকেটে কেন ?' বস্তুটি হল—
(ক) ফুটরুল (খ) গাঁজার কলকে
(গ) লোহার কম্পাস (ঘ) গণ্ডা ছয়েক পয়সা।

১.৪ 'কাঞ্চন-কঞ্চুক-বিভা' কঞ্চুক শব্দের অর্থ হল—
(ক) সোনা (খ) আলো (গ) অস্ত্র (ঘ) বর্ম

১.৫ 'প্রাচী ধরিত্রীর বুকের থেকে / ছিনিয়ে নিয়ে গেল তোমাকে' — কে ছিনিয়ে নিয়ে গেল ? —
(ক) রুদ্র সমুদ্রের বাহু (খ) বিদ্রুপের ছদ্মবেশ
(গ) দুর্গমের রহস্য (ঘ) আফ্রিকা

১.৬ 'উল্টে পড়ল মন্দির থেকে টুকরো টুকরো হয়ে।' কে উল্টে পড়লো ? —
(ক) শান্ত হলুদ দেবতারা (খ) ঝুলন্ত বিছানা
(গ) প্রাচীন জলতরঙ্গ (ঘ) পাথরের মূর্তির মাথা

১.৭ আদিতে ফাউন্টেন পেনের নাম ছিল—
(ক) বল পেন (খ) স্টাইলাস
(গ) রিজার্ভার পেন (ঘ) কুইল

১.৮ দোয়াত সংগ্রহে সোনার দোয়াত ছিল —
(ক) রবি ঠাকুরের (খ) সুভো ঠাকুরের
(গ) সত্যজিৎ রায়ের (ঘ) ত্রৈলক্যনাথ মুখোপাধ্যায়ের

১.৯ চকের বাসস্ট্যান্ডে হরিদা সেজেছিলেন—
(ক) বাইজি (খ) বাউল
(গ) পাগল (ঘ) কাপালিক

১.১০ সুকান্তবাবু অঙ্কে পণ্ডিত। নিম্নরেখ পদটি কোন কারক? —
(ক) অপাদান (খ) অধিকরণ (গ) নিমিত্ত (ঘ) কর্ম

১.১১ একটি নিত্য সমাসের উদাহরণ হল—
(ক) গ্রামান্তর (খ) গণ্যমান্য (গ) চালভাজা (ঘ) গোলাপ জল

১.১২ যাকে দিয়ে কাজ করানো হয় সেটা কী ধরনের কর্তা?
(ক) প্রযোজক (খ) নিরপেক্ষ (গ) সমধাতুজ (ঘ) প্রযোজ্য

১.১৩ পূর্বপদ প্রাধান্য পায় কোন সমাসে?
(ক) অব্যয়ীভাব (খ) দ্বন্দ্ব (গ) বহুব্রীহি (ঘ) কর্মধারয়

১.১৪ উপমান ও সাধারণধর্মে সমাস হয়েছে—
(ক) পুরুষ সিংহ (খ) কুসুমকোমল (গ) শোকানল (ঘ) সিংহাসন

১.১৫ 'সূর্য উঠলে ফুল ফোটে।' সূর্য হল —
(ক) সমধাতুজ কর্তা (খ) নিরপেক্ষ কর্তা
(গ) প্রযোজক কর্তা (ঘ) কোনোটিই নয়।

১.১৬ 'মহাশয়ের কী করা হয়?' কোন বাচ্য?
(ক) কর্তৃবাচ্য (খ) কর্মবাচ্য (গ) ভাববাচ্য (ঘ) কর্মকর্তৃবাচ্য

১.১৭ 'তাকে টিকিট কাটতে হয়নি।' বাক্যটির কর্তৃবাচ্যের রূপ হল—
(ক) তার টিকিট কেনা হয়নি (খ) তিনি টিকিট কেনেননি
(গ) তার দ্বারা টিকিট ক্রীত হয়নি (ঘ) তিনি বিনা টিকিটে চলেছেন

**২। কমবেশি ২০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও ঃ** [১×১৯ = ১৯]

**২.১ যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ** [১×৪ = ৪]

২.১.১ 'নতুন নতুন অমন হয়—' কী হয়?
২.১.২ 'চমকে উঠলেন জগদীশবাবু' — চমকে উঠলেন কেন?
২.১.৩ 'বাবাই একদিন এঁর চাকরি করে দিয়েছিলেন।' কার চাকরির কথা বলা হয়েছে?
২.১.৪ 'তুইও সেরকম মার খেতে রাজি আছিস?' কীরকম মার?
২.১.৫ 'আজও সে সেইখানে গিয়া বসিল' — কোনখানে বসলো?

**২.২ যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ** [১×৪ = ৪]

২.২.১ 'দাঁড়াও ওই মানহারা মানবীর দ্বারে' — কে দাঁড়াবে?
২.২.২ 'বিদায় এবে দেহ, বিধুমুখি।' — বিধুমুখির পরিচয় দাও।
২.২.৩ 'দেবতা বাঁধা যজ্ঞ-যূপে' — 'যূপ' কী?
২.২.৪ 'তাহাতে বিচিত্র টঙ্গি' — 'টঙ্গি' কথাটির অর্থ কী?
২.২.৫ 'গান বাঁধবে সহস্র উপায়ে' — কে গান বাঁধবে?

[পরের পৃষ্ঠায় দেখো]

২.৩ **নীচের যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও ঃ** [১×৩ = ৩]

২.৩.১ 'কলম তাদের কাছে আজ অস্পৃশ্য' — কাদের কাছে?

২.৩.২ 'কঙ্কাবতী' কার লেখা?

২.৩.৩ 'ছেলেবেলায় রাজশেখর বসু কার লেখা বাংলা জ্যামিতি পড়েছিলেন?

২.৩.৪ 'প্রথম শ্রেণির পাঠকদের বিজ্ঞানের সঙ্গে পূর্বপরিচয় নেই।' — প্রথম শ্রেণির পাঠক কারা?

২.৪ **যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাও ঃ** [১×৮ = ৮]

২.৪.১ সমধাতুজ কর্ম কাকে বলে?

২.৪.২ প্রযোজক কর্তার একটা উদাহরণ দাও।

২.৪.৩ 'খাঁটি গোরুর দুধ খেতে হবে।' — এটি বাক্য নয় কেন?

২.৪.৪ নদী, তুমি কোথা হইতে আসিয়াছ? 'নদী' কী পদ?

২.৪.৫ ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো ঃ 'দম্পতি'

২.৪.৬ উপমিত ও উপমান কর্মধারয়ের মধ্যে একটি পার্থক্য লেখো।

২.৪.৭ অলোপ সমাস কাকে বলে?

২.৪.৮ 'গল্পটা সবাই জানে।' — বাক্যটিকে ভাববাচ্যে রূপান্তর করো।

২.৪.৯ বিভক্তি ও অনুসর্গের একটি পার্থক্য লেখো।

২.৪.১০ মধ্যপদলোপী কর্মধারয় সমাসের একটি উদাহরণ দাও।

৩। **প্রসঙ্গ নির্দেশসহ কমবেশি ৬০টি শব্দে উত্তর দাও ঃ** [৩+৩ = ৬]

৩.১ **যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ** [৩×১ = ৩]

৩.১.১ 'হায়, বিধি বাম মম প্রতি।' — 'বিধি বাম' - অর্থ কী? কীভাবে বক্তা বুঝলেন যে বিধি বাম? [১+২ = ৩]

৩.১.২ 'এল মানুষ-ধরার দল।' — কাদের কথা বলা হয়েছে। তাদের 'মানুষ-ধরার দল' বলা হয়েছে কেন? [১+২ = ৩]

৩.২ **যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ** [১×৩ = ৩]

৩.২.১ 'পৃথিবীতে এমন অলৌকিক ঘটনাও ঘটে?' — অলৌকিক ঘটনা কাকে বলে? কোন ঘটনা সম্বন্ধে এমন মন্তব্য করা হয়েছে? [১+২ = ৩]

৩.২.২ 'বাবুজি, এসব কথা বলার দুঃখ আছে।' — 'বাবুজি' কে? কোন সব কথার কথা এখানে বলা হয়েছে? [১+২ = ৩]

৪। **কমবেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ** [১×৫ = ৫]

৪.১ 'জন্ম নিল ফাউন্টেন পেন' — কীভাবে জন্ম নিল? লেখকের প্রথম ফাউন্টেন পেন কেনার গল্প নিজের ভাষায় লেখো। [২+৩ = ৫]

৪.২ বাংলা ভাষায় বৈজ্ঞানিক নিবন্ধ লেখার অসুবিধাগুলি নিজের ভাষায় পাঠ্য প্রবন্ধানুসারে লেখো। [৫]

[পরের পৃষ্ঠায় দেখো]

৫। কমবেশি ১৫০ শব্দে যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও ঃ [১×৫ = ৫]

৫.১ "ধন জন যৌবন কিছুই নয় জগদীশবাবু' — বক্তা কে? তিনি নিজের জীবনে কীভাবে এই বক্তব্যটি সত্য করে তুলেছিলেন? [১+৪ = ৫]

৫.২ 'অস্ত্র ফ্যালো গানের দুটি পায়ে.....'আজকের পৃথিবীতে অস্ত্র ও গানের পারস্পরিক অবস্থান ব্যাখ্যা করে মন্তব্যটির সার্থকতা বিচার করো। [৫]

৬। কমবেশি ১৫০ শব্দে যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও ঃ [১×৫ = ৫]

৬.১ 'নদীর বিদ্রোহের কারণ সে বুঝিতে পারিয়াছে।' — প্রসঙ্গ উল্লেখ করো। নদীর বিদ্রোহের কারণ কী? [৩+২ = ৫]

৬.২ 'পঞ্চকন্যা পাইলা চেতন' — পঞ্চকন্যা কারা? তারা অচেতন হয়েছিল কেন? কীভাবে তারা চেতনা ফিরে পেল? [১+২+২]

৭। কমবেশি ১২৫ শব্দে যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও ঃ [১×৪ = ৪]

৭.১ 'Punish me, Your Excellincy, if you will' — বক্তা কে? তিনি কেন এমন বলেছেন? [১+৩]

৭.২ 'জাঁহাপনা! নীচের এই স্পর্ধা!' — বক্তা কে? স্পর্ধাটি কেমন? [১+৩]

৮। কমবেশি ১৫০ শব্দে যে-কোনো <u>দুটি</u> প্রশ্নের উত্তর দাও ঃ [২×৫ = ১০]

৮.১ 'কোনি' উপন্যাস অবলম্বনে লীলাবতী চরিত্রের পরিচয় দাও।

৮.২ কোনির পরিবার সম্পর্কে একটি সংক্ষিপ্ত টীকা লেখো।

৮.৩ 'ওইটেই তো আমি রে, যন্ত্রণাটাই তো আমি' — বক্তাকে? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। [১+৪]

৯। চলিত বাংলায় অনুবাদ করো ঃ [৪]

We have no other choice than to leave this land, which we have learnt to love. Allow me, your excellency to warn you that you are in a great danger. On our departure from this land, the smothered flam will burst forth and will destroy your kingdom.

১০। কমবেশি ১৫০ শব্দে যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও ঃ [১×৫ = ৫]

১০.১ বৃক্ষরোপণের উপযোগিতা বিষয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো।

১০.২ 'নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য উর্ধ্বমুখী' — এ বিষয়ে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি প্রতিবেদন রচনা করো।

১১। কমবেশি ৪০০ শব্দে যে-কোনো <u>একটি</u> বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো ঃ [১×১০ = ১০]

১১.১ অতিবর্ষণে বিপর্যস্ত জনজীবন

১১.২ এশিয়া কাপ ক্রিকেট ২০২৫

১১.৩ বইপড়া

১১.৪ বিজ্ঞান ও কুসংস্কার

—***—

# হাওড়া জিলা স্কুল

## তৃতীয় পর্যায়ক্রমিক মূল্যায়ন, ২০২৫

### শ্রেণি — দশম

### বিষয় — বাংলা

পূর্ণমান : ৯০ সময় : ৩ ঘণ্টা ১৫ মিনিট

---

১। সঠিক উত্তর নির্বাচন করো : ১ × ১৭ = ১৭

১.১ '...শুনছেন, হরিদা, কী কাণ্ড হয়েছে?' বক্তা হলেন—ভবতোষ/লেখক/কথক/অনাদি।

১.২ '....সুমুখের হলঘরে________বাঙালী মোটঘাট লইয়া বসিয়া আছে।' শূন্যস্থানের উপযুক্ত পদটি হল—জন ছয়েক/জন চারেক/জন সাতেক/জন তিনেক।

১.৩ 'এসো আমরা কুস্তি করি।' বক্তা হল—ইসাব/ছেলের দল/অমৃত/কালিয়া।

১.৪ 'আঁকড়ে ধরে সে'—ময়ূরের পালক/খড়কুটো/গনের বর্ম/নলখাগড়া।

১.৫ 'কৃপা কর' পদ্মা-কার কাছে কৃপা প্রার্থনা করেছেন—সমুদ্রের কাছে/নিরঞ্জনের কাছে/শিবের কাছে/ব্রহ্মার কাছে।

১.৬ 'হ্রেষার কাঁদন রণিয়ে ওঠে—নীল খিলানে/বজ্রগানে/ঝড়-তুফানে/বজ্রগানে ঝড় তুফানে।

১.৭ 'হিমালয়ান পৃথিবীর মানদণ্ড।' উক্তিটি—রবীন্দ্রনাথের/কালিদাসের/জীবনানন্দের/প্রেমেন্দ্র মিত্রের।

১.৮ 'বাংলা ভাষায় বিজ্ঞান' প্রবন্ধটি লেখকের যে গ্রন্থের অন্তর্ভুক্ত তা হল—অব্যক্ত/বিচিন্তা/কজ্জলী/সংকলন।

১.৯ শ্রীপান্থ যে ফাউন্টেন পেনটি কিনেছিলেন তার নাম—জাপানি পার্কার/জাপানি পাইলট/জাপানি সোয়ান/জাপানি সেফার্ড।

১.১০ 'আগামী কাল তীর্থে যাত্রা করব। এখানে কোন্ কারকের প্রয়োগ ঘটেছে—

কর্মকারক/নিমিত্ত কারক/অধিকরণ কারক/অপাদান কারক।

১.১১ ছেলেটি স্কুল পালাল। নিম্নরেখ পদটি কোন্ কারকের উদাহরণ—কর্তৃকারক/অধিকরণ কারক/করণকারক/অপাদান কারক।

১.১২ মেসি কী খেলাই না খেলল—কী জাতীয় কর্ম?

উহ্যকর্ম/সমধাতুজ কর্ম/কর্মের বীপ্সা/উপবাক্যীয় কর্ম।

১.১৩ অনুসর্গ হল এক প্রকার — বিশেষ্য পদ/বিশেষণ পদ/সর্বনাম পদ/ অব্যয় পদ।

১.১৪ স্বাধীন প্রয়োগ নেই — অনুসর্গের/বিভক্তির/পদের/শব্দের।

১.১৫ কলমের খোঁচায় তার চাকরি গেল। নিম্নরেখ পদটি — কর্মসম্বন্ধ/ করণসম্বন্ধ/নিমিত্ত সম্বন্ধ/অধিকরণ সম্বন্ধ।

১.১৬ উপপদ—কৃদন্ত পদের আগে বসে/কৃদন্ত পদের পরে বসে/তদ্ধিতান্ত পদের পরে বসে/তদ্ধিতান্ত পদের আগে বসে।

১.১৭ জটিল বাক্যে কমপক্ষে কটি সমাপিকা ক্রিয়া থাকে?

১টি / ২টি / ৩টি / ৪ টি।

২। কম-বেশি ২০টি শব্দের মধ্যে নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

১ × ১৯ = ১৯

২.১ যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১ × ৪ = ৪

২.১.১ 'তপন আর পড়তে পারে না।' কেন পড়তে পারে না?

২.১.২ 'এটা আমার প্রাণের অনুরোধ।'—বক্তার প্রাণের অনুরোধ কী?

২.১.৩ 'সে যে বর্মায় এসেছে এ খবর সত্য।'—সে বলতে কার কথা বলা হয়েছে?

২.১.৪ 'ইসাবের মনে পড়ল।'—ইসাবের কী মনে পড়ল?

২.১.৫ 'কিন্তু পারবে কি?'—কী পারার কথা বলা হয়েছে?

২.২ যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১ × ৪ = ৪

২.২.১ 'শিশু আর বাড়িরা খুন হল।' শিশু আর বাড়িরা কেন খুন হল?

২.২.২ 'আমাদের পথ নেই কোনো।'—একথা বলার কারণ কী?

২.২.৩ 'ছিনিয়ে নিয়ে গেল তোমাকে....।' কোথায় ছিনিয়ে নিয়ে গেল?

২.২.৪ 'অনিন্দিত কুমারে'—কুমারটি কে?

২.২.৫ 'আসছে এবার অনাগত'—কবি কাকে বুঝিয়েছেন?

২.৩ যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১ × ৩ = ৩

২.৩.১ 'লাঠি তোমার দিন ফুরাইয়াছে।' কথাটি কে বলেছিলেন?

২.৩.২ পোর্সেলিন কী?

২.৩.৩ 'তাঁদের নূতন করে শিখতে হচ্ছে।'—কাদের কথা বলা হয়েছে?

২.৩.৪ 'তারা বিধান দিয়েছেন।'—তারা বিধান দিয়েছেন?

২.৪ যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাও : ১ × ৮ = ৮

২.৪.১ আমার অপরাধ হয়েছে। কর্তৃবাচ্যে রূপান্তর করো।

২.৪.২ বাড়িয়ে দেখেছি। এটি কোন্ বাক্যের উদাহরণ?

২.৪.৩ 'চাকরি পেয়ে মুকুল অকূলে কূল পেল।' —এই বাক্যের উদ্দেশ্য কোনটি?

২.৪.৪ বাক্য নির্মাণের শর্ত— ৪টি/৩টি/২টি/৫টি।

২.৪.৫ আসক্তির আর এক নাম— যোগ্যতা/আসত্তি/অভিপ্রায়/নৈকট্য।

২.৪.৬ সাপেক্ষ পদ ব্যবহৃত হয় কোন্ বাক্যে?

২.৪.৭ জটিল বাক্য কেন জটিল বা জট?

২.৪.৮ জেলেরা মাছ ধরছে।—জটিল বাক্যে পরিণত করো।

২.৪.৯ 'কথাটি ছড়িয়ে পড়ল।'—না বাচক বাক্যে পরিণত করো।

২.৪.১০ 'চৌমাথা' দ্বিগু সমাস কিন্তু 'চতুরানন' বহুব্রীহি কেন?

৩। প্রসঙ্গ নির্দেশসহ কমবেশি ৬০টি শব্দে উত্তর দাও :

৩ × ২ = ৬

৩.১ যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৩ × ১ = ৩

৩.১.১ 'আশ্চর্য হয়েছি, একটু ভয়ও পেয়েছি।'—বক্তা কে? কাকে দেখে, কেন এই অনুভূতি হয়েছিল? ১ + ২

৩.১.২ 'আর খেয়ো না। বুড়ো মানুষের কথাটা শুনো।'—কে বলেছেন? এই কথা বলার কারণ কী? ১ + ২

৩.২ যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৩ × ১ = ৩

৩.২.১ 'শান্ত হলুদ দেবতারা।'—দেবতাদের শান্ত হলুদ বলা হয়েছে কেন? তাদের কী পরিণতি হয়েছিল? ১ + ২

৩.২.২ 'পঞ্চকন্যা পাইলা চেতন।'—পঞ্চকন্যা কারা? তারা কীভাবে চেতনা ফিরে পেল? ১ + ২

৪। কমবেশি ১৫০টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

৫ × ১ = ৫

৪.১ 'পথের দাবী' রচনায় গিরীশ মহাপাত্রের চরিত্রের আড়ালে যে যথার্থ মহাবিপ্লবী সব্যসাচী মল্লিক লুকিয়ে ছিল, তা কীকরে বোঝা যায়। (৫)

৪.২ 'তাতে যে আমার ঢং নষ্ট হয়ে যায়।' বহুরূপী গল্পের আলোকে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। (৫)

৫। কমবেশি ১৫০টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১ × ৫ = ৫

৫.১ 'সিন্ধুতীরে' কবিতাটির নামকরণের সার্থকতা বিচার করো। (৫)

৫.২ 'অস্ত্রের বিরুদ্ধে গান' কবিতায় গানের ভূমিকা কীভাবে আলোচিত হয়েছে তা ব্যাখ্যা করো। (৫)

৬। কমবেশি ১৫০টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

৫ × ১ = ৫

৬.১ 'আশ্চর্য, সবাই আজ বিলুপ্তির পথে।'-'সবাই'-এর পরিচয় দাও। উল্লিখিত বিষয়টি কীভাবে আজ বিলুপ্তির পথে আলোচনা করো।

৩ + ২

৬.২ 'অল্পবিদ্যা ভয়ংকরী—এই প্রবাদটি যে কতটা ঠিক তার প্রমাণ আমাদের সাময়িক পত্রাদিতে মাঝে মাঝে পাওয়া যায়।'—কীভাবে প্রমাণ পাওয়া যায়? এর স্বপক্ষে যুক্তি দাও। ২ + ৩

৭। কমবেশি ১২৫টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।

৪ × ১ = ৪

৭.১ 'মায়ের মতো সম্মান দিয়ে মায়ের বোনকে মায়ের পাশেই বসিয়ে রাখতে চেয়েছিলেন।'—এখানে কাকে মায়ের মতো বলা হয়েছে? বক্তার এই আক্ষেপের কারণ কী? ২ + ২

৭.২ 'আপনি আমার পরম আত্মীয়।'—বক্তা কে? কাকে তিনি 'পরম আত্মীয়' বলে মনে করেছিলেন? পরম আত্মীয়ের চরিত্র বৈশিষ্ট্য আলোচনা করো। ১ + ১ + ২

৮। কমবেশি ১৫০টি শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

৫ × ২ = ১০

৮.১ '... আপনি নিজে শরীরটাকে চাঙ্গা বানাতে পারবেন না।'—কে, কাকে একথা বলেছে? এ কথার পরিপ্রেক্ষিতে বক্তা কী প্রমাণ দেখান? ২ + ৩

৮.২ ক্ষিতীশ মজিলবাড়ীর নিমন্ত্রণে যায় না কেন? বাঙালীর খাদ্যাভ্যাস সম্পর্কে ক্ষিতীশের মনোভাব ব্যাখ্যা করো। ২ + ৩

৮.৩ 'মেডেল তুচ্ছ ব্যাপার, কিন্তু একটা দেশ বা জাতির কাছে মেডেলের দাম অনেক।'—কোন্ প্রসঙ্গে এই উক্তি? এর মমার্থ লেখো।

২ + ৩

৯। ভাষান্তরিত করো : ৪ × ১ = ৪

The teachers are regarded as the backbone of the socity. They build the future citizens of country. They love students as their children. The teachers always encourage and impire us to be good and great in life.

১০। কমবেশি ১৫০টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫ × ১ = ৫

১০.১ 'সেলফির নেশা সর্বনাশা।'—এই বিষয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো।

১০.২ আমাদের বিদ্যালয়ে আয়োজিত বিজ্ঞান প্রদর্শনী নিয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১১। কমবেশি ৪০০টি শব্দে যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো : ১ × ১০ = ১০

১১.১ খেলাধুলার প্রয়োজনীয়তা।

১১.২ তোমার প্রিয় মনীষী।

১১.৩ বইমেলা

১১.৪ ছাত্রজীবনের দায়িত্ব ও কর্তব্য।

# জলপাইগুড়ি জিলা স্কুল
## মাধ্যমিক টেষ্ট পরীক্ষা ২০২৫

বিষয় - বাংলা

পূর্ণমান- 90 সময় - ৩ ঘন্টা

**১) সঠিক উত্তরটি নির্বাচন করো :-** ১×১৭=১৭

১.১. ছোটো মাসি তপনের থেকে কত বছরের বড়?

ক) বছর পাঁচেক খ) বছর আষ্টেক গ) বছর দশেক ঘ) বছর বারোর

১.২. বর্মা পাচ দেখতে করায় গিয়েছিল -

ক) অপূর্ব খ) তেওয়ারি গ) রামদাস ঘ) গিরিশ মহাপাত্র

১.৩) নদের চাঁদ কত বছর স্টেশন মাস্টার ছিল?

ক) তিন বছর খ) চার বছর গ) দু বছর ঘ) সাত বছর

১.৪) কোনটি জয় গোস্বামীর লেখা কাব্য গ্রন্থ?

ক) বাবরের প্রার্থনা খ) অগ্নিবীণা গ) রূপসী বাংলা ঘ) পাতার পোষাক

১.৫) " ক্ষুরের দাপট তারায় লেগে উল্কা ছুটায় - "

ক) পাষাণ স্তুপে খ) নীল খিলানে গ) গগন তলে ঘ) ঝড় তুফানে।

১.৬) " সিন্ধু তীরে রহিছে মাঞ্জস " – এখানে ' মাঞ্জস ' শব্দটির অর্থ হল -

ক) নৌকা খ) জাহাজ গ) বজরা ঘ) ভেলা

১.৭) প্রাবন্ধিকের মতে, কলম আজ কাদের কাছে অস্পৃশ্য?

ক) পকেটমার খ) দোকানদার গ) ছিঁচকে চোর ঘ) স্কুলের ছেলে মেয়ে।

১.৮) ' পপুলার সায়েন্স ' কোথায় লেখা সুসাধ্য?

ক) এশিয়া ও ইউরোপে খ) আফ্রিকা ও আমেরিকায়

গ) ইউরোপ ও আমেরিকায় ঘ) অস্ট্রেলিয়া ও আমেরিকায়।

১.৯) " যে লোক আজন্ম ইজার পরেছে .... " – ' ইজার ' শব্দের অর্থ হল –

ক) ধুতি খ) লুঙ্গি গ) প্যান্ট ঘ) পাজামা

১.১০ " আপনি একটা মিনিট থাকুন বিরাগীজি । " নিম্নরেখ পদটি –

ক) সম্মন্ধ পদ খ) কর্ম কারক গ) সম্বোধন পদ ঘ) কর্তৃ কারক

১.১১) কর্তা নিজে কাজ করে, অন্য কে দিয়ে করিয়ে নিলে , তাকে বলে –

ক) প্রযোজ্য কর্তা খ) প্রযোজক কর্তা গ) নিরপেক্ষ কর্তা ঘ) ব্যতিহার কর্তা

১.১২) পূর্ব পদ সংখ্যা বাচক বিশেষণ হয় যে সমাসে -

ক) অব্যয়ীভাব সমাস খ) দ্বিগু সমাস গ) তৎপুরুষ সমাস ঘ) নিত্য সমাস

১.১৩) " বৃষ্টিতে ধুয়ে দিল আমার পায়ের দাগ "-- গঠনগত দিক দিয়ে বাক্যটি -

ক) মিশ্র বাক্য খ) জটিল বাক্য গ) সরল বাক্য ঘ) যৌগিক বাক্য

১.১৪) একই ধাতু থেকে নিষ্পন্ন ক্রিয়ার কর্তাকে বলে –

ক) ব্যতিহার কর্তা খ) নিরপেক্ষ কর্তা গ) সমধাতুজ কর্তা ঘ) প্রযোজক কর্তা

১.১৫) ' অন্নদান ' সমাসটি গড়ে উঠেছে –

ক) সাদৃশ্য অর্থে খ) সহযোগী অর্থে গ) সামীপ্য অর্থে ঘ) পশ্চাৎ অর্থে

১.১৬) ' প্রতিকূল ' শব্দটি কোন সমাসের উদাহরণ –

ক) দ্বন্দ্ব সমাস খ) দ্বিগু সমাস গ) কর্মধারয় সমাস ঘ) অব্যয়ী ভাবসমাস

১.১৭) ' উপপদ ' - শব্দটির অর্থ হল –

ক) সমার্থক পদ খ) সমপদ গ) সমীপবর্তী পদ ঘ) সংখ্যা বাচক পদ।

**২) কমবেশি ২০ টি শব্দের মধ্যে উত্তর লেখো ।** ১×১৯=১৯

**যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও** ১×৪=৪

২.১.১' মানুষ কি তাকে রেহাই দিবে। ' - কাকে কেন মানুষ রেহাই দিবে না

২.১.২ পরম সুখ বলতে বিরাগী কী বুঝিয়েছেন?

২.১.৩ " এ বিষয়ে সন্দেহ ছিল তপনের । " কোন বিষয়ের কথা বলা হয়েছে?

২.১.৪ " ইহা যে কত বড়ো ভ্রম তাহা স্টেশন পরেই সে অনুভব করিল। " ভ্রমটি কী?

২.১.৫ " ওরা ভয়ে কাঠ হয়ে গেল। " কারা কী কারণে ভয়ে কাঠ হয়ে গেল?

**২.২ যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও ।** ১×৪=৪

২.২.১ " অভিষেক করিলা কুমারে "। কী ভাবে অভিষেক করলেন?

২.২.২ " সেই মেয়েটির মৃত্যু হল না " মেয়েটি কে?

২.২.৩) " হায় ছায়াবৃতা " , আফ্রিকাকে " ছায়াবৃতা " বলা হয়েছে কেন?

২.২.৪ " প্রলয় বয়েও আসছে হেসে " - প্রলয় বহন করেও হাসির কারণ কী?

২.২.৫ " তাহাতে বিচিত্র টঙ্গি" - 'টঙ্গি' শব্দের অর্থ কী?

২.৩ ) যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও - ১×৩=৩

২.৩.১ " দার্শনিক তাকেই বলি "– লেখক কাকে দার্শনিক বলেন?

২.৩.২ " ক অক্ষর গো মাংস " - প্রবাদটির অর্থ কী?

২.৩.৩ সত্যজিৎ রায়ের সুস্থ সুন্দর নেশার মধ্যে অন্যতম নেশাটি কী?

২.৩.৪ " এই দোষ থেকে মুক্ত না হলে ;" দোষটি কী?

২.৪) যেকোনো আটটি প্রশ্নের উত্তর দাও :- ১×৮=৮

২.৪.১ নির্দেশক বলতে কী বোঝ?

২.৪.২ কোন বাচ্যের রূপান্তর সম্ভব ?

২.৪.৩ একশেষ দ্বন্দ্বের একটি উদাহরন দাও।

২.৪.৪ ' এ কার লেখা ' ; - কর্তৃবাচ্যে রূপান্তর করো।

২.৪.৫ ধ্বংস দেখে ভয় কেন তোর? নির্দেশক বাক্যে রূপান্তর করো।

২.৪.৬ বিভক্তি ও নির্দেশকের মধ্যে একটি পার্থক্য লেখো।

২.৪.৭ কলমে কায়স্থ চিনি , <u>গোঁফেতে</u> রাজপুত । বাক্যের নিম্নরেখ পদটি কী কারক?

২.৪.৮ ' শোকানল ' শব্দটির ব্যাস বাক্য সহ সমাসের নাম লেখ।

২.৪.৯ যোগ্যতাহীন বাক্যের একটি উদাহরন দাও।

২.৪.১০ সকল মা - ই আপন সন্তানকে ভালোবাসেন। নঞর্থক বাক্যে পরিণত করো।

**৩) প্রসঙ্গ নির্দেশ সহ কমবেশি ষাটটি শব্দে উত্তর দাও । ৩+৩ = ০৬**

৩.১ একটি প্রশ্নের উত্তর দাও - ৩×১=৩

৩.১.১) " নদীর বিদ্রোহের কারণ সে বুঝিতে পারিয়াছে " – সেকে ? নদীর বিদ্রোহের কারণ সে কী ভাবে বুঝতে পেরেছিল ? ১+২

৩.১.২ " আপনি কি ভগবানের চেয়েও বড়ো ?" একথা বলার কারণ কী?

৩.২ একটি প্রশ্নের উত্তর দাও ৩×১=৩

৩.২.১ " ঘুচাব এ অপবাদ , বধি রিপুকুলে । " বক্তা কে? কোন অপবাদের কথা তিনি বলেছেন? ১+২

৩.২.২ " সমুদ্রপারে সেই মুহূর্তে - " সমুদ্রপারে বলতে কোথায় বোঝানো হয়েছে ? সেই মুহূর্তে কী ঘটেছিল ? ১+

৪.) কমবেশি ১৫০ টি শব্দে একটি প্রশ্নের উত্তর দাও : ৫×১=৫

৪.১ ) " আজ যেন তার জীবনের সবচেয়ে দুঃখের দিন। " তার বলতে কাকে বোঝানো হয়েছে?

৪.১ ) " আজ যেন তার জীবনের সবচেয়ে দুঃখের দিন। " তার বলতে কাকে বোঝানো হয়েছে? আজ বলতে কোনদিনটির কথা বলা হয়েছে? কী কারণে বক্তার কাছে দুঃখের দিন?

৪.২) " ও আমাকে শিখিয়েছে , খাঁটি জিনিস কাকে বলে।" খাঁটি জিনিস বলতে কী বোঝানো হয়েছে? কাকে কী ভাবে শেখানো হয়েছে ? ১+৪

**৫) কমবেশি ১৫০ শব্দে একটি প্রশ্নের উত্তর দাও :-** ৫×১ = ৫

৫.১ " চিরচিহ্ন দিয়ে গেল তোমার অপমানিত ইতিহাসে ।" তোমার বলতে কার কথা বলা হয়েছে? তার অপমানিত ইতিহাসে সংক্ষিপ্ত পরিচয় দাও । ১+৪

৫.২ " তোমায় নিয়ে বেড়াবে গান নদীতে , দেশ গাঁয়ে।" তোমায় বলতে কাকে বোঝানো হয়েছে ? গান কিভাবে নদীতে ' দেশ গাঁয়ে ' নিয়ে বেড়াবে? ১+৪

**৬) কম বেশী ১৫০ শব্দে একটি প্রশ্নের উত্তর দাও।** ৫×১=৫

৬.১ মুঘল দরবারে একদিন তাদের কতনা খাতির ,কত না সম্মান ।" তাঁদের বলতে কাদের কথা বলা হয়েছে? তাঁদের খাতির ও সম্মানের পরিচয় দাও।

৬.২ আমাদের আলংকারিকগণ শব্দের ত্রিবিধ কথা বলেছেন " – শব্দের ত্রিবিধ কথা গুলি আলোচনা করো।

৭) কমবেশী ১২৫ শব্দে একটি প্রশ্নের উত্তর দাও: ৪×১=৪

৭.১ " এইবার হয়তো শেষ যুদ্ধ" কোন যুদ্ধের কথা বলা হয়েছে? বক্তা তাকে শেষ যুদ্ধ বলেছেন কেন? ১+৬

৭.২ " জানিনা, আজ কার রক্ত সে চায়। পলাশি, রাক্ষসী পলাশী।" বক্তাকে? উক্তিটির আলোকে বক্তার চরিত্র বিশ্লেষণ করো। ১+৩

**৮) কমবেশি ১৫০ শব্দে একটি প্রশ্নের উত্তর দাও ।** ৫×২=১০

৮.১) ওইটেই তো আমিরে, যন্ত্রণাটাই তো আমি।" বক্তা কে? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৪

৮.২) অবশেষে কোনি বাংলা সাঁতার দলে জায়গা পেল" কোনি কী ভাবে বাংলা সাঁতার দলে জায়গা পেল তা সংক্ষেপে লেখো।

৮.৩) 'কোনি' উপন্যাসের কাহিনী অবলম্বনে স্বামীর যোগ্য সহধর্মিনী রূপে লীলাবতীর পরিচয় দাও।

৯) This is our Bengal, Our native Country. How beautiful, how lovely the country is ! The blue sky is over it. In that sky the sun shines at dawn, stars twinkle in the evening and sometimes the moon smiles.

১০) কমবেশি ১৫০ শব্দে একটি প্রশ্নের উত্তর দাও । ১×৫=৫

১০.১ " পারিবারিক প্রত্যাশা শিক্ষার্থীদের উপর মানসিক চাপ সৃষ্টি করে " এ বিষয়ে শিক্ষক ও অভিভাবকের এক কাল্পনিক সংলাপ রচনা করো।

১০.২ সম্প্রতি বিদ্যালয়ে যে কুইজ প্রতিযোগিতা হয়েছিল , সে বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১১) কমবেশি ৪০০ শব্দে একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো। ১০×১=১০

১১.১ বিজ্ঞান ও মানব সভ্যতা

১১.২ বাংলার উৎসব

১১.৩ তোমার প্রিয় সাহিত্যিক

১১.৪ চরিত্র গঠনে খেলাধুলার উপযোগিতা।

# Jenkins School

Test Examination - 2025

Class - X

Time : 3.15 hrs

Sub - Bengali

F.M - 90

১. সঠিক উত্তরটি নির্বাচন করো ঃ- ১৭×১=১৭

১.১) "কীরে তোর যে দেখি পায়াভারী হয়ে গেল" — 'পায়াভারী' শব্দের অর্থ —

ক) পা ফুলে যাওয়া খ) গম্ভীর হয়ে যাওয়া

গ) অহংকারী হয়ে যাওয়া ঘ) কোনটা নয়।

১.২) 'হ্যাট – কোট – প্যান্টুলুন' পরে হরিদা সেজেছিলেন —

ক) উন্মাদ পাগল খ) বুড়ো কাবুলিওয়ালা গ) তিরিঙ্গি কেরামিন সাহেব

ঘ) পুলিশ।

১.৩) ট্রেনে পুলিশ কতবার অপূর্বের ঘুম ভাঙিয়েছিল?

ক) একবার খ) দুইবার গ) তিনবার ঘ) চারবার।

১.৪) 'অসুখী একজন' কবিতায় উল্লিখিত 'বীভৎস মাথা' ছিল —

ক) মৃত শিশুর খ) মৃত মেয়েটির গ) ধ্যান মগ্ন দেবতাদের

ঘ) মৃত পাথরের মূর্তির।

১.৫) "আপনাকে উগ্র করে" — নিজেকে উগ্র করেছিল —

ক) স্রষ্টা খ) দয়াময় দেবতা গ) যুগান্তরের কবি ঘ) আফ্রিকা।

১.৬) 'অস্ত্রের বিরুদ্ধে গান' কবিতায় 'গান' শব্দটি কতবার আছে?

ক) ১০ বার খ) ৭ বার গ) ৮ বার ঘ) ৯ বার।

১.৭) উনিশ শতকে বত্রিশ হাজার অক্ষর লেখানো যেত —

ক) পনেরো আনায় খ) বারো আনায় গ) ষোলো আনায় ঘ) দশ আনায়।

১.৮) "কলম তাদের কাছে আজ অস্পৃশ্য।" — কাদের কথা বলা হয়েছে?

ক) পকেট মার খ) লেখক গ) চিত্রকর ঘ) দোকানদার।

১.৯) 'বৈজ্ঞানিক সাহিত্যে যা কম থাকলে ভালো' —

ক) জটিল শব্দ খ) অলংকার গ) ইংরেজি শব্দ ঘ) পরিভাষা।

১.১০) ধাতু ও শব্দকে বাক্যে ব্যবহার যোগ্য করে তোলে —

ক) সমাস খ) প্রত্যয় গ) উপসর্গ ঘ) বিভক্তি।

১.১১) "ছেলেটি ক্রিকেট খেলে" – রেখাঙ্কিত পদটি —

ক) কর্মকারক খ) করণ কারক গ) কর্তৃ কারক ঘ) কোনটিই নয়।

১.১২) উপপাদের সঙ্গে কৃদন্ত পদের যে সমাস হয় তাকে বলে —

ক) উপপদ কর্মধারয় খ) উপপদ বহুব্রীহি গ) উপপদ কর্মধারয়

ঘ) উপপদ তৎপুরুষ।

১.১৩) 'ছাগদুগ্ধ' পদটির ব্যাসবাক্য হবে —

ক) ছাগের দুগ্ধ খ) ছাগীয় দুগ্ধ গ) ছাগ ও দুগ্ধ ঘ) কোনটিই নয়।

১.১৪) কোন বাক্যে সমুচ্চয়ী অব্যয় ব্যবহৃত হয়?

ক) সরল বাক্যে খ) জটিল বাক্যে গ) যৌগিক বাক্যে ঘ) মিশ্র বাক্যে।

১.১৫) 'আজকের দিনটি বেশ কাটলো' — গঠনগত দিক থেকে বাক্যটি হল —

ক) সরল বাক্য খ) জটিল বাক্য গ) যৌগিক বাক্য ঘ) মিশ্র বাক্য।

১.১৬) যে বাচ্যে ক্রিয়াপদ কর্মের অনুগামী হয়, তা হল —

ক) কর্তৃ বাচ্য খ) কর্মবাচ্য গ) ভাব বাচ্য ঘ) কর্ম কর্তৃ বাচ্য।

১.১৭) "তোরা সব জয়ধ্বনি কর। এটি কোন বাচ্যের উদাহরণ?

ক) কর্তৃ বাচ্য খ) কর্মবাচ্য গ) ভাব বাচ্য ঘ) কর্ম কর্তৃ বাচ্য।

২. কমবেশি ২০ টি শব্দে নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ- ১৯X১=১৯

২.১. যেকোন চারটি প্রশ্নের উত্তর দাও ঃ- ৪X১=১

২.১.১) "এইসব মালমশলা নিয়ে বসে" — কোন সব মালমশলার কথা বলা হয়েছে?

২.১.২) "আমাদের সন্দেহ মিথ্যে নয়" — সন্দেহটি কী?

২.১.৩) "বাবুজি, ম্যায়নে আপকো তো জরুর কাঁহা দেখা" কে কাকে একথা বলেছিল?

২.১.৪) "উনি আসল ঘটনাটি জানেন" — এখানে কোন ঘটনার কথা বলা হয়েছে?

২.১.৫) নদের চাঁদ কোথায় বসে রোজ নদীকে দেখত?

২.২. যেকোন চারটি প্রশ্নের উত্তর দাও ঃ- ৪X১=৪

২.২.১) "তারা আর স্বপ্ন দেখাতে পারলো না।" – কারা স্বপ্ন দেখাতে পারলো না?

২.২.২) "তোমার অপমানিত ইতিহাসে" – ইতিহাস কীভাবে অপমানিত হয়েছিল?

২.২.৩) পদ্মা কোন পদ্ধতিতে পঞ্চকন্যার চিকিৎসা করেছিলেন?

২.২.৪) "তোমায় নিয়ে বেড়াবে গান" — গান কোথায় কোথায় বেড়াবে?

২.২.৫) "এই তো রে তার আসার সময়" — কার আসার সময়ের কথা বলা হয়েছে?

২.৩. যেকোন তিনটি প্রশ্নের উত্তর দাও ঃ- ৩X১=৩

২.৩.১) "বুড়ো – বুড়িরা আশীর্বাদ করতেন" – বুড়ো – বুড়িরা কী বলে আশীর্বাদ করতেন?

২.৩.২) "এক সময় বলা হত" — কী বলা হত?

২.৩.৩) "বাংলা ভাষায় বিজ্ঞান" প্রবন্ধের প্রাবন্ধিকের মত অনুযায়ী প্রথম শ্রেণীর পাঠক কারা?

২.৩.৪) "এতে রচনা উৎকট হয়" – রচনা উৎকট হয় কিসে?

২.৪. যেকোন আটটি প্রশ্নের উত্তর দাও ঃ- ৮X১=৮

২.৪.১) বিভক্তি ও নির্দেশকের একটি পার্থক্য লেখো।

২.৪.২) 'ভক্তেরে দিলেন সব ভগবান।' — চিহ্নিত অংশটির কারক বিভক্তি নির্ণয় করো।

২.৪.৩) কোন সমাসকে ব্যাসবাক্যহীন সমাস বলা হয়?

২.৪.৪) 'চিরসুন্দর' – পদটির ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো।

২.৪.৫) একটি উদ্দেশ্য সম্প্রসারকের উদাহরণ দাও।

২.৪.৬) "ওই বুঝি বাঁশি বাজে।" — এটি কী জাতীয় বাক্য অর্থগত দিক থেকে।

২.৪.৭) কর্মকর্তৃবাচ্য কাকে বলে?

২.৪.৮) "সেই মেয়েটির মৃত্যু হল না।" — কর্তৃবাচ্যে রূপান্তর করো।

২.৪.৯) "নদীর বিদ্রোহের কারণ সে বুঝিতে পারিয়াছে" — জটিল বাক্যে পরিবর্তন করো।

২.৪.১০) উপমিত এবং উপমান কর্মধারয় সমাসের একটি পার্থক্য লেখো।

৩. প্রসঙ্গ নির্দেশসহ কমবেশি ৬০ টি শব্দে উত্তর দাও ঃ-

৩.১) যেকোন একটি প্রশ্নের উত্তর দাও ঃ- ৩+৩=৬

৩.১.১) "এ বিষয়ে সন্দেহ ছিল তপনের" — সন্দেহের বিষয়টি কী? কীভাবে তপনের সন্দেহ দূর হয়েছিল? ১×৩=৩

৩.১.২) "আপনি একথা কেন বলছেন মহারাজ" — বক্তা কে? মহারাজ তাকে কোন কথা বলেছিলেন? কেন বলেছিলেন? ১+২

৩.২. যেকোন একটি প্রশ্নের উত্তর দাও ঃ- ১+১+১

৩.২.১) 'এতেক কহিয়া রাজা' — রাজা কী বললেন? তারপর তিনি কী করেছিলেন? ১×৩=৩

৩.২.২) "বধূরা প্রদীপ তুলে ধর" — বধূদের কেন প্রদীপ তুলে ধরতে বলা হয়েছে? ২+১

৪. কমবেশি ১৫০ শব্দে যেকোন একটি প্রশ্নের উত্তর দাও ঃ- ৫

৪.১) "গল্প ছাপা হলে যে ভয়ানক আহ্লাদটা হওয়ার কথা, সে আহ্লাদটা খুঁজে পায় না।" – কার গল্প, কোথায় ছাপা হয়েছিল? কোন আহ্লাদদের কথা বলা হয়েছে? উদ্দিষ্ট ব্যক্তি কেন সেই আহ্লাদ খুঁজে পায়নি? ১+১+১+২

৪.২) "খুব চমৎকার পাগল সাজতে পেরেছে তো লোকটা" – লোকটা কে? তার পাগল সাজের বর্ণনা দাও। এই সাজ দর্শকদের মধ্যে কী প্রতিক্রিয়া সৃষ্টি করেছিল? ১+২+২

৫. কমবেশি ১৫০ শব্দে যে কোন একটি প্রশ্নের উত্তর দাও ঃ- ৫

৫.১) 'তারপর যুদ্ধ এল' — 'তারপর' বলতে কোন সময়ের কথা বলা হয়েছে? যুদ্ধের পরিণতি বা ভয়াবহতার পরিচয় দাও। ২+৩

৫.২) "অস্ত্র ফেলো, অস্ত্র রাখো পায়ে" — কবির কেন এই আহ্বান? এই আবদনের মধ্য দিয়ে যে যুদ্ধবিরোধী মানবতার প্রকাশ ঘটেছে তা আলোচনা করো। ১+৪

৬. কমবেশি ১৫০ শব্দে যেকোন একটি প্রশ্নের উত্তর দাও ঃ- ৫

৬.১) হারিয়ে যাওয়া কালি কলম প্রবন্ধে যেসব প্রবাদ এবং প্রবচন ব্যবহৃত হয়েছে তার প্রাসঙ্গিকতা আলোচনা করো।

৬.২) "বাংলা ভাষায় বিজ্ঞান চর্চায় এখনও নানা রকম বাধা আছে" — এই বাধা দূর করতে লেখক কী কী পরামর্শ দিয়েছেন তা আলোচনা করো।

৭. কমবেশি ১২৫ শব্দে যেকোন একটি প্রশ্নের উত্তর দাও ঃ- ৪

৭.১) "কিন্তু ভদ্রতার অযোগ্য তোমরা।" — কাকে উদ্দেশ্য করে এই মন্তব্য? এই রূপ মন্তব্যের কারণ কী? ১+৩

৭.২) "ওর নিঃশ্বাসে বিষ, দৃষ্টিতে আগুন, অঙ্গ সঞ্চালনে ভূমিকম্প" — উক্তির আলোকে ঘসেটি চরিত্রটি আলোচনা করো?

৮. কম-বেশি ১৫০ শব্দে যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও ঃ- ২×৫=১০

৮.১) "পরিশ্রম আর ইচ্ছাশক্তির জোরে এক সাধারণ মেয়ের অসাধারণ হয়ে ওঠার কাহিনি হল কোণি।" — গল্প অবলম্বনে আলোচনা করো।

৮.২) "ওর বিরুদ্ধে যা যা অভিযোগ উঠেছে, সেগুলো তাহলে বলুন।" — অভিযোগ গুলি কী কী? অভিযুক্ত ব্যক্তি কী জবাব দিয়েছিলেন? ৩+২

৮.৩) "এটা বুকের মধ্যে পুষে রাখুক" — কী পুষে রাখার কথা বলা হয়েছে? কী কারণে এই পুষে রাখা? ২+৩

৯. চলিত বাংলায় অনুবাদ করো ঃ- ৪

Words have a lot of power. They can help or hint, bless or curse. Unkind words do a lot of harm; Kind words do a lot of good.

১০. কমবেশি ১৫০ শব্দে যেকোন একটি প্রশ্নের উত্তর দাও ঃ- ৫

১০.১) কানে হেডফোন দিয়ে রাস্তা পার হতে দুর্ঘটনা — এ বিষয় নিয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১০.২) মাধ্যমিকের পর কী নিয়ে পড়বে — তা নিয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো।

১১. কমবেশি ৪০০ শব্দে যেকোন একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো ঃ- ১০

১১.১) বিজ্ঞান ও আধুনিক সভ্যতা।

১১.২) তোমার জীবনের লক্ষ্য।

১১.৩) পরিবেশ রক্ষায় ছাত্র ছাত্রীর ভূমিকা।

১১.৪) যুদ্ধ নয় শান্তি চাই।

# KRISHNAGAR COLLEGIATE SCHOOL

## Test Examination - 2025

## Class- X

### Sub.- Bengali

**Time- 3h.** **F.M.- 90**

১. সঠিক উত্তরটি নির্বাচন কর : ১x১৭=১৭

১.১ 'ও মরিয়া হয়ে বলল'– 'ও' হলো–

ক) কালিয়া খ) ইসাব গ) অমৃত ঘ) হাসান

১.২ 'গভীর ভাবে সংকল্প করে'–

ক) আর লিখবে না কখনো খ) মেসো নয়, মাসিকে লেখা জমা দেবে

গ) ডাকে লেখা পাঠাবে ঘ) নিজে গিয়ে লেখা জমা দেবে

১.৩ 'বড়ো মানুষের কাণ্ডের খবর'– 'বড় মানুষ' হলো–

ক) জগদীশবাবু খ) নিমাইবাবু গ) হরিদাস ঘ) সন্ন্যাসিকে

১.৪ 'উড়িছে কৌশিক ধ্বজ'– 'কৌশিক ধ্বজ' হলো–

ক) সাদা রং-এর পতাকা খ) চক্রচিহ্নিত পতাকা

গ) রেশম কাপড়ের পতাকা ঘ) সাধারণ পতাকা

১.৫ 'তাণ্ডবের দুন্দুভিনিনাদে'– 'দুন্দুভি' হলো–

ক) করতালি খ) ঢাক গ) ঢোলক ঘ) দামামা

১.৬ 'হীন আলাওল সুরচন'– কাব্যের মধ্যে কবির আত্মপরিচয়ের এই রীতিকে বলে–

ক) গৌরচন্দ্রিকা খ) উপসংহার গ) ভনিতা ঘ) উপস্থাপনা

১.৭ Sensitive Person শব্দের প্রতিশব্দ হলো–

ক) স্পর্শকাতর মানুষ খ) সুবেদী মানুষ গ) অভিমানী মানুষ ঘ) উত্তেজী মানুষ

১.৮ 'অল্পবিদ্যা ভয়ংকরী'– এটি একটি বাংলা–

ক) প্রবচন খ) প্রবাদ গ) অলংকার ঘ) ধাঁধা

১.৯ 'কুইল' হলো–

ক) পালকের কলম খ) ছাপার কালি গ) খাগের কলম ঘ) বল পেন

১.১০ 'যে বাচ্যে ক্রিয়াপদই প্রধান'– তাকে বলে–

ক) ভাববাচ্য খ) কর্মবাচ্য গ) কর্তৃবাচ্য ঘ) কোনোটিই নয়

১.১১ পাঁচদিন নদীকে দেখা হয় নাই'– নিম্নরেখ পদটি যে কারকের দৃষ্টান্ত-

ক) কর্তৃকারক খ) অধিকরণ কারক গ) করণ কারক ঘ) কর্মকারক

১.১২ 'আমরা' এই সমাস বদ্ধপদটি যে সমাসের দৃষ্টান্ত–

ক) নিত্যসমাস খ) একশেষ দ্বন্দ্ব গ) সমার্থক দ্বন্দ্ব ঘ) দ্বিগুসমাস

১.১৩ উপমেয় ও উপমান পদের মধ্যে অভেদ কল্পনা করে যে সমাসের বৈশিষ্ট্য-

ক) উপমান কর্মধারয় খ) উপমিত কর্মধারয়

গ) রূপক কর্মধারয় ঘ) নিত্য সমাস

১.১৪ 'রাজায় রাজায় যুদ্ধ হয়'– এই বাক্যের কর্তা হলো–

ক) প্রযোজ্যকর্তা খ) সহযোগীকর্তা গ) ব্যতিহার কর্তা ঘ) সমধাতুজ কর্তা

১.১৫ 'সে সারাদিন খুব পরিশ্রম করে গভীর রাতে ফিরল'– নিম্নরেখ অংশটি হলো–

ক) উদ্দেশ্য খ) বিধেয়

গ) উদ্দেশ্য সম্প্রসারক ঘ) বিধেয় সম্প্রসারক

১.১৬ 'বাঁশি বাজে'– এটি হলো–

ক) কর্মকর্তৃবাচ্য খ) ঘটক কর্তৃবাচ্য

গ) লুপ্ত ভাববাচ্য ঘ) অসম্পাদক কর্তৃবাচ্য

১.১৭ রূপের দিক থেকে বাক্য–

ক) ২ প্রকার খ) ৩ প্রকার গ) ৪ প্রকার ঘ) ৫ প্রকার

**২.কমবেশি ২০টি শব্দের মধ্যে উত্তর দাও : ১x১৯=১৯**

**২.১ নীচের যে কোনো ৪টি প্রশ্নের উত্তর দাও : ১x৪=৪**

২.১.১ 'আর কখনো শুনতে না হয়'– কাকে কী শুনতে না হয় ?

২.১.২ 'হতেই পারে না'- কী হতেই পারে না ?

২.১.৩ মা ওকে অনেক বুঝিয়েছিল- মা কাকে কী বুঝিয়েছিল ?

২.১.৪ হঠাৎ তাহার মনে হইয়াছে'– বক্তার কোন কথা মনে হয়েছে ?

২.১.৫ ভামো যাত্রায় অপূর্বর সঙ্গী কে ছিল ?

**২.২ নীচের যে কোনো ৪টি প্রশ্নের উত্তর দাও : ১x৪=৪**

২.২.১ 'ছড়ানো রয়েছে কাছে দূরে'– কী ছড়ানো রয়েছে ?

২.১.২ 'ছদ্মবেশী অম্বুরাশি সুতা' কেন ইন্দ্রজিতের কাছে এসেছিলেন ?

২.২.৩ 'সখীসবে আজ্ঞা দিল'– বক্তা তার সখীদের কী আজ্ঞা দিলেন ?

২.২.৪ 'প্রলয় বয়েও আসছে হেসে'– প্রলয় বহন করেও হাসির কারণ কি ?

২.২.৫ কবি ও অনুবাদক নবারুন ভট্টাচার্যের একটি কাব্যের নাম লেখ।

**২.৩ নীচের যে কোনো ৩টি প্রশ্নের উত্তর দাও : ১x৩=৩**

২.৩.১ মুঘল দরবারে একদিন তাদের কতনা খাতির– কাদের কথা বলা হয়েছে ?

২.৩.২ এমন একজনের নাম কর যিনি টাইপ-রাইটারে লিখতেন ?

২.৩.৩ 'তাদের নূতন করে শিখতে হচ্ছে'– কাদের কী শিখতে হচ্ছে ?

২.৩.৪ বৈজ্ঞানিক প্রবন্ধের ভাষা কেমন হওয়া উচিত ?

**২.৪ নীচের যে কোনো ৮টি প্রশ্নের উত্তর দাও : ১x৮=৮**

২.৪.১ সহযোগী কর্তা কাকে বলে ? উদাহরণ দাও।

২.৪.২ কারক ও বিভক্তি নির্ণয় কর : চিঠিটি পকেটেই ছিল।

২.৪.৩ 'আমি গ্রামের ছেলে'– উদ্দেশ্য ও বিধেয় অংশ চিহ্নিত কর।

২.৪.৪ 'নির্মেঘ আকাশেও বৃষ্টি হচ্ছে'– যৌগিক বাক্যে পরিবর্তন কর।

২.৪.৫ একটি অনুজ্ঞাসূচক বাক্যের উদাহরণ দাও।

২.৪.৬ বাংলায় কী দেখে কারক নির্ণয় করা হয় ?

২.৪.৭ 'আমরা পা দিয়ে ভাত খাই'– এখানে বাক্য নির্মাণের কোন্ শর্ত লঙ্ঘিত হয়েছে ?

২.৪.৮ 'বুড়ো মানুষের কথাটা শুনো'– কর্মবাচ্যে পরিণত কর।

২.৪.৯ তির্যক বিভক্তি কাকে বলে ? উদাহরণ দাও।

২.৪.১০ 'মেঘে ঢাকা'– ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় কর।

৩. প্রসঙ্গ নির্দেশ করে কমবেশি ৬০টি শব্দে উত্তর দাও : ৩+৩

৩.১ নীচের যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৩x১=৩

৩.১.১ 'তাতে যে আমার ঢং নষ্ট হয়ে যায়'– 'ঢং' বলতে এখানে কি বোঝানো হয়েছে ? কীসে ঢং নষ্ট হয়ে যাবে ? ১+২

৩.১.২ 'নিজের এই পাগলামিতে যেন আনন্দই উপভোগ করে'– কার কথা বলা হয়েছে ? তার পাগলামিটি কি ? ১+২

৩.২ নীচের যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৩x১=৩

৩.২.১ 'শান্ত হলুদ দেবতারা'– দেবতাদের শান্ত হলুদ বলা হয়েছে কেন ? তাদের পরিণতি কী হয়েছিল ? ২+১

৩.২.২ 'দাঁড়াও ওই মানহারা মানবীর দ্বারে'– মানহারা মানবীর পরিচয় দাও। কবি কাকে তার দ্বারে এসে দাঁড়ানোর কথা বলেছেন ? ২+১

৪। কমবেশি ১৫০টি শব্দে নীচের যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫x১=৫

৪.১ 'জ্ঞানচক্ষু' গল্পে তপনের কাহিনীর মাধ্যমে লেখক হয়ে ওঠার স্তরে থাকা বালকের যে চিরন্তন আনন্দ-বেদনা, আশা-নিরাশার দিক ফুটে উঠেছে- তা বুঝিয়ে দাও।

৪.২ বুদ্ধি ও অভিনয় ক্ষমতার সাহায্যে গিরিশ মহাপাত্র কীভাবে জাহাজঘাটে পুলিশের চোখে ধুলো দিয়েছিল তা নিজের ভাষায় লেখ।

৫। কমবেশি ১৫০টি শব্দে নীচের যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫x১=৫

৫.১ জয় গোস্বামীর 'অস্ত্রের বিরুদ্ধে গান' কবিতায় গানের ভূমিকা কীভাবে আলোচিত হয়েছে- তা ব্যাখ্যা কর। ৫

৫.২ 'প্রলয়োল্লাস'- কবিতায় একদিকে ধ্বংসের চিত্র, অন্যদিকে নতুন আশারবাণী ধ্বনিত হয়েছে'– প্রসঙ্গটি কবিতা অবলম্বনে আলোচনা কর।

৬। কমবেশি ১৫০টি শব্দে একটি প্রশ্নের উত্তর দাও : ৫x১=৫

৬.১ 'আমাদের, আলংকারিক গণ শব্দের ত্রিবিধ কথা বলেছেন'– শব্দের ত্রিবিধ কথা কি ? 'বাংলা ভাষায় বিজ্ঞান' প্রবন্ধে 'ত্রিবিধ কথা'-র প্রসঙ্গ এসেছে কেন ? ২+৩

৬.২ 'সব মিলিয়ে লেখালিখি রীতিমত ছোটখাটো একটা অনুষ্ঠান'– লেখালিখি বিষয়টিকে ছোটখাটো অনুষ্ঠান বলা হয়েছে কেন ? তা বুঝিয়ে দাও।

৭। কমবেশি ১২৫টি শব্দে একটি প্রশ্নের উত্তর দাও : ৪x১=৪

৭.১ সিরাজদ্দৌলা নাট্যাংশে মীরজাফর-এর চরিত্র আলোচনা কর।

৭.২ 'বাংলার ভাগ্যাকাশে আজ দুর্যোগের ঘনঘটা, তার শ্যামল প্রান্তরে আজ রক্তের আলপনা'– বক্তা কে ? কোন দুর্যোগের কথা এখানে বলা হয়েছে ? ১+৩

৮। কমবেশি ১৫০ শব্দে একটি প্রশ্নের উত্তর দাও : ৫x১=৫

৮.১ 'অবশেষে কোনি বাংলা সাঁতার দলে জায়গা পেল।'– কোনি কিভাবে বাংলা সাঁতার দলে জায়গা পেল- তা লেখ।

৮.২ 'ফাইট কোনি ফাইট'– সাধারণ সাঁতারু থেকে চাম্পিয়ন হয়ে উঠতে গিয়ে কোনিকে কী ধরনের ফাইট করতে হয়েছিল ? - তা আলোচনা কর।

৮.৩ 'চার বছরের মধ্যেই 'প্রজাপতি' ডানা মেলে দিয়েছি'– প্রজাপতি কী ? কার তত্ত্বাবধানে কীভাবে প্রজাপতি ডানা মেলে দিয়েছে ?

৯। চলিত গদ্যে অনুবাদ কর : 8

Words have lot of power. They can help or hurt, bless or curse. Unkind word do a lot of harm, kind words do lot of good. We can spoil a frend's happiness by an unkind word, but cheer up a sad heart with a kind word which costs nothing.

১০. কমবেশি ১৫০টি শব্দে একটি প্রশ্নের উত্তর দাও ; ৫X১=৫

১০.১ স্বাধীনতার ৭৫ বছর পূর্তি উপলক্ষ্যে তোমার বিদ্যালয়ে আয়োজিত অনুষ্ঠান সম্পর্কে একটি প্রতিবেদন রচনা কর।

১০.২ 'কুসংস্কার প্রতিরোধে বিজ্ঞানমনস্কতার প্রয়োজনীয়তা' সম্পর্কে কাল্পনিক সংলাপ রচনা কর।

১১. কমবেশি ৪০০ শব্দে যে কোনো একটি বিষয় নিয়ে প্রবন্ধ রচনা কর : ১০X১=১০

১১.১ পরিবেশ ও মানুষ

১১.২ বাংলার উৎসব

১১.৩ দেশভ্রমণ

১১.৪ একজন মহামানবের জীবনী

# কৃষ্ণনগর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়
## নির্বাচনী পরীক্ষা - ২০২৫
### শ্রেণী - দশম
### বিষয় - বাংলা

সময় ঃ ৩ ঘন্টা ১৫ মিনিট                                                                পূর্ণমান ঃ ৯০

১। সঠিক উত্তরটি নির্বাচন করো ঃ [১×১৭=১৭]

১.১ পুলিশ সেজে হরিদা দাঁড়িয়েছিলেন—
(ক) জগদীশবাবুর বাড়ি (খ) চকের বাসস্ট্যান্ডে
(গ) দয়ালবাবুর লিচুবাগানে (ঘ) চায়ের দোকানে

১.২ নদের চাঁদের বয়স—
(ক) পঁচিশ বছর (খ) ত্রিশ বছর (গ) পঁয়ত্রিশ বছর (ঘ) চল্লিশ বছর

১.৩ 'ললাটের লেখা তো খণ্ডাবে না।"—বক্তা কে?
(ক) জগদীশবাবু (খ) রামদাস (গ) গিরীশ মহাপাত্র (ঘ) অপূর্ব

১.৪ 'আমাদের শিশুদের শব ছড়ানো রয়েছে'—
(ক) কাছে (খ) দূরে (গ) অনেক দুরে (ঘ) কাছে দুরে

১.৫ 'গান বাঁধবে সহস্র উপায়ে'—কে গান বাঁধবে?
(ক) চিল (খ) কোকিল (গ) শকুন (ঘ) ময়ূর

১.৬ "যথা বৃহন্নলারূপী কিরীটি"—'কিরীটি' হলেন—
(ক) কার্তিক (খ) ভীম (গ) অর্জুন (ঘ) রাবণ

১.৭ লেখকদের কালি তৈরিতে সাহায্য করতেন—
(ক) বাবা-মা (খ) পিসি-দিদা (গ) মা-পিসি-দিদিরা (ঘ) বাবা পিসিরা

১.৮ 'অনেক লেখক এখনও আয়ত্ত করতে পারেননি'—কী আয়ত্ত করতে পারেননি?
(ক) বিজ্ঞানের বিষয় (খ) বিজ্ঞান আলোচনার রচনা পদ্ধতি
(গ) বিজ্ঞানের পরিভাষা (গ) প্রাথমিক বিজ্ঞান

১.৯ "বৈজ্ঞানিক সাহিত্যে যত কম থাকে ততই ভালো"—কী কম থাকার কথা বলা হয়েছে?
(ক) সংস্কৃত শব্দ (খ) কঠিন শব্দ (গ) অলংকার (ঘ) সমাসবদ্ধ পদ

১.১০ বাক্যে যেসব পদে কোনো বিভক্তি চিহ্ন নেই তাকে বলে—
(ক) শূন্য বিভক্তি (খ) পদবিভক্তি
(গ) অ-কারক বিভক্তি (ঘ) ধাতু বিভক্তি



[পরের পৃষ্ঠায় দেখো]

১.১১ 'রাজায় রাজায় যুদ্ধ হয়'—এই বাক্যের কর্তাটি হল—

(ক) প্রযোজ্য কর্তা (খ) সহযোগী কর্তা (গ) ব্যতিহার কর্তা (ঘ) সমধাতুজ কর্তা

১.১২ সমাস করার প্রয়োজনীয়তার একটি হল—

(ক) একাধিক পদকে একপদে পরিণত করা (খ) বাক্য বিস্তার করা

(গ) বাক্যের অর্থ নির্দিষ্ট করা (ঘ) পদক্রম ঠিক করা

১.১৩ কর্মধারয় সমাসের উদাহরণ হল—

(ক) সপ্তাহ (খ) যুগান্তর (গ) প্রাণপাখি (ঘ) দশানন

১.১৪ 'আজকের দিনটা বেশ কাটলো'—গঠনগত দিক থেকে বাক্যটি হল—

(ক) সরলবাক্য (খ) জটিলবাক্য (গ) মিশ্রবাক্য (ঘ) যৌগিক বাক্য

১.১৫ 'সে সারাদিন খুব পরিশ্রম করে গভীর রাতে ফিরল।'—এই বাক্যের নিম্নরেখ অংশটি হল—

(ক) উদ্দেশ্য (খ) বিধেয়

(গ) উদ্দেশ্যের সম্প্রসারক (ঘ) বিধেয়র সম্প্রসারক

১.১৬ কর্মবাচ্যে কর্মে সাধারণত বিভক্তি হয়—

(ক) শূন্য (খ) র (গ) এর (ঘ) কে

১.১৭ বাচ্যভেদে ভিন্ন হয়—

(ক) কর্ম (খ) কর্তা (গ) ক্রিয়ার প্রকাশভঙ্গি (ঘ) ক্রিয়া

**২। কমবেশি ২০টি শব্দে নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ** [১×১৯=১৯]

**২.১ যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ** [১×৪=৪]

২.১.১ "ক্রমশ ও কথাটাও ছড়িয়ে পড়ে"—কোন্ কথা ?

২.১.২ "আপনার তীর্থ ভ্রমণের জন্য এই টাকা আমি দিলাম।"—কে কাকে কত টাকা তীর্থ ভ্রমণের জন্য দিয়েছিলেন ?

২.১.৩ "আমার মনে হয় এ শহরে আরও কিছুদিন নজর রাখা দরকার।"—কোন্ শহর ?

২.১.৪ 'অদল বদল' গল্পটি বাংলা ভাষায় তরজমা করেছেন কে?

২.১.৫ 'নদের চাঁদ গর্ব অনুভব করিয়াছে'—কীসের জন্য নদের চাঁদের এই গর্ব ?

**২.২ যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ** [১×৪=৪]

২.২.১ "ওরে ওই স্তব্ধ চরাচর"—'চরাচর' স্তব্ধ কেন ?

২.২.২ "এল ওরা লোহার হাতকড়ি নিয়ে"—ওরা কারা ?

২.২.৩ "ছদ্মবেশী অম্বুরাশি-সুতা"—কেন ইন্দ্রজিতের কাছে এসেছিলেন ?

[পরের পৃষ্ঠায় দেখো]

২.২.৪ "রক্ত মুছি শুধু গানের গায়ে"—কবি গানের গায়ে রক্ত মুছতে চেয়েছেন কেন ?

২.২.৫ "পঞ্চকন্যা পাইলা চেতন"—পঞ্চকন্যা কীভাবে চেতন পেয়েছিলেন ?

২.৩ যে-কোনো <u>তিনটি</u> প্রশ্নের উত্তর দাও : [১×৩ = ৩]

২.৩.১ স্টাইলাস কী ?

২.৩.২ "আমি সেদিন সেই জাদু-পাইলট নিয়েই ঘরে ফিরেছিলাম"—বক্তা 'জাদু-পাইলট' বলেছেন কেন ?

২.৩.৩ 'তাদের মোটামুটি দুই শ্রেণিতে ভাগ করা যেতে পারে'—লেখক দ্বিতীয় শ্রেণিতে কাদের রেখেছেন ?

২.৩.৪ বিশ্ববিদ্যালয় নিযুক্ত সমিতি ইংরেজি শব্দ বাংলায় প্রয়োগের ক্ষেত্রে কী বিধান দিয়েছেন?

২.৪ যে-কোনো <u>আটটি</u> প্রশ্নের উত্তর দাও : [১×৮ = ৮]

২.৪.১ বহুক্রিয়ার এক কর্তা—একটি উদাহরণ দাও।

২.৪.২ নিমিত্ত কারকে এ বিভক্তি প্রয়োগ করে একটি উদাহরণ দাও।

২.৪.৩ নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি নির্ণয় করো :

"<u>পৃথিবী</u> হয়তো বেঁচে আছে।"

২.৪.৪ পঙ্কজ কী সমাস ?

২.৪.৫ দ্বিগু শব্দের অর্থ কী ?

২.৪.৬ নির্দেশ অনুযায়ী বাক্যটি পরিবর্তন করো :

বৃথা আশা মরিতে মরিতেও মরে না। (যৌগিক বাক্যে)

২.৪.৭ 'সব মানুষই মরণশীল'—নাস্ত্যর্থক বাক্যে রূপান্তরিত করো।

২.৪.৮ জটিল বাক্যের একটি বৈশিষ্ট্য লেখো।

২.৪.৯ 'তারা আর স্বপ্ন দেখতে পারল না।'—ভাববাচ্যে পরিবর্তন করো।

২.৪.১০ ভাববাচ্যে কর্তা লুপ্ত অবস্থায় আছে (লুপ্ত কর্তা ভাববাচ্য) এরকম একটি বাক্য লেখো।

৩। প্রসঙ্গ নির্দেশসহ কমবেশি ৬০টি শব্দে উত্তর দাও : [৩+৩ = ৬]

৩.১ যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও : [৩×১ = ৩]

৩.১.১ "সে ভয়ানক দুর্লভ জিনিস।"—কোন্ জিনিসের কথা বলা হয়েছে ? তা দুর্লভ কেন ? [১+২]

[পরের পৃষ্ঠায় দেখো]

.১.২ "আজ তার মনে হইল কী প্রয়োজন ছিল ব্রিজের?"—কার মনে হল? তার এমন মনে হবার কারণ কী? [১+২]

.২ যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও : [৩×১=৩]

.২.১ "ওই নূতনের কেতন ওড়ে কালবোশেখির ঝড়"—উদ্ধৃতাংশটির ভাব অর্থ পরিস্ফুট করো। [৩]

.২.২ 'আঁকড়ে ধরে সে খড়কুটো'—কবি কাকে খড়কুটো বলেছেন এবং তা দিয়ে তিনি কী করবেন ? [১+২]

। কমবেশি ১৫০ শব্দে যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও : [৫×১=৫]

.১ "বাবুটির স্বাস্থ্য গেছে, কিন্তু শখ ষোলো আনাই বজায় আছে।"—বাবুটি কে? তার শখের পরিচয় দাও। [১+৪]

.২ "হঠাৎ ভয়ানক একটা উত্তেজনা অনুভব করে তপন"—উদ্ধৃতাংশটির উৎস লেখো। তপনের উত্তেজনা অনুভব করার কারণ কী? তপন এরপর কী করেছিল? [১+৩+১]

। কমবেশি ১৫০ শব্দে যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও : [৫×১=৫]

.১ "আয় আরো বেঁধে বেঁধে থাকি"—'বেঁধে বেঁধে থাকি' বলতে কবি কী বুঝিয়েছেন? কবি কেন একথা বলেছেন ? [২+৩]

.২ "তার পাশে রচিল উদ্যান"—কে কোথায় উদ্যান রচনা করেছিলেন? তার উদ্যানটির বর্ণনা দাও। [১+৪]

। কমবেশি ১৫০ শব্দে যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও : [৫×১=৫]

.১ "আমরা ফেরার পথে কোনো পুকুরে তা ফেলে দিয়ে আসতাম"—আমরা কারা? বক্তা কী পুকুরে ফেলে দিয়ে আসতেন এবং কেন ? [১+৪]

.২ "তাঁদের উদ্‌যোগের এই ত্রুটি ছিল যে"—কাদের কোন্ উদ্‌যোগের কথা এখানে বলা হয়েছে? লেখক তাঁদের যে ত্রুটির কথা বলেছেন তা বিবৃত করো। [২+৩]

। কম-বেশি ১২৫ শব্দে যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও : [৪×১=৪]

.১ "এই পত্র সম্বন্ধে তুমি কিছু জান ?"—এখানে কোন্ পত্রের কথা বলা হয়েছে? পত্রের বিষয় সম্বন্ধে উল্লেখ করো। [১+৩]

.২ "বাংলা শুধু হিন্দুর নয়, বাংলা শুধু মুসলমানের নয়—মিলিত হিন্দু-মুসলমানের মাতৃভূমি গুলবাগ এই বাংলা।"—কাদের উদ্দেশ্য করে একথা বলা হয়েছে? এই বক্তব্যের মধ্য দিয়ে বক্তার কী চারিত্রিক বৈশিষ্ট্য প্রতিফলিত হয়েছে? [১+৩]

[পরের পৃষ্ঠায় দেখো]

৮। কমবেশি ১৫০ শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ [২×৫=১০]

৮.১ "অবশেষে কোনি বাংলা সাঁতার দলে জায়গা পেল"—কোনি কীভাবে বাংলা সাঁতার দলে স্থান পেল তা লেখো। [৫]

৮.২ 'কোনি' উপন্যাসে লীলাবতীর চরিত্র বিশ্লেষণ করো। [৫]

৮.৩ "বিষ্টুধর চূর্ণ-বিচূর্ণ। কথা বলার ক্ষমতা নেই। দুই চোখ ছলছলিয়ে উঠছে।"—বিষ্টুধরের এরূপ অবস্থা হয়েছিল কেন ? [৫]

৯। চলিত বাংলায় অনুবাদ করো ঃ [৪]

Honesty is a great virtue. If you do not deceive others, if you do not tell a lie, if you are strictly just and fair in your dealings with others you are an honest man. Honesty is the best policy. An honest man is respected by all.

১০। কমবেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ [৫×১=৫]

১০.১ বইমেলা দেখার অভিজ্ঞতা সম্পর্কে দুই বন্ধুর সংলাপ রচনা করো।

১০.২ তোমাদের বিদ্যালয়ের স্বাধীনতাদিবস যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে। এই বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১১. কমবেশি ৪০০ শব্দের যে-কোনো একটি বিষয়ে অবলম্বনে প্রবন্ধ রচনা করোঃ [১০]

১১.১ কুসংস্কার দূরীকরণে বিজ্ঞানমনস্কতার ভূমিকা।

১১.২ বিশ্ব উষ্ণায়ন ও মানবসভ্যতার সংকট।

১১.৩ শিক্ষাবিস্তারে গণমাধ্যমের ভূমিকা।

১১.৪ একটি ভ্রমণের অভিজ্ঞতা।

—— * * * ——

# Maharani Indira Devi Balika Vidyalaya

Madhymik Test Examination - 2025

Class - X

Time : Sub - Bengali F.M - 90

১. সঠিক উত্তরটি নির্বাচন করো ঃ- ১×১৭=১৭

১.১) সপ্তাহে হরিদা বহুরূপী সেজে বাইরে যান —

ক) পাঁচদিন খ) চারদিন গ) একদিন ঘ) দু'দিন।

১.২) ভয়ে কার বুক টিপটিপ করছিল?

ক) ইসাবের খ) অমৃতের গ) কালিয়ার ঘ) বাহালি বৌদির।

১.৩) "তারপর নামিল বৃষ্টি" — বৃষ্টির প্রকৃতি কেমন ছিল?

ক) ঝিরঝিরে বৃষ্টি খ) শিলা বৃষ্টি গ) মুষল ধারে বৃষ্টি ঘ) মাঝারি বৃষ্টি।

১.৪) "বৃষ্টি'তে ধুয়ে দিল ...." —

ক) রক্তের দাগ খ) পায়ের দাগ গ) পাথরের দাগ ঘ) মৃত্যুর দাগ।

১.৫) 'সপ্ত মহাসিন্ধু' কোথায় দোলে?

ক) কপাল তলে খ) নয়ন জলে গ) কপোল তলে ঘ) বক্ষ কোলে।

১.৬) কবি কোন খড়কুটো আঁকড়ে ধরেন?

ক) একটা দুটো গান খ) বুলেট গ) ময়ূর পালক

ঘ) গানের বর্ম।

১.৭) "তাঁরও ছিল ফাউন্টেন পেনের নেশা" — কার?

ক) মানিক বন্দ্যোপাধ্যায়ের খ) শৈলজানন্দ মুখোপাধ্যায়ের

গ) সুবোধ ঘোষের ঘ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের।

১.৮) কার কলম পায়ের মোজায় গোঁজা ছিল?

ক) কাসকার খ) ফেরিওয়ালার গ) সিজারের ঘ) দারোগাবাবুর।

১.৯) বৈজ্ঞানিক সাহিত্যের ক্ষেত্রে যে যে অলংকারের প্রয়োগ চলতে পারে সেগুলো হলো–

ক) উপমা ও রূপক খ) উৎপ্রেক্ষা ও অতিশয়োক্তি

গ) অতিশয়োক্তি ও রূপক ঘ) উপমা ও উৎপ্রেক্ষা।

১.১০) ব্যাকরণে ক্রিয়ার সঙ্গে নামপদের সম্পর্ককে বলা হয় —

ক) বিভক্তি খ) অনুসর্গ গ) কারক ঘ) নির্দেশক।

১.১১) সমাস হতে গেলে কমপক্ষে ক'টি পদ দরকার?

ক) তিনটি খ) দুটি গ) চারটি ঘ) পাঁচটি।

১.১২) 'নৌকা আকাশে চলে' — এখানে বাক্য গঠনের কোন শর্ত লঙ্ঘিত হয়েছে?

ক) আকাঙ্ক্ষা খ) আসত্তি গ) যোগ্যতা ঘ) আকাঙ্ক্ষা ও আসত্তি।

১.১৩) বাক্য পরিবর্তন করলেও বদলায়না তার —

ক) উদ্দেশ্য খ) ক্রিয়া গ) ক্রিয়ার কাল ঘ) অর্থ।

১.১৪) "তপনকে যেন আর কখনো শুনতে না হয় —" এটি —

ক) কর্তৃবাচ্য খ) কর্মবাচ্য গ) কর্মকর্তৃবাচ্য ঘ) ভাববাচ্য।

১.১৫) "নমি পুত্র পিতার চরণে" — নিম্নরেখ পদটি হল —

ক) কর্তৃ কারক খ) সম্বন্ধ পদ গ) সম্বোধন পদ ঘ) কর্ম কারক।

১.১৬) কোনটি নিত্যসমাস নয়?

ক) গ্রামান্তর খ) যুগান্তর গ) ভাবান্তর ঘ) দেশান্তর।

১.১৭) 'হ' ধাতুজাত ক্রিয়া বসে কোন বাচ্যে?

ক) কর্তৃবাচ্যে খ) কর্মবাচ্যে গ) ভাববাচ্যে ঘ) কর্মকর্তৃবাচ্যে।

২. কমবেশি ২০ টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও ঃ-

২.১. যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ- ১X৪=৪

২.১.১) "মুখে আঁ আঁ করলেও হয়।" — কার, কী হয়?

২.১.২) "একটা আতঙ্কের হল্লা বেজে উঠেছিল।" — কোথায়, কেন আতঙ্কের হল্লা বেজে উঠেছিল?

২.১.৩) "মিথ্যেবাদী কোথাকার!" — কে, কাকে মিথ্যেবাদী বলেছেন?

২.১.৪) "ইসাবের মনে পড়ল," — ইসাবের কী মনে পড়ল?

২.১.৫) নদের চাঁদের সঙ্গে কতদিন নদীর দেখা হয়নি?

২.২. যেকোন চারটি প্রশ্নের উত্তর দাও ঃ- ১X৪=৪

২.২.১) "ছড়ানো রয়েছে কাছে দূরে!" — কী ছড়ানো রয়েছে?

২.২.২) "কৃপণ আলোর অন্তঃপুরে।" আলোর অন্তঃপুরকে কৃপণ বলা হয়েছে কেন?

২.২.৩) "অভিষেক করিলা কুমারে।" — কুমারকে কীভাবে অভিষেক করা হয়?

২.২.৪) "আলো তার ভরবে এবার ঘর!" — কার আলোয় ঘর ভরবে?

২.২.৫) "মাথায় গোঁজা ময়ূরপালক" — কার মাথায় ময়ূরপালক গোঁজা?

২.৩. যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও ঃ- ১X৩=৩

২.৩.১) "তাই নিয়ে আমাদের প্রথম লেখালেখি।" কী নিয়ে লেখকদের প্রথম লেখালেখি?

২.৩.২) "দার্শনিক তাকেই বলি" — প্রাবন্ধিক কাকে দার্শনিক বলেন?

২.৩.৩) "এই দোষ থেকে মুক্ত না হলে বাংলা বৈজ্ঞানিক সাহিত্য সুপ্রতিষ্ঠিত হবেনা।" — দোষটি কী?

২.৩.৪) "তাতে পাঠকের অসুবিধা হয়," — পাঠকের কীসে অসুবিধা হয়?

২.৪. যেকোনো আটটি প্রশ্নের উত্তর দাও ঃ- ১X৮=৮

২.৪.১) বিভক্তি ও অনুসর্গের একটি পার্থক্য নির্দেশ করো।

২.৪.২) সম্বন্ধ পদ কারক নয় কেন, উদাহরণ সহ বুঝিয়ে দাও।

২.৪.৩) 'অস্ত্র রাখো' — নিম্নরেখ পদটির কারক ও বিভক্তি নির্ণয় করো।

২.৪.৪) ব্যাপ্তি তৎপুরুষ সমাস বলতে কী বোঝ?

২.৪.৫) 'উপমেয়' কাকে বলে?

২.৪.৬) ব্যাসবাক্যসহ সমাস উল্লেখ করো ঃ দশানন।

২.৪.৭) বাক্য নিমাণের শর্তগুলি কী কী?

২.৪.৮) যে ভালো তাকে সকলে ভালোবাসে। — প্রশ্নবোধক বাক্যে রূপান্তরিত করো।

২.৪.৯) 'নদীর ধারে তার জন্ম হইয়াছে', — কর্তৃবাচ্যে পরিবর্তন করো।

২.২.১০) কর্মকর্তৃ বাচ্যের একটি উদাহরণ দাও।

৩. প্রসঙ্গ নির্দেশসহ কমবেশি ৬০ শব্দে উত্তর দাও ঃ ৩x১=৩

৩.১. যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ

৩.১.১) 'সে অমূল্য দুর্লভ জিনিস।' কোন জিনিসের কথা বলা হয়েছে? তা দুর্লভ কেন? ১+২=৩

৩.১.২) 'নিজেকে কেবল বুঝাইতে পারে না।' — কার কথা বলা হয়েছে? সে নিজেকে কী বোঝাতে পারে না? ১+২=৩

৩x১=৩

৩.২. যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ

৩.২.১) "সহ্য করে আপন নির্জিত অসমানতা।" — কারা, কীভাবে তাদের সহ্যতা প্রকাশ করে? ১+২=৩

৩.২.২) "কত মুছি শুধু গানের পাতে" — উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৩

৫x১=৫

৪. কমবেশি ১৫০ শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ

৪.১) "দিদি, একখানি দিবানিদ্রা দিচ্ছিলেন।" — কে, কেন দিবানিদ্রা দিচ্ছিলেন? তাঁর চরিত্রটি আলোচনা করো। ১+১+৩=৫

৪.২) "বাবুটির স্বাস্থ্য গেছে, কিন্তু শখ ষোলো আনাই বজায় আছে।" — বাবুটি কে? তার স্বাস্থ্য ও শখের পরিচয় দাও। ১+২+২=৫

৫x১=৫

৫. কমবেশি ১৫০ শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ

৫.১) "আর সেই মেয়েটি আমার অপেক্ষায়" — মেয়েটি কে? তার অপেক্ষার প্রেক্ষাপট বর্ণনা করো। ১+৪=৫

৫.২) "শুনিয়া রূপের কথা বিস্মিত হইল বালা।" — 'বালা' শব্দের অর্থ কী? 'বালার' পরিচয় উল্লেখ করে আলোচ্য রূপের কথার বর্ণনা দাও। ১+১+৩=৫

৫x১=৫

৬. কমবেশি ১৫০ শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ

৬.১) 'ফাউন্টেন পেন' বাংলায় কী নামে পরিচিত? নামটি কার দেওয়া বলে উল্লেখ করা হয়েছে? কীভাবে এই পেনের উৎপত্তি হয়? ১+১+৩=৫

৬.২) 'এতে রান্না উৎকট হয়।' — কীসে রান্না 'উৎকট' হয়? এর থেকে কীভাবে মুক্তি পাওয়া যেতে পারে লেখক বলে মনে করেন? ১+৪=৫

৫x১=৫

৭. কমবেশি ১২৫ শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ

৭.১) "এইবার হয়তো শেষ যুদ্ধ" — কোন যুদ্ধের কথা এখানে বলা হয়েছে? এই যুদ্ধকে 'শেষ যুদ্ধ' কেন বলা হয়েছে? ১+৪=৫

৭.২) "দুর্দিন না সুদিন?" — বক্তাটি কার? কী কারণে তিনি এই মন্তব্যটি করেছেন? ১+৪=৫

৮. কমবেশি ১৫০ শব্দে যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ ৫x২=১০

৮.১) "চার বছরের মধ্যেই 'প্রজাপতি' ডানা মেলে দিয়েছে।" — 'প্রজাপতি' কী? উদ্ধৃতিটির তাৎপর্য নিজের ভাষায় লেখ। ১+৪=৫

৮.২) "কুমুদ উঠে পড়ে গেল প্রণবেন্দুর কথায়" — প্রণবেন্দু কে? তিনি কী বলেছিলেন? তার কথার কী পরিণতি হয়েছিল? ১+১+৩=৫

৮.৩) "তোর আসল লজ্জা জলে, আসল গর্বও জলে।" — বক্তা কোন প্রসঙ্গে এই উক্তি করেছেন? এই প্রসঙ্গে বক্তা উদ্দিষ্ট ব্যক্তিকে আর কী কী ভাবে উৎসাহিত করেছেন, তা নিজের ভাষায় লেখ। ২+৩=৫

৯. চলিত গদ্যে বঙ্গানুবাদ করো ঃ- ৪

Our life is short. But we shall have to know many things. Human life is nothing but a collection of moments. So, we must not spend a single moment in vain. To waste time is to shorten life. Time and tide wait for none.

১০. কমবেশি ১৫০ শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ- ৫X১=৫

১০.১) 'যতদিন যাচ্ছে ততই হারিয়ে যাচ্ছে বই পড়ার অভ্যাস' — এই বিষয়ে একটি কাল্পনিক সংলাপ রচনা কর।

১০.২) তোমাদের পাড়ায় একটি রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছিল। এই বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১১. কমবেশি ৪০০ শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ- ১০X১=১০

১১.১) বাংলার উৎসব।

১১.২) পরিবেশ রক্ষায় জলাভূমির ভূমিকা।

১১.৩) শিক্ষা বিস্তারে গণমাধ্যমের ভূমিকা।

১১.৪) প্রকৃতির প্রতিশোধ।

# MALDA ZILLA SCHOOL
## Madhyamik Test Examination - 2025
### Class - X
### Sub - Bengali

Time- 3 Hours 15 Minutes | Full Marks - 90

১) সঠিক উত্তরটি নির্বাচন করো : ১৭X১=১৭

১.১ "তপনের হাত আছে" - কথাটির অর্থ হল –

ক) হস্তক্ষেপ খ) ভাষার দখল গ) মারামারি ঘ) জবরদস্তি

১.২ 'খুব হয়েছে হরি, এই বার সরে পড়ো। অন্যদিকে যাও'। – একথা বলেছে –

ক) ভবতোষ খ) অনাদি গ) কালিনাথ ঘ) জনৈক বাসযাত্রী

১.৩ ইসাব আর অমৃতদের বাড়ি –

ক) মুখোমুখি খ) পাশাপাশি
গ) রাস্তার এপার ওপার ঘ) এপাড়া ওপাড়া

১.৪ " সেই হোক তোমার সভ্যতার শেষ পুণ্যবাণী "–

ক) বিদ্বেষ ত্যাগ করো খ) ক্ষমা করো
গ) ভালোবাসো ঘ) মঙ্গল করো

১.৫ ইন্দ্রজিতের স্ত্রীর নাম –

ক) ইন্দিরা খ) সরমা গ) নিকষা ঘ) প্রমীলা

১.৬ "ভাঙ্গিল প্রবল বাও"– বাও শব্দের অর্থ –

ক) বাতাস খ) বান গ) জল ঘ) ঝড়

১.৭ কানে কলম গুঁজে দুনিয়া খোঁজেন –

ক) প্রাবন্ধিক খ) দার্শনিক গ) গল্পকার ঘ) নাট্যকার

১.৮ "ফাউন্টেন পেনের এক বিপদ "– 'বিপদটা' হল -

ক) চুরি যাওয়া খ) পেনের বল নষ্ট হওয়া
গ) কালি শুকিয়ে যাওয়া ঘ) লেখককে নেশাগ্রস্ত করা

১.৯ আমাদের দেশে তখন বৈজ্ঞানিক সাহিত্য রচনা সুসাধ্য হবে যখন এ দেশে –

ক) বাংলায় প্রচুর পারিভাষিক শব্দ তৈরী হবে
খ) বিজ্ঞান শিক্ষার বিস্তার ঘটবে
গ) মাতৃভাষার প্রতি মানুষের প্রীতির মনোভাব গড়ে উঠবে
ঘ) লেখকেরা অনুবাদের আড়ষ্টতা কাটিয়ে উঠতে পারবেন ।

১.১০ " ছেলেরা ফুটবল খেলে" - 'ফুটবল কোন কারকের উদাহরণ ?–

ক) কর্তৃ খ) কর্ম গ) করণ ঘ) অধিকরণ ।

১.১১ যে কর্তা অন্যকে দিয়ে কাজ করায় সে হল –

ক) প্রযোজ্য কর্তা খ) প্রযোজক কর্তা গ) উহ্য কর্তা ঘ) অনুক্ত কর্তা

পরের পাতায় দেখ

১.১২ জ্ঞানহীন পদটি কোন সমাসের উদাহরণ –
ক) ব্যাতিহার বহুব্রীহি সমাস খ) দ্বিগু সমাস
গ) কর্মধারায় সমাস ঘ) করণ তৎপুরুষ সমাস

১.১৩ পূর্বপদ প্রাধান্য পায় –
ক) অব্যয়ীভাব সমাসে খ) দ্বন্দ্ব সমাসে
গ) কর্মধারয় সমাসে ঘ) বহুব্রীহি সমাসে

১.১৪ "গতকাল তোমার বাড়িতে যাব"– বাক্যে যা নেই –
ক) আসত্তি খ) আকাঙ্ক্ষা গ) যোগ্যতা ঘ) কর্তা

১.১৫ 'আমাদের মধ্যে যারা ওস্তাদ তারা ওই কালো জলে হরতকী ঘষত' –বাক্যটি কোন শ্রেণির ?
ক) সরল বাক্য খ) জটিল বাক্য গ) মিশ্র বাক্য ঘ) যৌগিক বাক্য

১.১৬ 'মন্দিরে ঘন্টা বাজছে' – বাক্যটি কোন বাচ্যের উদাহরণ –
ক) কর্তৃবাচ্য খ) কর্মবাচ্য গ) ভাববাচ্য ঘ) কর্মকর্তৃবাচ্য

১.১৭ 'বিভক্তি' শব্দের অর্থ কী –
ক) বিভাজন খ) সংকোচন গ) প্রসারণ ঘ) সংযোজন

২) কমবেশি ২০টি শব্দে নীচের প্রশ্নগুলির উত্তর দাও : ১X১৯=১৯

২.১ যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :- ১X৪=৪

২.১.১ 'নতুন মেসোকে দেখে জানল সেটা ।' – নতুন মেসোকে দেখে তপন কী জানল ?
২.১.২ জগদীশবাবু তীর্থ ভ্রমনের জন্য কত টাকা বিরাগীকে দিতে চেয়েছিলেন ?
২.১.৩ 'মিথ্যাবাদী কোথাকার!'– উদ্দিষ্ট ব্যক্তিকে কেন মিথ্যাবাদী বলা হয়েছে ?
২.১.৪ 'ইসাবের মনে পড়ল, ' – ইসাবের কী মনে পড়ল ?
২.১.৫ "বড়ো ভয় করতে লাগিল নদের চাঁদের ।" - নদেরচাঁদের ভয় করার কারণ কী ?

২.২ যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও :- ১X৪=৪

২.২.১ 'অসুখী একজন' কবিতাটি কে বাংলায় তরজমা করেছেন ?
২.২.২ ' অভিষেক করিলা কুমারে ।' – রাবণ কী কীভাবে কুমারকে অভিষিক্ত করবেন ?
২.২.৩ "ওরে ওই স্তব্ধ চরাচর!" – চরাচর স্তব্ধ কেন ?
২.২.৪ 'মধ্যেতে যে কন্যাখনি' – মধ্যের কন্যাটির পরিচয় দাও ?
২.২.৫ "তোমায় নিয়ে বেড়াবে গান"– গান কোথায় বেড়াবে ?

২.৩ যে কোন তিনটি প্রশ্নের উত্তর দাও :- ১X৩=৩

২.৩.১ 'দোয়াত যে কত রকমের হতে পারে,'– প্রবন্ধে উল্লিখিত বিভিন্ন প্রকার দোয়াতের নাম লেখো ?

২.৩.২ 'অনুনিল ফাউন্টেন পেন ।' – ফাউন্টেন পেনের জন্ম-বৃত্তান্তটি উল্লেখ করো ?

২.৩.৩ 'অল্পবিদ্যা ভয়ংকরী' কথাটির অর্থ কী ?

২.৩.৪ বিশ্ববিদ্যালয় নিযুক্ত পরিভাষা সমিতি নবাগত রাসায়নিক বস্তুর ইংরেজি নাম সম্বন্ধে কী বিধান দিয়েছিলেন ?

২.৪ যে কোনো আটটি প্রশ্নের উত্তর দাও :- ১X৮=৮

২.৪.১ বিভক্তি ও নির্দেশকের দুটি প্রধান পার্থক্য লেখো ?

২.৪.২ অ-কারক সম্পর্ক বলতে কী বোঝ ?

২.৪.৩ করণে বীপ্সার একটি উদাহরণ দাও ?

২.৪.৪ ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো 'অন্ধকার'

২.৪.৫ সংজ্ঞাসহ ব্যতিহার বহুব্রীহি সমাসের উদাহরণ দাও ?

২.৪.৬ ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো ' উপকথা '

২.৪.৭ আকাঙ্ক্ষা কী ? উদাহরণ দাও ?

২.৪.৮ "রামচন্দ্র চোদ্দ বছরের জন্য বনবাসে গিয়েছিলেন ।" এই বাক্যটি উদ্দেশ্যে সম্প্রসারণ করো ?

২.৪.৯ ভাববাচ্যে কর্তালুপ্ত অবস্থায় আছে ( লুপ্ত কর্তার ভাববাচ্য ) এরকম একটি বাক্য লেখো ?

২.৪.১০ "তাকে বাঘে খেয়েছে ।" – বাক্যটিকে কর্মবাচ্যে পরিণত করো ?

৩) প্রসঙ্গ নির্দেশসহ কমবেশি ৬০ টি উত্তর দাও :- ৩+৩ =৬

৩.১. যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :- ৩X১=৩

৩.১.১ "অথচ আপনি একেবারে খাঁটি সন্ন্যাসীর মতো সবতুচ্ছ করে সরে পড়লেন ?"– হরিদা কীভাবে খাঁটি সন্ন্যাসীর মতো ব্যবহার করেছিলেন , তা সংক্ষেপে আলোচনা করো ?

৩.১.২ " নিজের এই পাগলামিতে যেন আনন্দই উপভোগ করে ।"– কার কথা বলা হয়েছে ? তার পাগলামিটি কী ? ১+২

৩.২ যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :- ৩X১=৩

৩.২.১ ' ধ্বংস দেখে ভয় কেন তোর ?' – কেন ধ্বংস সাধিত হচ্ছে ? ধ্বংসকে ভয় না পেতে বলেছেন কেন কবি ? ১+২

৩.২.২ "গানের বর্ম আজ পরেছি গায়ে"– কবির এই মন্তব্যের তাৎপর্য আলোচনা করো ?

**পরের পাতায় দেখ**

৪) কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :- ৫X১=৫

৪.১ 'জ্ঞানচক্ষু' গল্প অবলম্বনে তপন চরিত্রটির পরিচয় দাও ?

৪.২ " এমন সৌভাগ্যকেও অপূর্বর মন যেন গ্রাহ্যই করিল না ।" – এখানে কোন ঘটনার ইঙ্গিত করা হয়েছে ? সৌভাগ্য বলা হল কেন ? ১+৪

৫) কমবেশি ১৫০ টি শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :- ৫X১=৫

৫.১ 'সেই মেয়েটির মৃত্যু হলো না ।' কোন মেয়েটির কেন মৃত্যু হল না ?

৫.২ ' অস্ত্রের বিরুদ্ধে গান ' কবিতার মূল বক্তব্য নিজের ভাষায় লেখো ?

৬) কমবেশি ১৫০ টি শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :- ৫X১=৫

৬.১ 'কলমকে বলা হয় তলোয়ারের চেয়েও শক্তিধর ।' – বহিরঙ্গভাবে একথার ভিত্তি কী ? বক্তব্যের অন্তর্নিহিত তাৎপর্য ব্যাখ্যা করো ? ১+৪

৬.২ "গোড়া থেকে না লিখলে বোধগম্য হয়না ।" – কী বোধগম্য হয় না কেন বোধগম্য হয় না ? ১+৩+১

৭) কমবেশি ১২৫ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :- ৪X১=৪

৭.১ "এই মুহূর্তে তুমি আমার দরবার ত্যাগ করো ।"– বক্তা কাকে দরবার ত্যাগ করতে বলেছেন ? তাকে দরবার ত্যাগ করতে বলার কারণ কী ? ১+৩

৭.২ "পলাশী , রাক্ষসী পলাশী !" – বক্তা কে ? পলাশীর প্রান্তরকে তিনি 'রাক্ষসী' বলেছেন ১+৩

৮) কমবেশি ১৫০ শব্দে যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :- ৫X২=১০

৮.১ দারিদ্র আর বঞ্চনার বিরুদ্ধে কোণির যে লড়াই , তা সংক্ষেপে লেখো ।

৮.২ "চার বছরের মধ্যেই 'প্রজাপ্রতি' ডানা মেলে দিয়েছে ।" – 'প্রজাপ্রতি' কী ? কথাটির তাৎপর্য লেখো । ১+৪

৮.৩ "রমা যোশির সোনা কুড়োনো বন্ধ করা ছাড়া আমার আর কোনো স্বার্থ নেই ।" – বক্তা কে ? কোন পরিপ্রেক্ষিতে বক্তা এরূপ মন্তব্য করেছেন ? ১+৪

৯) চলিত বাংলায় অনুবাদ করো :- ৪

No country can progress depending on other . Borrower becomes weak day by day and loses its own strength . A country lacking in strength is surely a sing of his disease . a diseased country can not grow .

১০ ) কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :- ৫X১=৫

১০.১ 'অরণ্য সপ্তাহ' উদযাপনে তৎপর দুই ছাত্রের কাল্পনিক সংলাপ রচনা করো ?

১০.২ ' পথ নিরাপত্তা সপ্তাহে পথ দেখাল ছাত্রছাত্রীরা এই বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো ।

১১) কমবেশি ৪০০ শব্দে যে কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো :- ১০X১=১০

১১.১ পরিবেশ দূষণ ও তার প্রতিকার ।

১১.২ তোমার প্রিয় সাহিত্যিক ।

১১.৩ বঙ্গে বর্ষা ।

১১.৪ মহাকাশ গবেষণায় ভারতের জয়যাত্রা ।

——X——

# MULTIPURPOSE GOVT. GIRLS' SCHOOL

## নির্বাচনী পরীক্ষা - ২০২৫

## দশম শ্রেণি

সময় - ৩ ঘন্টা ১৫ মিঃ　　　বাংলা　　　পূর্ণমান : ৯০

১। সঠিক উত্তরটি নির্বাচন করো ঃ　　　১×১৭=১৭

১.১. গিরীশ মহাপাত্রের সাথে অপূর্বর পুনরায় কোথায় দেখা হয়েছিল?

ক) পুলিশ স্টেশনে　　খ) জাহাজঘাটায়

গ) রেল স্টেশনে　　ঘ) বিমানবন্দরে

১.২. তপনের মেসোমশাই কোন্ পত্রিকার সম্পাদককে চিনতেন?

ক) শুকতারা　খ) সন্ধ্যাতারা.　গ) আনন্দমেলা　ঘ) দেশ

১.৩. 'অদল-বদল' গল্পে কোন্ ঋতুর কথা বলা হয়েছে?

ক) গ্রীষ্ম　খ) শীত　ঘ) শরৎ　ঙ) বসন্ত

১.৪. 'সিন্ধুতীরে' কাব্যাংশটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

ক) পদ্মাবতী　খ) লোরচন্দ্রাণী　গ) সতীময়না　ঘ) তোহ্ফা

১.৫. কোন্‌টি জয় গোস্বামীর লেখা কাব্যগ্রন্থ?

ক) বাবরের প্রার্থনা　　খ) অগ্নিবীণা

গ) রূপসী বাংলা　　ঘ) পাতার পোষাক

১.৬. ইন্দ্রজিতের স্ত্রীর নাম —

ক) ইন্দিরা　খ) প্রমীলা　গ) সরমা　ঘ) নিকষা

১.৭. সিজার যে কলমটি দিয়ে কাসকাকে আঘাত করেছিলেন তার পোশাকি নাম —

ক) ফাউন্টেন　খ) স্টাইলাস　গ) পার্কার　ঘ) পাইলট

১.৮. কলমের আঘাতে মৃত্যু হয়েছিল যে লেখকের তার নাম —

ক) বনফুল　　খ) পরশুরাম

গ) ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়　　ঘ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

পরের পাতায় দেখ

১.৯. 'হিমালয় যেন পৃথিবীর মানদন্ড' — উক্তিটি —

ক) কালিদাসের খ) ভবভূতির

গ) বিদ্যাসাগরের ঘ) রবীন্দ্রনাথের

১.১০. নির্দেশকের দৃষ্টান্ত কোন্‌টি?

ক) জন্য খ) খানা গ) গাছা ঘ) টি

১.১১. ক্রিয়াপদের সঙ্গে নামপদের সম্পর্ককে বলে —

ক) সমাস খ) কারক গ) প্রত্যয় ঘ) বিভক্তি

১.১২. কর্মধারয় সমাসে প্রাধান্য পায় —

ক) পরপদের অর্থ খ) পূর্বপদের অর্থ

গ) উভয়পদের অর্থ ঘ) ভিন্ন অর্থ

১.১৩. 'ইসাবের সঙ্গে কুস্তি লড়তে তো একেবারেই গররাজি' — নিম্নরেখ পদটি কোন্ সমাসের উদাহরণ?

ক) অব্যয়ীভাব খ) নঞ্‌তৎপুরুষ

গ) বহুব্রীহি ঘ) কর্মধারয়

১.১৪. যে বাক্যে সাধারণভাবে কোনো কিছুর বর্ণনা বা বিবৃতি থাকে, তাকে বলা হয় —

ক) অনুজ্ঞাসূচক বাক্য খ) আবেগসূচক বাক্য

গ) প্রশ্নবোধক বাক্য ঘ) নির্দেশক বাক্য

১.১৫. বেড়ালের গলায় ঘন্টা বাঁধবে কে — অর্থগত দিক দিয়ে এটি —

ক) না-সূচকবাক্য খ) সন্দেহবাচক বাক্য

গ) প্রশ্নবোধক বাক্য ঘ) প্রার্থনাসূচক বাক্য

১.১৬. যে বাক্যে কর্ম কর্তারূপে প্রতীয়মান হয় তাকে বলে —

ক) কর্মবাচ্য খ) কর্তৃবাচ্য গ) ভাববাচ্য ঘ) কর্মকর্তৃবাচ্য

১.১৭. পাঁচদিন নদীকে দেখা হয় নাই — এটি কোন্ বাচ্যের উদাহরণ —

ক) কর্তৃবাচ্য খ) কর্মবাচ্য গ) ভাববাচ্য ঘ) কর্মকর্তৃবাচ্য

২। কমবেশি ২০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও ঃ ১x১৯=১৯

২.১. যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও ঃ ১x৪=৪

২.১.১ তপনের গল্প পড়ে ছোটমাসি কী বলেছিল?

২.১.২ অদল-বদল গল্পটির মূল লেখক কে, বাংলা তরজমা করেছেন কে?

২.১.৩ জগদীশবাবু তীর্থভ্রমণের জন্য বিরাগীকে কত টাকা দিতে চেয়েছিলেন?

২.১.৪ 'নদের চাঁদ সব বোঝে' — নদের চাঁদ কী বোঝে?

২.১.৫ ভামো যাত্রায় ট্রেনে অপূর্বের কে কে সঙ্গী হয়েছিল?

২.২. যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও ঃ ১x৪=৪

২.২.১ "এসো যুগান্তের কবি" — কবির ভূমিকাটি কী হবে?

২.২.২ "ওরে ওই স্তব্ধ চরাচর" — চরাচর স্তব্ধ কেন?

২.২.৩ "কন্যারে ফেলিল যথা" — কন্যাকে কোথায় ফেলা হল?

২.২.৪ ছদ্মবেশী অম্বুরাশি সুতা — কেন ইন্দ্রজিতের কাছে এসেছিলেন?

২.২.৫ "তোমায় নিয়ে তোমায় নিয়ে বেড়াবে গান" — গান কোথায় বেড়াবে?

২.৩. নীচের যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও ঃ ১x৩=৩

২.৩.১ "হারিয়ে যাওয়া কালি কলম" প্রবন্ধে কতগুলি প্রবাদ আছে?

২.৩.২ লেখক শ্রীপান্থ ছোটবেলায় কীসে 'হোম-টাস্ক' করতেন?

২.৩.৩ "একটি দোষ প্রায় নজরে পড়ে" — কোন্ দোষের কথা বলা হয়েছে?

২.৩.৪ "এই ধারণা পুরোপুরি ঠিক নয়" — কোন্ ধারণা পুরোপুরি ঠিক নয়?

২.৪. নীচের যে-কোনো **আটটি** প্রশ্নের উত্তর দাও ঃ ১x৮=৮

২.৪.১ সম্বন্ধ পদে কী বিভক্তি হয়?

২.৪.২ অস্ত্র রাখো — নিম্নরেখ পদটির কারক ও বিভক্তি নির্ণয় করো।

২.৪.৩ উদাহরণসহ ব্যতিহার বহুব্রীহি সমাসটির সংজ্ঞা লেখো।

২.৪.৪ ব্যাসবাক্য সহ সমাসের নাম লেখো — গাছপাকা।

২.৪.৫ একটি শর্তসাপেক্ষ বাক্যের উদাহরণ দাও।

২.৪.৬ 'ঠিক ইসাবের মত জামাটি না পেলে ও স্কুলে যাবে না।' — যৌগিক বাক্যে পরিবর্তন করো।

পরের পাতায় দেখ

২.৪.৭ ঢাক বাজে — কোন্ বাচ্যের উদাহরণ?

২.৪.৮ এ কার লেখা? — কর্তৃবাচ্যে পরিবর্তন করো।

২.৪.৯ একটি বাক্যাশ্রয়ী সমাসের উদাহরণ দাও।

২.৪.১০ একটি হ্যাঁ-সূচক নির্দেশক বাক্যের উদাহরণ দাও।

৩। প্রসঙ্গ নির্দেশ-সহ কমবেশি ৬০টি শব্দে উত্তর লেখো ঃ ৩+৩=৬

৩.১. যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও ঃ

৩.১.১ তপনের প্রথমবার জ্ঞানচক্ষু কীভাবে উন্মোচিত হল। ৩

৩.১.২. নদীর বিদ্রোহ গল্পে নদের চাঁদ ক'দিন ধরে চিঠি লিখেছিল এবং সেই চিঠির পরিণতি কী হয়েছিল? ১+২

৩.২. যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও ঃ

৩.২.১ "অতি মনোহর দেশ"
— কোন্ স্থানকে মনোহর দেশ বলা হয়েছে? ৩

৩.২.২. "উদ্‌ভ্রান্ত সেই আদিম যুগে"
— 'আদিম যুগ' বলতে কোন্ সময়পর্বের কথা বোঝানো হয়েছে?

৪। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও ঃ ১x৫=৫

৪.১. "আজ তোমাদের একটা জবর খেলা দেখাব।"
— কে, কাদের উদ্দেশে এ কথা বলেছেন? তিনি কোন্ জবর খেলা দেখিয়েছিলেন? ২+৩

৪.২. "আমি ভীরু, কিন্তু তাই বলে অবিচারে দন্ডভোগ করার অপমান আমাকে কম বাজে না, রামদাস।"
— প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৪

৫। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও ঃ ১x৫=৫

৫.১. "গান দাঁড়ালো ঋষিবালক / মাথায় গোঁজা ময়ূর পালক"
— কোন্ কবিতার অংশ? গানকে কবি ঋষিবালকের সাথে তুলনা করেছেন কেন? ঋষিবালক হিসাবে গান কোন্ ভূমিকা পালন করবে? ১+২+২

৫.২. "আয় আরো বেঁধে বেঁধে থাকি।"

— 'বেঁধে বেঁধে থাকা' বলতে কবি কী বুঝিয়েছেন? তিনি কাদের এভাবে থাকতে বলেছেন? কবি বেঁধে বেঁধে থাকার প্রয়োজনীয়তার ওপর জোর দিয়েছেন কেন? ১+২+২

৬। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর লেখো : ৫x১=৫

৬.১. ওয়াটারম্যান কীভাবে কালির ফোয়ারা খুলে দিয়েছিলেন?

৬.২. বাংলা ভাষায় বিজ্ঞান প্রবন্ধে 'পরিভাষা সমস্যা' বিষয়ে লেখক যে আলোচনা করেছেন তা সংক্ষেপে লেখো।

৭। কম-বেশি ১২৫ শব্দে যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর লেখো : ১x৪=৪

৭.১. "দরবার ত্যাগ করতে আমরা বাধ্য হচ্ছি জাঁহাপনা।"

— বক্তা কে? তাঁরা কেন দরবার ত্যাগ করতে চান? ১+৩

৭.২. "মনে হয়, ওর নিঃশ্বাসে বিষ, ওর দৃষ্টিতে আগুন, ওর অঙ্গ-সঞ্চালনে ভূমিকম্প।"

— কে, কার সম্পর্কে এই মন্তব্য করেছে? তার সম্পর্কে বক্তার এরূপ মন্তব্যের কারণ কী? ১+৩

৮। কমবেশি ১৫০ শব্দে যে-কোনো <u>দুটি</u> প্রশ্নের উত্তর দাও : ২x৫=১০

৮.১. "চিৎকারটা হতাশায় ভেঙে পড়ল।"

— কার চিৎকার? সেই চিৎকার হতাশায় ভেঙে পড়ার কারণ কী? ১+৪

৮.২. চিড়িয়াখানায় কোনিকে নিয়ে বেড়াতে গিয়ে কী ঘটেছিল? এই ঘটনা থেকে ক্ষিতীশের কী মনে হয়েছিল? ৩+২

৮.৩. 'অভিনন্দন আর আদরে সে ডুবে যাচ্ছে।'

— এখানে কার কথা বলা হয়েছে? অভিনন্দন আর আদরের কারণ বিশ্লেষণ করো। ১+৪

৯। চলিত বাংলায় অনুবাদ করো ঃ ৪

Jagadish Chandra Bose showed that there is no difference between the life of plants and animals. If we give the plants a blow they feel it and if we make them drink poison they are affected by it like us.

১০। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো ঃ ৫x১=৫

১০.১. পরিবেশদূষণও সভ্যতার সংকট বিষয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো।

১০.২. টানা বৃষ্টিতে বিপর্যস্ত শহরের জন-জীবন-এ বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১১। কমবেশি ৪০০ শব্দে যে-কোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো ঃ ১০

১১.১. পরিবেশ ও মানুষ।

১১.২. দূরদর্শনের ভালো মন্দ।

১১.৩. একজন হকারের রোজনামচা।

১১.৪. বাংলার ঋতুবৈচিত্র্য।

# Rani Benode Manjari Govt. Girls' School

## 3rd Summative Evaluation 2025

### Class - X

**Time - 3 hrs** **Sub -Bengali** **F.M.-90**

১. সঠিক উত্তরটি বেছে নাও ঃ ১x১৭=১৭

১.১. গিরীশ মহাপাত্রের পায়ে কোন রঙের মোজা ছিল ?
ক) হলুদ রঙের খ) লাল রঙের গ) বেগুনী রঙের ঘ) সবুজ রঙের

১.২. হরিদা চকের বাসস্ট্যাণ্ডে পাগল সেজেছিল কখন ?
ক) সকালবেলায় খ) দুপুরবেলায় গ) বিকেলবেলায় ঘ) সন্ধ্যেবেলায়

১.৩. গ্রামপ্রধান ইসাবের নাম দিয়েছিলেন — ক) অদল খ) বদল গ) হাসান ঘ) বাহালি

১.৪. "ওই নূতনের কেতন ওড়ে" — 'কেতন' শব্দটির অর্থ —
ক) শিক্ষা খ) পতাকা গ) ঝড় ঘ) জয়টিকা

১.৫. "কে বধিল কবে / প্রিয়ানুজে ?" — প্রিয়ানুজ হলেন —
ক) লক্ষ্মণ খ) রাম গ) অঙ্গদ ঘ) বীরবাহু

১.৬. "আমার শুধু একটা কোকিল" — এই কোকিলটি হল — ক) কবির অনুভূতির জগৎ খ) বসন্তের দূত গ) এক ঋষিবালক ঘ) একটি গ্রামের মানুষ

১.৭. "Sensitive person" শব্দের প্রতিশব্দ হল — ক) স্পর্শকাতর মানুষ খ) সুবেদী মানুষ গ) অভিমানী মানুষ ঘ) উত্তেজী মানুষ

১.৮. 'দ্বিতীয় শ্রেণির পাঠককে বাংলা ভাষায় লেখা বৈজ্ঞানিক সন্দর্ভ বুঝতে হলে— ক) ইংরেজী জানতে হয় খ) ইংরেজী পড়তে হয় গ) মাতৃভাষার পদ্ধতি আয়ত্ত করতে হয় ঘ) মাতৃভাষা জানতে হয়।

১.৯. চারখণ্ড রামায়ণ কপি করে একজন লেখক অষ্টাদশ শতকে কত টাকা পেয়েছিলেন
ক) সাত টাকা খ) আট টাকা গ) ন-টাকা ঘ) দশ টাকা।

১.১০. "উড়ো মেঘে প্রবল বর্ষণ হয় না" — নিম্নরেখ পদটি — ক) অধিকরণ কারক খ) করণ কারক গ) অপাদান কারক ঘ) কর্তৃকারক

১.১১. বিভক্তি কখনোই লুপ্ত হয় না — ক) কর্মকারকে খ) করণকারকে গ) সম্বন্ধ পদে ঘ) কর্তৃকারকে

১.১২. কৃত্তিবাস রামায়ণ রচনা করেন — নিম্নরেখ পদটি কোন্ সমাসের উদাহরণ —
ক) কর্মধারয় সমাস খ) তৎপুরুষ সমাস গ) বহুব্রীহি সমাস ঘ) দ্বন্দ্ব সমাস

১.১৩. 'স্বার্থপর' — পদটির ব্যাসবাক্য হল — ক) পরের স্বার্থ খ) স্বার্থে পর (আসক্ত) গ) স্বার্থের পর ঘ) অন্য স্বার্থ

১.১৪. "আজকের দিনটা বেশ কাটল" — গঠনগত দিক থেকে বাক্যটি
ক) সরল বাক্য খ) জটিল বাক্য গ) মিশ্র বাক্য ঘ) যৌগিক বাক্য

১.১৫. বাক্যের ক্রিয়াখণ্ডে থাকে না — ক) মুখ্য কর্ম খ) গৌণ কর্ম গ) কর্তা ঘ) বিশেষণ

T.O.

১.১৬. 'শাঁখ বাজে'— কী জাতীয় বাচ্য — ক) কর্মবাচ্য খ) কর্তৃবাচ্য গ) ভাববাচ্য ঘ) কর্মকর্তৃবাচ্য

১.১৭. কর্মবাচ্যের কর্তাকে বলে — ক) ব্যতিহার কর্তা খ) কর্ম কর্তা গ) অনুক্ত কর্তা ঘ) উক্ত কর্তা

১ x ১৯ = ১৯

২। কমবেশি ২০ টি শব্দে নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ

২.১. যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও ঃ- ১ x ৪ = ৪

২.১.১. "বুকের রক্ত ছলকে ওঠে তপনের।" — তপনের বুকের রক্ত ছলকে ওঠার কারণ কী ?

২.১.২. "বলতে বলতে সিঁড়ি থেকে নেমে গেলেন বিরাগী।"— কী বলতে বলতে নেমেছিলেন ?

২.১.৩. "পথে কুড়িয়ে পেলাম" — পথে কে কী কুড়িয়ে পেয়েছিল ?

২.১.৪. "বলতে গেলে ছেলে দুটোর সবই একরকম, তফাৎ শুধু এই যে "— তফাতটা কী ?

২.১.৫. "চিঠি পকেটেই ছিল"— কোন চিঠির কথা বলা হয়েছে ?

২.২. যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ- ১ x ৪ = ৪

২.২.১. "সেখানে ছিল শহর"— সেখানকার কী অবস্থা হল ?

২.২.২. "শঙ্কাকে চাচ্ছিল হার মানাতে "— কে কীভাবে শঙ্কাকে হার মানাতে চেয়েছিল ?

২.২.৩. "কাঁপিল লঙ্কা"— 'লঙ্কা কেন কেঁপে উঠল ?

২.২.৪. "এবার মহানিশার শেষে"— মহানিশার শেষে কী ঘটবে বলে কবি আশা প্রকাশ করেছেন ?

২.২.৫. "কন্যারে ফেলিল যথা"— কন্যাকে কোথায় ফেলা হল ?

২.৩. যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও ঃ- ১x৩ = ৩

২.৩.১. "বাংলায় একটা কথা চালু ছিল"— কথাটি কী ?

২.৩.২. সোনার দোয়াত কলম যে সত্যিই হয়, তা লেখক কী করে জেনেছিলেন ?

২.৩.৩. "এই ধারণা পুরোপুরি ঠিক নয়।"— কোন ধারণা পুরোপুরি ঠিক নয় ?

২.৩.৪. "তখন বৈজ্ঞানিক সাহিত্য রচনা সুসাধ্য হবে।"— কখন সুসাধ্য হবে ?

২.৪. যে কোন আটটি প্রশ্নের উত্তর দাও ঃ- ১x৮ = ৮

২.৪.১. একশেষ দ্বন্দ্ব সমাস কাকে বলে ?

২.৪.২. 'বহুব্রীহি' শব্দের অর্থ কী ?

২.৪.৩. উপবাক্যীয় কর্তার উদাহরণ দাও।

২.৪.৪. "বেলা যে পড়ে এল, <u>জলকে</u> চল"— রেখাঙ্কিত পদটির কারক ও বিভক্তি নির্ণয় করো।

২.৪.৫. 'প্রত্যক্ষ ' ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো।

২.৪.৬. সমধাতুজ কর্মের একটি উদাহরণ দাও।

২.৪.৭. বিধেয় প্রসারকের একটি উদাহরণ দাও।

২.৪.৮. ভাববাচ্যে কর্তা অবলুপ্ত অবস্থায় আছে, এরকম একটি বাক্য লেখো।

২.৪.৯. ''সেই সত্য যা রচিবে তুমি'' (সরল বাক্যে রূপান্তর করো)

২.৪.১০. '' বুড়ো মানুষের কথাটা শুনো''— (কর্মবাচ্যে রূপান্তর করো)

৩. প্রসঙ্গ নির্দেশ সহ কমবেশি ৬০টি শব্দে উত্তর দাও :-

৩.১. যে কোন একটি প্রশ্নের উত্তর দাও :- ৩+৩=৬

৩.১.১. ''অপূর্ব তৎক্ষণাৎ সম্মত হইয়া বলিল''— অপূর্ব কীসে সম্মত হয়েছিল ? সম্মতি জানানোর কারণ কী ছিল ? ৩ x ১ =৩

৩.১.২. ''একটা উন্মাদ পাগল''—'পাগল'টি কে ? তার পাগলামির বিবরণ দাও। ১+২= ৩

৩.২. যে কোন একটি প্রশ্নের উত্তর দাও :- ১+২= ৩

৩.২.১. ''শান্ত হলুদ দেবতারা''— দেবতাদের'শান্ত হলুদ' বলা হয়েছে কেন ? তাদের কী পরিণতি হয়েছিল ? ৩ x ১ =৩

৩.২.২. 'আফ্রিকা' কবিতায় বাস্পাকুল অরণ্যপথের ধূলি পঙ্কিল হয়েছিল কীভাবে? ১+২= ৩ ৩

৪. কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫x১ =৫

৪.১. ''রত্নের মূল্য জহুরির কাছেই।''— 'রত্ন' ও 'জহুরি' বলতে কী বোঝানো হয়েছে? উদ্ধৃতাংশটির তাৎপর্য আলোচনা করো। ২+৩=৫

৪.২. ''টিফিনের সময় উভয়ে একত্র বসিয়া জলযোগ করিত।'' — 'উভয়' বলতে কাদের বোঝানো হয়েছে ? কেন উভয়ে একত্রে বসে জলযোগ করত ? ১+৪=৫

৫. কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫x১ =৫

৫.১. ''বাহুরক কন্যার জীবন'' — 'বাহুরক' শব্দের অর্থ কী ? এমন প্রার্থনার কারণ ব্যক্ত করো। ১+৪=৫

৫.২ ''তোমায় নিয়ে বেড়াবে গান / নদীতে দেশগাঁয়ে '' — 'তোমায়' বলতে কাকে বোঝানো হয়েছে ? গান তাকে কীভাবে 'নদীতে', 'দেশগাঁয়ে' নিয়ে বেড়াবে ? ১+৪=৫

৬. কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :- ৫x১ =৫

৬.১. 'হারিয়ে যাওয়া কালি কলম' প্রবন্ধে লেখক বাঁশের কঞ্চি কেটে কলম তৈরি থেকে আধুনিক বল-পেন পর্যন্ত কলমের যে ধারাবাহিক ইতিহাস লিখেছেন, তা সংক্ষেপে বর্ণনা করো। ৫

৬.২. 'অনেকে মনে করেন পারিভাষিক শব্দ বাদ দিয়ে বক্তব্য প্রকাশ করলে রচনা সহজ হয় ।' — মতটিকে তুমি কি সমর্থন করো ? আলোচনার মাধ্যমে বুঝিয়ে দাও। ৫

৭. কমবেশি ১২৫ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :- ৪x১ =৪

৭.১. ''আমরা কেউ কলঙ্ক রটাইনি।''— উক্তিটির বক্তা কে ? এখানে আমরা বলতে কাদের কথা বলা হয়েছে ? কার, কোন্ কলঙ্কের কথা বলতে চেয়েছেন ? ১+১+২

৭.২. ''এই প্রতিহিংসা আমার পূর্ণ হবে সেইদিন'' — বক্তা কে ? বক্তার প্রতিহিংসার পরিচয় দাও। ১+৩ = ৪

৮. কমবেশি ১৫০ শব্দে যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :- ৫x২=১০

৮.১. ''সাঁতারু অনেক বড়ো সেনাপতির থেকে।'' — উক্তিটি কার ? উদ্ধৃতাংশটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৪ = ৫

৮.২. ''একে স্পোর্ট বলতে ক্ষিতীশের ভীষণ আপত্তি।''— ক্ষিতীশ কাকে স্পোর্ট বলতে নারাজ কেন ? কেন তিনি স্পোর্ট বলতে চান না ? ২+৩ = ৫

৮.৩. ''লজ্জায় আর ভয়ে খাটের সঙ্গে নিজেকে মিশিয়ে কোনি শুয়েছিল।''— কোথায় কেন কোনি ওভাবে শুয়েছিল ? ওই অবস্থায় সে কী ভাবছিল ? ৩+২ = ৫

৯. চলতি গদ্যে বঙ্গানুবাদ করো : ৪

Words have lot of power. They can help or hurt, bless or curse. Unkind words do a lot of harm, kind words do lot of good. We can spoil a friend's happiness by an unkind word, but cheer up a sad heart with a kind word which costs nothing. A kind word offers more welcome than costly present.

১০. কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :- ৫x১ = ৫

১০.১. মাধ্যমিক পরীক্ষার পর তুমি কীভাবে কাটাতে চাও, এই বিষয়টিকে নিয়ে দুই বন্ধুর মধ্যে কাল্পনিক সংলাপ রচনা করো। ৫

১০.২. তোমার এলাকায় একটি পাঠাগার উদ্‌বোধন হল — এই বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো। ৫

১১. কমবেশি ৪০০ শব্দে যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো :- ১০

১১.১. বিজ্ঞানমনস্কতা ও কুসংস্কার

১১.২. বৃক্ষরোপণ ও বনমহোৎসব

১১.৩. তোমার প্রিয় সাহিত্যিক

১১.৪. একটি বৃদ্ধাশ্রমের আত্মকথা।

---X----

# Sadar Govt. High School

Test Examination-2025

Class : X :: Sub : Bengali

Time : 3.15 hrs　　　　Full Marks : 90

১. সঠিক উত্তর নির্বাচন করো ঃ　　১৭ X ১ =১৭

১.১. নকল পুলিশ সেজে হরিদা মাস্টারমশাইয়ের কাছ থেকে কত ঘুষ নিয়েছিলেন?

ক) চার আনা　খ) আট আনা　গ) এক টাকা　ঘ) দু' টাকা

১.২. পান্নালাল প্যাটেল কোন ভাষার লেখক ছিলেন?

ক) পাঞ্জাবি　খ) মারাঠি　গ) গুজরাতি　ঘ) হিন্দি

১.৩. নদের চাঁদের বয়স –

ক) পঁচিশ বছর　খ) ত্রিশ বছর　গ) পঁয়ত্রিশ বছর　ঘ) চল্লিশ বছর

১.৪. 'তারা স্বপ্ন দেখতে পারল না।' – কারা স্বপ্ন দেখতে পারল না?

ক) সেই মেয়েটি　খ) গির্জার নান

গ) কবিতার কথক　ঘ) শান্ত হলুদ দেবতারা

১.৫. 'আয় আরো বেঁধে বেঁধে থাকি' – কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

ক) নিহিত পাতাল ছায়া　খ) পাঁজরের দাঁড়ের শব্দ

গ) দিনগুলি রাতগুলি　ঘ) জলই পাষাণ হয়ে আছে।

১.৬. ইন্দ্রজিতের স্ত্রীর নাম–

ক) ইন্দিরা　খ) সরমা　গ) নিকষা　ঘ) প্রমীলা।

১.৭. সিজার যে কলমটি দিয়ে কাসকাকে আঘাত করেছিলেন তার পোশাকি নাম–

ক) রিজার্ভার　খ) স্টাইলস　গ) পার্কার　ঘ) পাইলট

১.৮. ফিনিসিয়ানদের লেখনী কী ছিল?

ক) নলখাগড়া　খ) বাঁশের কঞ্চি　গ) ব্রোঞ্জের শলাকা　ঘ) হাড়।

১.৯. বাংলা ভাষার বিজ্ঞানচর্চার একটি প্রধান বাধা হল –

ক) বাংলাভাষার প্রতি অনীহা　খ) ইংরেজির প্রতি আকর্ষণ

গ) বাংলায় পারিভাষিক শব্দ কম　ঘ) বাংলায় পারিভাষিক শব্দ বেশি।

১.১০. অন্যের পরিচালনায় যে কর্তা কাজে করে, তাকে বলে–

ক) প্রযোজক কর্তা　খ) প্রযোজ্য কর্তা

গ) সহযোগী কর্তা　ঘ) উহ্য কর্তা

১.১১. আমাদের ইতিহাস নেই। – নিম্নরেখ পদটি হল –

ক) কর্তৃ কারক খ) কর্ম কারক

গ) সম্বন্ধ কারক ঘ) অধিকরণ কারক।

১.১২. সমাসের মূল অর্থ –

ক) বর্ণের সাথে বর্ণের মিলন। খ) নামপদের সাথে ক্রিয়াপদের মিলন।

গ) একাধিক পদের একটি পদে পরিনতি লাভ।

ঘ) ক্রিয়াপদের সাথে ক্রিয়াপদের মিলন।

১.১৩. কেলাইলা কনক-বলয় দূরে। – নিম্নরেখ পদটি কোন্ সমাসের উদাহরণ?

ক) তৎপুরুষ খ) অব্যয়ীভাব

গ) বহুব্রীহি ঘ) মধ্যপদলোপী কর্মধারয়।

১.১৪. আমাদের মধ্যে যারা ওস্তাদ তারা ওই কালো জলে হরতকী ঘষত। – বাক্যটি কোন্ শ্রেণির?

ক) সরল বাক্য খ) জটিল বাক্য গ) যৌগিক বাক্য ঘ) মিশ্র বাক্য

১.১৫. যে বাক্যে সাধারনভাবে কোনো কিছুর বর্ণনা বা বিবৃতি থাকে, তাকে বলা হয় –

ক) অনুজ্ঞাসূচক বাক্য খ) নির্দেশক বাক্য

গ) আবেগসূচক বাক্য ঘ) প্রশ্নবোধক বাক্য

১.১৬. যে বাক্যে কর্ম কর্তারূপে প্রতীয়মান হয় তাকে বলে–

ক) কর্মবাচ্য খ) কর্তৃবাচ্য গ) ভাব বাচ্য ঘ) কর্মকর্তৃ বাচ্য

১.১৭. আমি তোমাকে বইটি দিলাম। – এটি কোন বাক্যে উদাহরণ?

ক) কর্তৃবাচ্যের খ) কর্ম বাচ্যের গ) ভাববাচ্যের ঘ) কর্মকর্তৃবাচ্যের

২. কমবেশি ২০টি শব্দে নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ ১৯ X ১ =১৯

২.১. <u>যে-কোনো ৪টি প্রশ্নের উত্তর দাও</u> ঃ ৪X১=৪

২.১.১. "ভালো হবে না বলছি।" – কোন্ কথার পরিপ্রেক্ষিতে বক্তার এমন উক্তি?

২.১.২. "হঠাৎ অমৃতের মাথায় একটা বুদ্ধি খেলে গেল।" – বুদ্ধিটা কী ছিল?

২.১.৩. তপন মামার বাড়িতে কেন এসেছিল?

২.১.৪. "আপনি কি ভগবানের চেয়েও বড়ো?" – বক্তা একথা কাকে বলেছিলেন?

২.১.৫. মানিক বন্দ্যোপাধ্যায়ের প্রকৃত নাম কি?

২.২. <u>যে-কোনো ৪টি প্রশ্নের উত্তর দাও</u> ঃ ৪X১=৪

২.২.১. "বিদ্রুপ করছিলে ভীষনকে"– কীভাবে 'বিদ্রুপ' করছিল?

২.২.২. "এসো যুগান্তের কবি" – কবির ভূমিকাটি কী হবে?

২.২.৩. "সব চূর্ন হয়ে গেল"– কী চূর্ন হয়ে গেল?

২.২.৪. "সিন্ধুতীরে দেখি দিব্যস্থান।" – 'দিব্যস্থান' কেমন ছিল?

২.২.৫. "ধ্বংস দেখে ভয় কেন তোর" – কবি ধ্বংসকে ভয় পেতে নিষেধ করেছেন কেন?

**২.৩. যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দাও ঃ** ৩X১=৩

২.৩.১. 'কুইল' কাকে বলে?

২.৩.২. 'অনেকদিন ধরে টাইপ-রাইটারে লিখে গেছেন মাত্র একজন।"– কার কথা বলা হয়েছে?

২.৩.৩. " এতে রচনা উৎকট হয়।" – রচনা 'উৎকট' হয় কীসে?

২.৩.৪. প্রয়োজনমতো বাংলা শব্দ পাওয়া না গেলে কী করা উচিত বলে লেখক মনে করেছেন?

**২.৪. যে-কোনো ৮টি প্রশ্নের উত্তর দাও ঃ** ৮X১=৮

২.৪.১. তির্যক বিভক্তি কাকে বলে?

২.৪.২. বিভক্তি ও অনুসর্গের একটি পার্থক্য লেখ।

২.৪.৩. 'কহদাসে লঙ্কার <u>কুশল</u>।' – নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি নির্ণয় করো।

২.৪.৪. শব্দ বিভক্তির একটি উদাহরণ দাও।

২.৪.৫. নিত্য সমাস কাকে বলে?

২.৪.৬. 'চরণ কমলের ন্যায়'– ব্যাসবাক্যটি সমাসবদ্ধ করে সমাসের নাম লেখো।

২.৪.৭. 'এ কার লেখা?' – কর্তৃবাচ্যে পরিবর্তন করো।

২.৪.৮. 'সংগ্রহ করেছিল দুর্গমের রহস্য।' – জটিল বাক্যে রূপান্তর করো।

২.৪.৯. যোগ্যতাহীন বাক্যের একটি উদাহরণ দাও।

২.৪.১০. ভাববাচ্যের একটি উদাহরণ দাও।

**৩. প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০টি শব্দে উত্তর দাও ঃ** ৩+৩=৬

৩.১ <u>যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাও ঃ</u> ১X৩=৩

৩.১.১. "তাতে যে আমার ঢং নষ্ট হয়ে যায়"– ঢং বলতে কী বোঝানো হয়েছে? কীসে ঢং নষ্ট হয়ে যাবে? ১+২

৩.১.২. "তার লাঞ্ছনা এই কালো চামড়ার নীচে কম জ্বলে না"– বক্তা কে? তার কোন লাঞ্ছনার কথা বলা হয়েছে? ১+২

৩.২ যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাও ঃ ১X৩=৩

৩.২.১. "সে জানত না আমি আর কখনো ফিরে আসবো না"– 'সে' কে? 'আমি আর কখনো ফিরে আসবো না' বলার কারণ কী? ১+২

৩.২.২. "অস্ত্র ফ্যালো, অস্ত্র রাখো"– কবি কোথায় অস্ত্র রাখতে বলেছেন? তাঁর একথা বলার কারণ কী? ১+২

৪. কম-বেশি ১৫০টি শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাও ঃ ৫

৪.১. "তপন আর পড়তে পারে না। বোবার মতো বসে থাকে।" – তপনের এরকম অবস্থার কারণ বর্ণনা করো। ৫

৪.২. জগদীশবাবুর বাড়ি হরিদা বিরাগী সেজে যাওয়ার পর যে ঘটনা ঘটেছিল তা বর্ণনা করো। ৫

৫. কম-বেশি ১৫০টি শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাও ঃ ৫

৫.১. "আমরা ভিখারি বারোমাস।" –কোন পরিস্থিতিতে 'আমরা' বারোমাস ভিখারি? এই অবস্থায় কী দরকার বলে কবি মনে করেন? ৩+২

৫.২. জয় গোস্বামীর 'অস্ত্রের বিরুদ্ধে গান' কবিতায় কবি যে যুদ্ধ বিরোধী মনোভাবের পরিচয় পাওয়া যায় তা বর্ণনা করো। ৫

৬. কম-বেশি ১৫০টি শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাও ঃ ৫

৬.১. " তাই দিয়ে প্রথম আমাদের লেখালেখি"– লেখকের প্রথম লেখালেখির আয়োজনের পরিচয় দাও। ৫

৬.২. বাংলা ভাষায় বিজ্ঞান বিষয়ক গ্রন্থের পাঠকদের যে দুটি শ্রেণিতে ভাগ করেছেন তাদের পরিচয় দাও। ৫

৭. কম-বেশি ১২৫টি শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাও ঃ ৪

৭.১. "বাংলার ভাগ্যাকাশে আজ দুর্যোগের ঘনঘটা, তার শ্যামল প্রান্তরে আজ রক্তের আলপনা।"– বক্তা কে? কোন্ দুর্যোগের কথা বলা হয়েছে? ১+৩

৭.২. "এইবার হয়তো শেষ যুদ্ধ।"– কোন্ যুদ্ধের কথা বলা হয়েছে? বক্তা এই যুদ্ধকে 'শেষ যুদ্ধ' বলেছেন কেন? ১+৩

৮. কম-বেশি ১৫০টি শব্দে যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দাও ঃ ২X৫=১০

৮.১. "খাওয়ায় আমার লোভ নেই। ডায়েটিং করি।" – বক্তা কে? তার ডায়েটিং-এর পরিচয় দাও। ১+৪

৮.২. "ক্ষিদা, এবার আমরা কী খাব?" – বক্তা কে? উদ্দিষ্ট ব্যক্তি কীভাবে তাদের সাহায্য করেছেন? ১+৪

৮.৩. "এটা বুকের মধ্যে পুষে রাখুক।" – কী পুষে রাখার কথা বলা হয়েছে? কী কারণে এই পুষে রাখা? ২+৩

৯. চলিত বাংলায় অনুবাদ করো ঃ ৪

The teachers are regarded as the backbone of the society. They build the future citizens of country. They love students as their children. The teachers always encourage and inspire us to be good and great in life.

১০. কম-বেশি ১৫০টি শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাও ঃ ৫

১০.১. 'Social Media' বিষয়ে দুই বন্ধুর মধ্যে কাল্পনিক সংলাপ রচনা করো।

১০.২. "জলা বুঝিয়ে সবুজ ধ্বংস করে আবাসন নয়।" – এই বিষয়ে একটি প্রতিবেদন রচনা।

১১. কম-বেশি ৪০০টি শব্দে যে-কোনো ১টি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো। ১০

১১.১. একটি মোবাইল ফোনের আত্মকথা।

১১.২. বাংলার উৎসব।

১১.৩. বাংলার ঋতু বৈচিত্র।

১১.৪. আধুনিক জীবনে বিজ্ঞাপনের ভূমিকা।

# সাখাওয়াত মেমোরিয়াল গভর্ণমেন্ট গার্লস হাই স্কুল

## নির্বাচনী অভীক্ষা - ২০২৫

### শ্রেণী - দশম

### বিষয় - বাংলা

সময় ঃ ৩ ঘন্টা　　　　　　　　　　　　　　　　　　　　　　পূর্ণমান ঃ ৯০

১.　**সঠিক উত্তরটি নির্বাচন করো ঃ**　　　　　　　　　　　　　　[১×১৭=১৭]

১.১　'এ শহরে আরও কিছুদিন নজর রাখা দরকার।'—কোন্ শহর ?

(ক) ভামো　(খ) রেঙ্গুন　(গ) ম্যানডালে　(ঘ) মিক্‌থিলা

১.২　'হরিদার গলার স্বর এরকমেরই নয়'—বক্তা কে?

(ক) গল্পকথক　(খ) ভবতোষ　(গ) কাশীনাথ　(ঘ) শিবতোষ

১.৩　নিজের পাগলামিতে নদের চাঁদ উপভোগ করে—

(ক) আনন্দ　(খ) ঘৃণা　(গ) দুঃখ　(ঘ) সৌন্দর্য

১.৪　'বৃষ্টিতে ধুয়ে দিল আমার ________।' (শূন্যস্থান পূরণ করো)

(ক) রক্তের ছিটে　(খ) ধুলোর দাগ　(গ) হাতের দাগ　(ঘ) পায়ের দাগ

১.৫　'সিন্ধুতীরে' কাব্যাংশটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত ?

(ক) লোরচন্দ্রানী　(খ) পদ্মাবতী　(গ) সতীময়না　(ঘ) তোহফা

১.৬　কবির মতে গিরিখাদ রয়েছে আমাদের—

(ক) সামনে　(খ) পেছনে　(গ) ডানদিকে　(ঘ) বাঁ দিকে

১.৭　চারখণ্ড রামায়ণ কপি করে একজন লেখক অষ্টাদশ শতকে পেয়েছিলেন—

(ক) নগদ চার টাকা　(খ) নগদ পাঁচ টাকা　(গ) নগদ ছয় টাকা　(ঘ) নগদ সাত টাকা

১.৮　'কঙ্কাবতী', 'ডমরুধর' এর লেখক ছিলেন—

(ক) রাজশেখর বসু　(খ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

(গ) সত্যজিৎ রায়　(ঘ) ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়

১.৯　কলিকাতা বিশ্ববিদ্যালয় পরিভাষা সমিতি নিযুক্ত করেছিলেন—

(ক) ১৯৩৫ সালে　(খ) ১৯৩৬ সালে　(গ) ১৯৩৭ সালে　(ঘ) ১৯৩৮ সালে

১.১০　'সীতা <u>বিনা</u> আমি যেন মণিহারা ফনী'—রেখাঙ্কিত পদটি হল—

(ক) উপসর্গ　(খ) অনুসর্গ　(গ) বিভক্তি　(ঘ) প্রত্যয়

　　[পরের পৃষ্ঠায় দেখো]

১.১১ '<u>বিপদে</u> মোরে রক্ষা করো, এ নহে মোর প্রার্থনা'—রেখাঙ্কিত পদটি কোন্ জাতীয় কারক ?

(ক) অধিকরণ কারক (খ) অপাদান কারক

(গ) করণ কারক (ঘ) কর্মকারক

১.১২ নিম্নের সমাসগুলির কোন্‌টি ব্যধিকরণ বহুব্রীহি সমাসের উদাহরণ ?

(ক) দরিয়ার মতো দিল যার = দিলদরিয়া (খ) বিগত হয়েছে শ্রদ্ধা যার = বীতশ্রদ্ধ

(গ) নাই আদি যার = অনাদি (ঘ) পাপে মতি যার = পাপমতি

১.১৩ পূর্বপদ উপমানবাচক, পরপদ সাধারণ ধর্মবাচক, পরপদের অর্থ প্রধান—এই তিনটি বৈশিষ্ট্য কোন্ প্রকার সমাসে দেখা যায় ?

(ক) উপমান কর্মধারয় সমাস (খ) উপমিত কর্মধারয় সমাস

(গ) সাধারণ কর্মধারয় সমাস (ঘ) মধ্যপদলোপী বহুব্রীহি সমাস

১.১৪ 'অন্য যুগ'—এই ব্যাসবাক্যটির সমাসবদ্ধ পদ কোন্‌টি ?

(ক) যুগান্ত (খ) যুগান্তর (গ) যুগাদি (ঘ) যুগমধ্য

১.১৫ 'ঈশ্বরের সকল কার্যই আশ্চর্য।' বাক্যটি কোন্ প্রকার বাক্যের উদাহরণ ?

(ক) প্রশ্নবাচক বাক্য (খ) অনুজ্ঞাবাচক বাক্য

(গ) নির্দেশক বাক্য (ঘ) নেতিবাচক বাক্য

১.১৬ কর্মবাচ্যে ক্রিয়া কার অনুসারী ?

(ক) কর্তার (খ) কর্মের

(গ) কর্তা ও কর্ম উভয়ের (ঘ) বাক্যস্থ পদের

১.১৭ 'পথের পাঁচালী' আমার আগেই পড়া হয়েছে। —বাক্যটি কোন্ প্রকার বাচ্যের উদাহরণ?

(ক) কর্তৃবাচ্য (খ) কর্মবাচ্য (গ) কর্ম-কর্তৃবাচ্য (ঘ) ভাববাচ্য

২. **কমবেশি ২০টি শব্দে নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ** [১×১৯ = ১৯]

২.১ **যে-কোনো <u>চারটি</u> প্রশ্নের উত্তর দাও ঃ** [১×৪ = ৪]

২.১.১ ''না আ-আ' করে প্রবল আপত্তি তোলে''—কে, কেন আপত্তি তুলেছিল ?

২.১.২ 'অদল-বদল' গল্পটি কে বাংলায় তরজমা করেছেন ?

২.১.৩ 'আক্ষেপ করেন হরিদা।'—হরিদার আক্ষেপের কারণ কী ?

২.১.৪ অমৃত ও ইসাব হাত ধরাধরি করে গ্রামের ধারে কী কী দেখতে গিয়েছিল ?

[পরের পৃষ্ঠায় দেখো]

২.১.৫ 'নদের চাঁদ গর্ব অনুভব করিয়াছে।'—কার জন্য নদের চাঁদের গর্ব হয়েছে?

২.২ **যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :** [১×৪ = ৪]

২.২.১ 'বুদ্ধ সমুদ্রের বাহু...' সমুদ্র বুদ্ধ কেন ?

২.২.২ 'শিশু আর বাড়িরা খুন হলো'—'শিশু আর বাড়িরা' খুন হয়েছিল কেন ?

২.২.৩ 'অস্ত্র ফ্যালো, অস্ত্র রাখো'—কোথায় অস্ত্র ফেলার কথা বলা হয়েছে?

২.২.৪ 'দিগম্বরের জটায় হাসে শিশু চাঁদের কর'—'শিশু চাঁদের কর' কথাটির অর্থ কী?

২.২.৫ 'কহিলা কাঁদিয়া ধনি'—ধনি কেঁদে কী বলেছিলেন?

২.৩ **যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :** [১×৩ = ৩]

২.৩.১ 'হিমালয় যেন পৃথিবীর মানদণ্ড'—কার উক্তি ?

২.৩.২ 'প্রথম শ্রেণির পাঠকদের বিজ্ঞানের সঙ্গে পূর্ব পরিচয় নেই।'—প্রথম শ্রেণির পাঠকদের পরিচয় দাও।

২.৩.৩ লেখক কখন বাঁশ বা কঞ্চির কলমকে ছুটি দিয়েছিলেন?

২.৩.৪ কলমের দুনিয়ায় সত্যিকারের বিপ্লব কোন্ কলম ঘটিয়েছিল ?

২.৪ **যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাও :** [১×৮ = ৮]

২.৪.১ অনুসর্গ কাকে বলে?

২.৪.২ সমধাতুজ কর্মের একটি উদাহরণ দাও।

২.৪.৩ বাক্যের 'আকাঙ্ক্ষা' বলতে কী বোঝো তা উদাহরণ সহ লেখো।

২.৪.৪ 'ছেলেটি খুব জোরে হাঁটছে।'—বাক্যটিতে 'ক্রিয়াখণ্ড'টি চিহ্নিত করো।

২.৪.৫ উপমান কর্মধারয় সমাস ও উপমিত কর্মধারয় সমাসের দুটি পার্থক্য লেখো।

২.৪.৬ কর্মবাচ্যের একটি উদাহরণ দাও।

২.৪.৭ 'প্রাণপ্রিয়' শব্দটির ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো।

২.৪.৮ 'তাহার ধনের অভাব নাই, কিন্তু কাহাকেও কিছু দান করেন না।'—বাক্যটিকে জটিল বাক্যে পরিবর্তিত করো।

২.৪.৯ 'আমি তাকে বিশ্বাস করিনা'—ইতিবাচক বাক্যে পরিবর্তন করো।

২.৪.১০ 'আর সময় নষ্ট করব না'—ভাববাচ্যে পরিবর্তন করো।

৩. **প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০টি শব্দে উত্তর দাও :** [৩+৩ = ৬]

৩.১ **যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :** [১×৩ = ৩]

৩.১.১ 'সহসা আশঙ্কা হয়'—কার সম্পর্কে, কেন এইরকম আশঙ্কা হয় ? [১+২ = ৩]

৩.১.২ 'নদীকে এভাবে ভালোবাসিবার একটা কৈফিয়ত নদের চাঁদ দিতে পারে।'—নদের চাঁদের কৈফিয়তের বিবরণ গল্প অনুযায়ী দাও।

[পরের পৃষ্ঠায় দেখো]

৩.২ যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : [১×৩ = ৩]

৩.২.১ 'বিধি মোরে না কর নৈরাশ।'—কে, কোন্ বিষয়ে 'বিধি'র কাছে এই প্রার্থনা করেছেন? [১+২=৩]

৩.২.২ 'স্তব্ধ চরাচর' স্তব্ধতার কারণ কী? কারা, কীভাবে এই স্তব্ধতা বহন করে আনছে? [১+২=৩]

৪. **কম-বেশি ১৫০টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :** [৫×১ = ৫]

৪.১ জগদীশবাবুর বাড়ি হরিদা বিরাগী সেজে যাওয়ার পর যে ঘটনা ঘটেছিল তা বর্ণনা করো।

৪.২ 'তপনের মনে হয় আজ যেন তার জীবনের সবচেয়ে দুঃখের দিন।'—কোন্ দিন তপনের এমন মনে হয়েছিল? তার এমন মনে হওয়ার কারণ কী? [২+৩=৫]

৫. **কম-বেশি ১৫০টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :** [৫×১ = ৫]

৫.১ 'অস্ত্রের বিরুদ্ধে গান'—কবিতায় কবির যে যুদ্ধ-বিরোধী মনোভাবের পরিচয় পাওয়া যায় তার বর্ণনা দাও।

৫.২ 'অভিষেক' কবিতায় লঙ্কাধিপতি ও সৈনাগণের যুদ্ধ প্রস্তুতির বর্ণনা আছে তা নিজ ভাষায় বিশ্লেষণ করো।

৬. **কম-বেশি ১৫০টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :** [৫×১ = ৫]

৬.১ 'আমাদের আলঙ্কারিকগণ শব্দের ত্রিবিধ কথা বলেছেন'—'ত্রিবিধ' কথা কী কী? 'ত্রিবিধ কথা' গুলির প্রত্যেকটির ব্যাখ্যা করো। [২+৩=৫]

৬.২ 'দ্বিতীয় মহাযুদ্ধের বেশ কয়েক বছর পরের ঘটনা।'—'ঘটনা'টি কী? সেই 'ঘটনা'র বিস্তৃত বিবরণ দাও। [১+৪=৫]

৭. **কম-বেশি ১২৫টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :** [৪×১ = ৪]

৭.১ 'এই আমার কামনা'—উক্তিটির বক্তা কে? কাদের প্রতি এই কামনা? বক্তা কী কামনা, কেন করেছেন? [১+১+২=৪]

৭.২ 'আপনার উপদ্রবই আমাদের মনে এই সাহস এনে দিয়েছে।'—কে, কার প্রতি এই বক্তব্য প্রকাশ করেছেন? 'আমাদের' বলতে বক্তা কাদের বুঝিয়েছেন? কোন্ উপদ্রব এর কথা এখানে বক্তা বলেছেন? এর প্রত্যুত্তরে শ্রোতা কী বলেছেন? [১+১+১+১=৪]

৮. **কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :** [২×৫ = ১০]

৮.১ 'এটা বুকের মধ্যে পুষে রাখুক।'—কার, কী পুষে রাখার কথা বলা হয়েছে? বক্তা কী কারণে এই পুষে রাখার কথা বলেছেন? [১+১+৩]

[পরের পৃষ্ঠায় দেখো]

৮.২ 'ক্ষিতীশ কখনও যজ্ঞিবাড়ির নিমন্ত্রণে যায় না।'—ক্ষিতীশ এর যজ্ঞিবাড়ির নিমন্ত্রণে না যাওয়ার কারণ কী? বাঙালির খাদ্যাভ্যাস সম্পর্কে ক্ষিতীশের মনোভাব ব্যাখ্যা করো। [৩+২]

৮.৩ 'এগুলো তোমায় বুঝতে হবে।'—কার প্রতি কে এই উক্তি করেছেন? প্রসঙ্গ উল্লেখ করে বক্তার এই উক্তির কারণ বিশ্লেষণ করো। [২+১+২]

৯. **চলিত গদ্যে বঙ্গানুবাদ করো :** [৪]

Man is the maker of his own fortune. We cannot make our fortune or cannot prosper in life if we are afraid of labour. Some people think that success in life depends on luck of chance. Nothing like that can be further from the truth. Hard labour is needed to achieve success in every walk of life. We, therefore, must work hard if we want to raise the prestige of our motherland in the eye of the world.

১০. **কম-বেশি ১৫০টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :** [৫×১=৫]

১০.১ বাংলা ভাষা অথবা ইংরেজি ভাষা, কোন্‌টি শিক্ষার সর্বস্তরে মাধ্যম হওয়া উচিত—এই নিয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা করো।

১০.২ একটানা বর্ষণে কলকাতা শহরের রাস্তাঘাটের হাল-অবস্থা সম্পর্কে একটি প্রতিবেদন রচনা করো।

১১. **কম-বেশি ৪০০ শব্দে যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো :** [১০]

১১.১ পৃথিবীর উষ্ণতা বৃদ্ধি ও পরিবেশ সংকট।

১১.২ বিজ্ঞান সাধনায় বাঙালির অবদান।

১১.৩ বাংলার উৎসব।

১১.৪ তোমার প্রিয় ঋতু।

——***——

# Sanskrit Collegiate School

## Test Examination-2025

**Class : X**

**Sub. : Bengali**

*Full Marks : 90* *Time : 3 hour*

১৭×১ = ১৭
১×৮=৮

১। সঠিক উত্তরটি নির্বাচন করো ঃ

১.১ "এ বার আর কাঙালের মতো হাত পেতে বকশিস নেওয়া নয়।"— উক্তিটির বক্তা—

ক) এক সন্ন্যাসী খ) জগদীশ বাবু গ) হরিদা ঘ) ভবতোষ।

১.২ "না-না আমি বলছি—তপের হাত আছে;"—কথাটি বলেছে—

ক) ছোটো মাসি খ) 'সন্ধ্যা তারার' সম্পাদক গ) মেজোকাকু ঘ) নতুন মেসোমশাই।

১.৩ "উনি গিয়ে ইসাবের বাবার গোয়ালঘর থেকে লুকিয়ে থাকা অমৃতকে বাড়ি নিয়ে এলেন।"—উনি বলতে বোঝানো হয়েছে—

ক) অমৃতের বাবা খ) অমৃতের মা গ) ইসাবের বাবা ঘ) কালিয়া।

১.৪ "জীবনহারা অ-সুন্দরে করতে ছেদন!"—কে আসছে?

ক) প্রলয়ংকর শিব খ) মহাকাল-সারথি গ) নবীন ঘ) চিরসুন্দর।

১.৫ 'অস্ত্রের বিরুদ্ধে গান' কবিতাটির উৎস হল—

ক) পাতার পোষক খ) পাগলি তোমার সঙ্গে গ) সূর্য পোড়া ছাই ঘ) ঘুমিয়েছ ঝাউপাতা।

১.৬ "বৎস, আগে পূজইস্টদেবে," ইষ্টদেব হলেন—

ক) বরুণ খ) শিব গ) বিষ্ণু ঘ) অগ্নি।

১.৭ "যিনি কানে কলম গুঁজে দুনিয়া খোজেন"— তিনি—

ক) দারোগাবাবু খ) দার্শনিক গ) সাংবাদিক ঘ) পন্ডিত মশাই।

১.৮ "তাঁর ও ছিল ফাউন্টেন পেনের নেশা।" তাঁর বলতে বোঝানো হয়েছে—

ক) শৈলজানন্দ খ) ত্রৈলোক্যনাথ গ) বঙ্কিমচন্দ্র ঘ) শরৎচন্দ্র।

১.৯ 'Sensitized Paper' -এর অনুবাদ হবে—

ক) স্পর্শকাতর কাগজ খ) সুগ্রাহী কাগজ গ) সুবেদী কাগজ ঘ) অভিমানী কাগজ।

১.১০ বেড়ালের গলায় ঘন্টা বাঁধবে কে— অর্থ গত দিক থেকে এটি—

ক) বিস্ময় সূচক বাক্য খ) না সূচক বাক্য গ) প্রশ্ন বাচক বাক্য ঘ) অনুজ্ঞা বাচক বাক্য।

১.১১ তাকে টিকিট কিনতে হয় নি—বাক্যটি কর্তৃবাচ্যের রূপ হল—

ক) তার টিকিট কেনা হয় নি খ) তিনি টিকিট কেনেন নি

গ) তাঁর দ্বারা টিকিট ক্রীত হয়নি ঘ) তিনি বিনা টিকিটে চলেছেন।

১.১২ ক্রিয়ার অর্থ প্রাধান্য পায়—

ক) কর্তৃবাচ্যে খ) ভারবাচ্যে গ) কর্ম বাচ্যে ঘ) কর্ম কর্তৃবাচ্যে।

১.১৩ পূর্বপদের বিভক্তি লুপ্ত হয়ে পরপদের অর্থ প্রাধান্য পায় যে সমাসে সেটি হল—

ক) বহুব্রীহি সমাস খ) অব্যয়ীভাব সমাস গ) তৎপুরুষ সমাস ঘ) নিত্য সমাস।

১.১৪ <u>বুড়ো মানুষের</u> কথাটা শুনো—রেখাঙ্কিত পদটি কোন সমাসের উদাহরণ—

ক) তৎপুরুষ সমাস খ) অব্যয়ীভাব সমাস গ) বহুব্রীহি সমাস

ঘ) কর্মধারয় সমাস।

১.১৫ বিভক্তি শব্দের অর্থ—

ক) বিভাজন খ) সংকোচন গ) প্রসারণ ঘ) সংযোজন।

১.১৬ রাজায় রাজায় যুদ্ধ হয়— এই বাক্যের কর্তাটি হলো—

ক) প্রযোজ্য কর্তা খ) সহযোগী কর্তা গ) ব্যতিহার বার্তা

ঘ) সমধাতুজ কর্তা।

১.১৭ <u>মন্দিরে</u> বাজছিল পূজার ঘন্টা—নিম্নরেখ পদটি কোন কারকের উদাহরণ—

ক) কর্তৃকারক খ) করণ কারক গ) অপাদান কারক ঘ) অধিকরণ কারক।

কমবেশি ২০টি শব্দে নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ ১৯X১=১৯

.১ যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৪X১=৪

..১ "মাস্টারমশাই একটুও রাগ করেননি। বরং একটু তারিফই করলেন।"—'তারিফ' করার কারণ কী?

১.২ "গায়ে কাঁটা দিয়ে উঠল তপনের"—'গায়ে কাঁটা' দিয়ে ওঠার কারণ কী?

১.৩ "বাস্তবিক, এমন তৎপর, এত বড়ো কার্যকুশলা মেয়ে আর যে কেহ—
—'কার্যকুশলা' মেয়েটির পরিচয় দাও।

.১.৪ "বলতে গেলে ছেলে দুটোর সবই একরকম, তফাত শুধু এই যে"
— ছেলেদুটোর তফাত কী ছিল?

..১.৫ "এই ভীষণ মধুর শব্দ শুনিতে শুনিতে সর্বাঙ্গ অবশ, অবসন্ন হইয়া আসিতেছে।"— 'ভীষণ মধুর' শব্দ বলতে কী বোঝানো হয়েছে?

২.২যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৪X১=৪

২.২.১ "ওই নূতনের কেতন ওড়ে"—'নূতনের কেতন ওড়া' বলতে কবি কী বুঝিয়েছেন?

২.২.২ "তবু তো ক'জন আছি বাকি"—বলার কারণ কী?

২.২.৩ "এল মানুষ-ধরার দল"—কবি কাদের বলা বলেছেন?

২.২.৪ "সাজিলা রথীন্দ্রর্ষভ"—'রথীন্দ্রর্ষভ' কে?

২.২.৫ "পঞ্চকন্যা পাইলা চেতন"—পঞ্চকন্যা কাদের বলা হয়েছে?

২.৩ যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও ঃ ৩X১=৩

২.৩.১ "আমি যদি বাঙালি না হয়ে হতাম প্রাচীন সুমেরিয়ান?"—সুমেরিয়ান হলে বক্তা কী করতেন?

২.৩.২ "সোনার দোয়াত কলম যে সত্যই হতো,"—বক্তা সোনার দোয়াত কলমের কথা কীভাবে জেনেছিলেন?

২.৩.৩ "এই ধারণা পুরোপুরি ঠিক নয়।"—কোন ধারণা পুরোপুরি ঠিক নয় বলে বক্তা মনে করেছেন?

২.৩.৪ "তাতে অনেকে মুশকিলে পড়েছেন," —কিসে 'মুশকিলে' পড়ার কথা বলা হয়েছে?

২.৪ যে কোনো **আটটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৮X১=৮

২.৪.১ বিভক্তি ও অনুসর্গের একটি পার্থক্য লেখো।

২.৪.২ ব্যাসবাক্যসহ দ্বন্দ্ব সমাসের একটি উদাহরণ দাও।

২.৪.৩ 'মৌমাছি' শব্দটির ব্যাসবাক্যসহ সমাসের নাম উল্লেখ করো।

২.৪.৪ "ঠিক ইসাবের মতো জামাটি না পেলে ও স্কুলে যাবে না।"— যৌগিক বাক্যে পরিবর্তন করো।

২.৪.৫ "তারা আর স্বপ্ন দেখাতে পারল না।"—ভাব বাচ্যে পরিবর্তন করো।

২.৪.৬ সে তখন যেতে পারবে না—হ্যাঁ-বাচক বাক্যে পরিবর্তন করো।

২.৪.৭ প্রযোজ্য কর্তার একটি উদাহরণ দাও।

২.৪.৮ সম্বন্ধ পদের বিভক্তি কী কী?

২.৪.৯ একটি গৌন কর্মের উদাহরণ দাও।

২.৪.১০ শূন্য বিভক্তি কাকে বলে।

৩। প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০টি শব্দে উত্তর দাও ঃ ৩+৩=৬

৩.১ যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ ১X৩=৩

৩.১.১ "কিন্তু সে কী করে সম্ভব?"—উক্তিটির বক্তা কে? বক্তার এমন সংশয়ের কারণ কী? ১+২

৩.১.২ "উনি দশ বছরের অমৃতকে জড়িয়ে ধরলেন।"—'উনি' কে? কেন অমৃতকে উনি জড়িয়ে ধরলেন?

৩.২ যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ ১X৩=৩

৩.২.১ "প্রাচীন জলতরঙ্গ / সব চুর্ণ হয়ে গেল,"—কোন কবিতার উদ্ধৃতি? উদ্ধৃতির অর্থ পরিস্ফুট করো। ১+২

৩.২.২ "রক্ষ রক্ষঃ কুল মান,"—বক্তা কে? কাকে উদ্দেশ্য করে এ কথা বলা হয়েছে? ১+২

৪। কম-বেশি ১৫০ শব্দে যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৫

৪.১ "তাতে যে আমার ঢং নস্ট হয়ে যাবে।"—বক্তা কোন প্রসঙ্গে এ কথা বলেছেন? এই উক্তির আলোকে বক্তার চরিত্র বিশ্লেষণ করে। ২+৩

৪.২ "ত্রিশ বছর বয়সে নদীর জন্য নদের চাঁদের এত বেশি মায়া একটি অস্বাভাবিক।" —মায়া কে 'অস্বাভাবিক' বলা হয়েছে কেন? এই অস্বাভাবিকত্বের পিছনে নদের চাঁদ কী কৈফিয়ত পেশ করতো? ২+৩

৫। কম-বেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

৫.১ "কন্যারে ফেলিল যথা।"—কন্যার পরিচয় দাও? তাকে যেখানে ফেলা হয়েছিল, সেই স্থানটি কীরূপ ছিল? ২+৩

৫.২ "অস্ত্র ফ্যালো, অস্ত্র রাখো পায়ে"—অস্ত্রের বিরুদ্ধে গান কবিতায় কবি অস্ত্র ফেলতে বলেছেন কেন? অস্ত্র পায়ে রাখার মমার্থ কী?

৬। কম-বেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

৬.১ "যাদের জন্য বিজ্ঞান বিষয়ক বাংলা গ্রন্থ ও প্রবন্ধ লেখা হয় তাদের মোটামুটি দুই শ্রেণিতে ভাগ করা যেতে পারে।"

— বিজ্ঞান-বিষয়ক বাংলা গ্রন্থের পাঠকদের যে দুটি শ্রেণিতে ভাগ করা যায়, তাদের পরিচয় দাও। ২+৩

৬.২ "ফলে আমার মতো আরও কেউ কেউ নিশ্চয় বিপন্ন বোধ করছেন।"—'আমার মতো আরও কেউ কেউ বলতে কাদের কথা বলা হয়েছে? তাঁর বিপন্ন বোধ করছেন কেন? ২+৩

৭। কম-বেশি ১২৫ শব্দে যে কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও : ৪

৭.১ "মুন্সিজি, এই পত্রের মর্ম সভাসদের বুঝিয়ে দিন।"—কে, কাকে পত্র লিখেছিলেন? এই পত্রে কী লেখা ছিল? ১+৩

৭.২ "আর কত হেয় আমাকে করতে চান আপনারা?"—'আপনারা কারা? প্রসঙ্গ উল্লেখ করে মন্তব্যটির তাৎপর্য বুঝিয়ে দাও। ১+৩

৮। কম-বেশি ১২৫ শব্দে যে কোনো <u>দুটি</u> প্রশ্নের উত্তর দাও : ২X৫=১০

৮.১ "তোর আসল লজ্জা জলে, আসল গর্ব ও জলে।"—কোনির কোন কথার পরিপ্রেক্ষিতে এ কথা বলা হয়েছে? তার 'আসল লজ্জা' ও 'আসল গর্ব' জলে বলার কারণ কী? ৩+২

৮.২ "ফাইট কোনি ফাইট'—সাধারণ মেয়ে থেকে চ্যাম্পিয়ান হয়ে উঠতে গিয়ে কোণকে কী ধরণের ফাইট করতে হয়েছিল, নিজের ভাষায়—লেখো। ৫

৮.৩ 'কোনি' উপন্যাসের কাহিনি অবলম্বনে স্বামীর যোগ্য সহধর্মিনী রূপে লীলাবতীর পরিচয় দাও। ৫

৯। চলিত গদ্যে বঙ্গানুবাদ করো ঃ ৪

Newspaper reading has become an essential part of our life. As we get up in the morning we wait eagerly for a daily paper. Twentieth Century was an age of newspaper. Through Newspapers we gather information about diffeent countries of the world.

১০। কম-বেশি ১৫০ শব্দে যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৫

১০.১ মাধ্যমিকের পর কী বিষয় নিয়ে পড়বে—এ বিষয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো।

১০.২ 'জলা বুজিয়ে সবুজ ধ্বংস করে আবাসন নয়।' এই বিষয় অবলম্বনে একটি প্রতিবেদন রচনা করো।

১১। কম-বেশি ৪০০ শব্দে যে কোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো ঃ ১০

১১.১ মানব কল্যাণে বিজ্ঞান।

১১.২ বই মানুষের শ্রেষ্ঠ সঙ্গী।

১১.৩ আমাদের পরিবেশ ঃ সমস্যা ও প্রতিকার।

১১.৪ ছুটির দিন।

# Sunity Academy

## Madhymik Test Examination - 2025

### Class - X

Time : Sub - Bengali F.M - 90

১। সঠিক উত্তরটি নির্বাচন করো ঃ- ১৭×১=১৭

১.১) 'কিছুটা যেতেই অমৃতের নজরে এল' — অমৃতের নজরে কী এসেছিল?
ক) কালিয়া মাটিতে পড়ে গেছে খ) নিম গাছের তলায় ছেলের দল
গ) গলি থেকে পাঠান বেরোচ্ছেন ঘ) ইসাবের জামার পকেট ছিঁড়ে গেছে।

১.২) 'নদীর বিদ্রোহ' রচনায় যে সময়ে নদের চাঁদের প্যাসেঞ্জার ট্রেনের রওনা করানোর কথা আছে, তা হল —
ক) চারটা পঞ্চান্ন খ) চারটা পঁয়তাল্লিশ
গ) চারটা পঁয়ত্রিশ ঘ) চারটা পঁচিশ।

১.৩) "বুনো হাঁস ধরাই যে এদের কাজ," — 'বুনো হাঁস' বলতে বোঝানো হয়েছে —
ক) চোর ডাকাতদের খ) ভারতের স্বাধীনতা সংগ্রামীদের
গ) দেশীয় কর্মচারীদের ঘ) অনুপ্রবেশকারীদের।

১.৪) 'অথবা এমনই ইতিহাস' — ইতিহাস যেমন —
ক) গৌরবময় খ) স্মরণীয় গ) চোখমুখ ঢাকা ঘ) যন্ত্রণার।

১.৫) "হাসিবে মেঘবাহন," — 'মেঘবাহন' বলতে বোঝানো হয়েছে —
ক) দেবরাজ ইন্দ্রকে খ) অগ্নিদেবকে
গ) দেবাদিদেব মহাদেবকে ঘ) রামচন্দ্রকে।

১.৬) 'বাষ্পাকুল অরণ্যপথে' — অরণ্যপথ বাষ্পাকুল হওয়ার কারণ হল —
ক) বর্ষার মেঘ খ) অত্যাচারীদের ক্রন্দন
গ) আবহাওয়ার জন্য ঘ) আফ্রিকার ভাষাহীন কান্না।

১.৭) 'বাংলা বৈজ্ঞানিক প্রবন্ধাদিতে আর একটি দোষ' প্রসঙ্গে প্রাবন্ধিক কোন্ প্রবাদের উল্লেখ করেছেন?
ক) অরণ্যে রোদন খ) অল্পবিদ্যা ভয়ংকরী
গ) হাতের পাঁচ ঘ) হ য ব র ল।

১.৮) 'Connotation' শব্দের বাংলা অর্থ —
ক) অর্থ পরিবর্তন খ) অর্থব্যাপ্তি
গ) অর্থের বৈপরীত্য ঘ) অর্থের সংকোচন।

১.৯) "অক্ষর কাটাকুটি করতে গিয়ে আনমনে রচিত হয়েছিল ছন্দোবদ্ধ সাদা - কালো ছবি।" — এই চিত্রশিল্পী হলেন —
ক) অন্নদাশঙ্কর রায় খ) রবীন্দ্রনাথ ঠাকুর

গ) সত্যজিৎ রায় ঘ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়।

১.১০) "তিনি আহারে বসেছেন" — এখানে 'আহারে' হল —
ক) কর্মকারকে 'এ' বিভক্তি খ) অধিকরণ কারকে 'এ' বিভক্তি
গ) করণকারকে 'এ' বিভক্তি ঘ) নিমিত্ত কারকে 'এ' বিভক্তি।

১.১১) অসমাপিকা ক্রিয়ার কর্তাকে বলা হয় —
ক) প্রযোজ্য কর্তা খ) প্রযোজক কর্তা
গ) নিরপেক্ষ কর্তা ঘ) ব্যতিহার কর্তা।

১.১২) পূর্বপদের বিভক্তি লুপ্ত হয়ে পরপদের অর্থ প্রাধান্য পায় যে সমাসে, সেটি হল —
ক) বহুব্রীহী সমাস খ) অব্যয়ীভাব সমাস
গ) নিত্য সমাস ঘ) তৎপুরুষ সমাস।

১.১৩) 'ফেলাইল কনক – বলয় দূরে,' — নিম্নরেখ পদটি যে সমাসের উদাহরণ তা হল —
ক) তৎপুরুষ খ) অব্যয়ীভাব গ) বহুব্রীহি
ঘ) মধ্যপদলোপী কর্মধারয়।

১.১৪) 'আমাদের মধ্যে যারা ওস্তাদ তারা ওই কালো জলে হরিতকী ঘষত।' — বাক্যটি কোন্ শ্রেণীর?
ক) সরলবাক্য খ) জটিল বাক্য গ) মিশ্রবাক্য ঘ) যৌগিক বাক্য।

১.১৫) 'সে সারাদিন খুব পরিশ্রম করে গভীর রাতে ফিরল।' —এই বাক্যের নিম্নরেখ অংশটি হল —
ক) উদ্দেশ্য খ) বিধেয় গ) উদ্দেশ্যর সম্প্রসারক
ঘ) বিধেয়র সম্প্রসারক।

১.১৬) 'বাঁশি বাজে'। — এটি একটি —
ক) ঘটক বা সম্পাদক কর্তৃবাচ্য খ) অসম্পাদক কর্তৃবাচ্য
ঘ) লুপ্তকর্তা ভাববাচ্য ঘ) গৌণ কর্মকর্তা ভাববাচ্য।

১.১৭) 'জগদীশবাবু সিঁড়ি ধরে নেমে যান' — বাক্যটির ভাববাচ্যের রূপ হল —
ক) জগদীশবাবুর সিঁড়ি ধরে নাম হয়
খ) জগদীশবাবুর দ্বারা সিঁড়ি ধরে নামা হয়
গ) জগদীশবাবু সিঁড়ি ধরে নামেন
ঘ) জগদীশবাবু সিঁড়ি ধরে নেমে আসেন।

২। কম – বেশি ২০ টি শব্দে নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ- ১৯X১=১৯

২.১. যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ- ৪X১=৪

২.১.১) 'মেসোর উপযুক্ত কাজ হবে সেটা।' – মেসোর উপযুক্ত কাজটি কী?

২.১.২) 'গল্প শুনে খুব গম্ভীর হয়ে গেলেন হরিদা।' — হরিদার শোনা গল্পটি কী?

২.১.৩) 'ও নিয়ম রেলওয়ে কর্মচারীর জন্য,' - বক্তা কোন্ নিয়মের কথা বলেছেন?

২.১.৪) 'ইসাবের মনে পড়ল,' - ইসাবের কী মনে পড়ল?

২.১.৫) "বড়ো ভয় করিতে লাগিল নদের চাঁদের।" — নদের চাঁদের ভয় করার কারণ কী?

২.২. যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ- ৪×১=৪

২.২.১) "বিধি মোরে না কর নৈরাশ।।" - কে, কোন্ বিষয়ে নিরাশ হতে চান না?

২.২.২) "মাথায় কত শকুন বা চিল" — শকুন ও চিল বলতে কবি কী বুঝিয়েছেন?

২.২.৩) "উঠিল পবন পথে ঘোরতর রবে,/ রথবর," — এই প্রসঙ্গে কবির ব্যবহৃত উপমাটি লেখ।

২.২.৪) 'ঘাস জন্মালো রাস্তায়' — কখন রাস্তায় ঘাস জন্মালো?

২.২.৫) "ওরে ওই স্তব্ধ চরাচর!" — 'চরাচর' স্তব্ধ কেন?

২.৩. যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও ঃ- ৩×১=৩

২.৩.১) "আমরা ফেরার পথে কোনও পুকুরে তা ফেলে দিয়ে আসতাম।" — বক্তা কেন তা পুকুরে ফেলে দিতেন?

২.৩.২) "সোনার দোয়াত কলম যে সত্যই হতো,' — বক্তা সোনার দোয়াত কলমের কথা কীভাবে জেনেছিলেন?

২.৩.৩) বিশ্ববিদ্যালয় নিযুক্ত পরিভাষা সমিতি নবাগত রাসায়নিক বস্তুর ইংরেজি নাম সম্বন্ধে কী বিধান দিয়েছিলেন?

২.৩.৪) "তাঁদের নূতন করে শিখতে হচ্ছে।" — কাদের কথা বলা হয়েছে?

২.৪. যেকোনো আটটি প্রশ্নের উত্তর দাও ঃ- ৮×১=৮

২.৪.১) সমধাতুজ কর্ম কাকে বলে? উদাহরণ দাও।

২.৪.২) 'নির্দেশক' বলতে কী বোঝো? একটি বাক্যে নির্দেশকের প্রয়োগ দেখাও।

২.৪.৩) <u>মন্দিরে</u> বাজছিল পূজার ঘন্টা — নিম্নরেখ পদটির কারক ও বিভক্তি নির্ণয় করো।

২.৪.৪) 'তেমাথা' ও 'দশানন' সমাসবদ্ধ পদ দুটির পার্থক্য কোথায়?

২.৪.৫) উপপদ তৎপুরুষ সমাস কাকে বলে? উদাহরণ সহ বুঝিয়ে দাও।

২.৪.৬) একশেষ দ্বন্দ্ব সমাসের একটি উদাহরণ দাও।

২.৪.৭) 'সে নিজের চোখে শুনেছে।' — এক্ষেত্রে বাক্যগঠনের কোন্ শর্তটি লঙ্ঘিত হয়েছে?

২.৪.৮) 'নিমাইবাবু চুপ করিয়া তপন,' — নঞর্থক বাক্যে পরিবর্তন করো।

২.৪.৯) 'গভীরভাবে সংকল্প করে রইলেন,' — কর্মবাচ্যে পরিবর্তন করো।

২.৪.১০) 'নদীর ধারে তার জন্ম হইয়াছে', — কর্তৃবাচ্যে পরিণত করো।

৩। প্রসঙ্গ নির্দেশসহ কম – বেশি ৬০ টি শব্দে উত্তর দাও ঃ- ৩+৩=৬

৩.১. যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ- ১x৩=৩

৩.১.১) 'তার লাঞ্ছনা এই কালো চামড়ার নীচে কম জ্বলে না' — বক্তা কে? তার কোন্ লাঞ্ছনার কথা বলা হয়েছে? ১+২

৩.১.২) 'পৃথিবীতে এমন অলৌকিক ঘটনাও ঘটে'? কার মনে এমন ভাবনার উদয় হয়েছিল? এমন ভাবার কারণ কী? ১+২

৩.২. যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ- ১x৩=৩

৩.২.১) "অস্ত্র ফ্যালো, অস্ত্র রাখো...." — কবি কোথায় অস্ত্র রাখতে বলেছেন? তাঁর একথা বলার কারণ কী? ১+২

৩.১.২) "দিব্যপুরী সমুদ্র মাঝার।" — 'দিব্যপুরী' বলতে কোন্ পুরীকে বোঝানো হয়েছে? 'দিব্যপুরী' টির বর্ণনা দাও। ১+২

৪। কম - বেশি ১৫০ শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ- ৫

৪.১) "তপনের মনে হয় আজ যেন তার জীবনের সবচেয়ে দুঃখের দিন"। — কোন্ দিন তপনের এমন মনে হয়েছিল? তার এমন মনে হওয়ার কারণ কী? ২+৩

৪.২) "অথচ আপনি একেবারে খাঁটি সন্ন্যাসীর মতো সব তুচ্ছ করে সরে পড়লেন?" — কার কথা বলা হয়েছে? তিনি কীভাবে 'খাঁটি সন্ন্যাসীর মতো' ব্যবহার করেছিলেন সংক্ষেপে আলোচনা করো। ১+৪

৫। কম-বেশি ১৫০ শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ- ৫

৫.১) 'তারপর যুদ্ধ এল' — যুদ্ধকে কবি কীসের সঙ্গে তুলনা করেছেন? যুদ্ধের পরিণতি কী হয়েছিল, তা 'অসুখী একজন' কবিতা অনুসারে লেখো। ১+৪

৫.২) 'ভেঙে আবার গড়তে জানে সে চিরসুন্দর!' — কার কথা বলা হয়েছে? তাঁর ভাঙা – গড়ার প্রসঙ্গটি 'প্রলয়োল্লাস' কবিতা অনুসরণে আলোচনা করো। ১+৪

৬। কম-বেশি ১৫০ শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ- ৫

৬.১) 'ফাউন্টেন পেন' বাংলায় কী নামে পরিচিত? নামটি কার দেওয়া বলে উল্লেখ করা হয়েছে? ফাউন্টেন পেনের জন্ম ইতিহাস লেখো। ১+১+৩

৬.২) "আমাদের আলংকারিকগণ শব্দের ত্রিবিধ কথা বলেছেন" — 'শব্দের ত্রিবিধ কথা' কী? 'বাংলা ভাষায় বিজ্ঞান' প্রবন্ধে এই 'ত্রিবিধ কথা' র প্রসঙ্গ এসেছে কেন? ২+৩

৭। কম-বেশি ১২৫ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ- ৪

৭.১) "মুন্সিজি, এই পাত্রের মর্ম সভাসদদের বুঝিয়ে দিন।" — কে, কাকে পত্র লিখেছিলেন? এই পত্রে কী লেখা ছিল? ১+৩

৭.২) 'মনে হয়, ওর নিশ্বাসে বিষ, ওর দৃষ্টিতে আগুন, ওর অঙ্গ সঞ্চালনে ভূমিকম্প!
— উদ্ধৃতিটির আলোকে ঘসেটি বেগমের চরিত্র বৈশিষ্ট্য আলোচনা করো। ৪

৮। কমবেশি ১৫০ শব্দে যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ- ২×৫=১০

৮.১) "অবশেষে কোনি বাংলা সাঁতার দলে জায়গা পেল।" — কোনি কীভাবে বাংলা সাঁতার দলে জায়গা পেল, তা লেখ। ৫

৮.২) 'আমাদের বিরুদ্ধে চার্জগুলো স্পষ্ট করে চিঠিতে বলা নেই। সেগুলো জানতে চাই।' — বক্তা কে? তাঁর বিরুদ্ধে চার্জ এবং তার জবাব তিনি কীভাবে দিয়েছিলেন? ১+৪

৮.৩) "হঠাৎ তার চোখে ভেসে উঠল '৭০' সংখ্যাটা।" — প্রসঙ্গ উল্লেখ করো। উদ্দিষ্ট ব্যক্তির কাছে '৭০' সংখ্যার তাৎপর্য ব্যাখ্যা করো। ২+৩

৯। চলিত বাংলায় অনুবাদ করো ঃ- ৪

Man is a social animal. He cannot live alone No person can be happy without having sincere friends. But selfish person fail to make real friendship. Because to get love, you must give love in return.

১০। কমবেশি ১৫০ শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ- ৫

১০.১) তোমাদের এলাকায় আয়োজিত হয়েছে স্বাস্থ্য সচেতনতা শিবির — এই বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১০.২) 'সেলফির নেশা সর্বনাশা' এই বিষয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো।

১১। কমবেশি ৪০০ শব্দে যেকোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো। ১০

১১.১) পরিবেশ সুরক্ষার ছাত্রসমাজের ভূমিকা।

১১.২) বিজ্ঞান আশীর্বাদ না অভিশাপ।

১১.৩) বাংলার উৎসব।

১১.৪) তোমার দেখা একটি মেলা।

# টাকি সরকারি উচ্চ বিদ্যালয়

## নির্বাচনী পরীক্ষা ২০২৫

### দশম শ্রেণি

সময় ঃ ৩ ঘন্টা বিষয় ঃ বাংলা

পূর্ণমান ঃ ৯০

১। সঠিক উত্তরটি নির্বাচন করো ঃ ১×১৭=১৭

১.১ জগদীশবাবুর বাড়িতে সন্ন্যাসী ছিলেন —
(ক) পাঁচদিন (খ) তিনদিন (গ) সাতদিন (ঘ) একদিন।

১.২ 'এসো, আমরা কুস্তি লড়ি' — উক্তিটি করেছে —
(ক) অমৃত (খ) ইসাব (গ) কালিয়া (ঘ) ছেলে ছোকরার দল।

১.৩ 'ইচ্ছা করিলে আমি তোমাকে টানিয়া নীচে নামাইতে পারি' — উক্তিটির কর্তা হলেন —
(ক) নদের চাঁদ (খ) অপূর্ব (গ) পুলিশ ইন্সপেক্টর (ঘ) হরিদা।

১.৪ পশ্চিম দিনান্তপানে ঝড় এসেছিল — (ক) প্রভাতকালে (খ) প্রদোষকালে (গ) দ্বিপ্রহরে (ঘ) গোধূলিবেলায়।

১.৫ মিস্টিবাড়ির ঝুলন্ত বিছানায় ঘুমিয়েছিল —
(ক) কবি (খ) মেয়েটি (গ) দেবতারা (ঘ) বন্ধুটি।

১.৬ 'চিত্রের পোতলি সমা নিপতিত মনোরমা' — 'চিত্রের পোতলি সমা' ছিলেন — (ক) পদ্মাবতী (খ) সমুদ্রকন্যা (গ) নাগমতী (ঘ) বিজয়া।

১.৭ ওস্তাদ কলমবাজদের বলা হত —
(ক) জার্নালিস্ট (খ) টাইপিস্ট (গ) স্টেনোগ্রাফার (ঘ) ক্যালিগ্রাফিস্ট।

১.৮ প্রীতির সঙ্গে আয়ত্ব করতে হয় যে ভাষা পদ্ধতি —
(ক) মাতৃভাষা (খ) বিদেশি ভাষা (গ) তৎসম ভাষা (ঘ) হিন্দিভাষা।

১.৯ 'আমাদের ইতিহাস নেই' — নিম্নরেখ পদটি —
(ক) কর্তৃকারক (খ) কর্মকারক (গ) সম্বন্ধ পদ (ঘ) অধিকরণ কারক।

১.১০ আলংকারিকগণ শব্দের যত প্রকার গুণের কথা বলেছেন —
(ক) দুরকম (খ) তিন রকম (গ) চার রকম (ঘ) বহুরকম।

১.১১ বাক্যের অর্থের পূর্ণতা প্রকাশ করে —
(ক) নামপদ (খ) অব্যয় (গ) বিশেষণ (ঘ) সমাপিকা ক্রিয়া।

১.১২ দ্বন্দ্ব সমাসে অর্থ প্রাধান্য থাকে —
(ক) পূর্বপদের (খ) পরপদের (গ) উভয় পদের (ঘ) অন্য নতুন পদের।

১.১৩ সম্বন্ধ তৎপুরুষ সমাসের ব্যাসবাক্যে সাধারণত যে বিভক্তি থাকে—
(ক) তে (খ) য় (গ) এ (ঘ) র/এর

১.১৪ 'আবার তোরা মানুষ হ।' — যে ধরণের বাক্যের দৃষ্টান্ত —
(ক) প্রার্থনাসূচক (খ) অনুজ্ঞাসূচক (গ) অস্ত্যর্থক (ঘ) আবেগসূচক।

১.১৫ বাক্যে অন্বয় অনুযায়ী পদগুলির যথাস্থানে সংস্থাপনকে বলা হয় — (ক) আসত্তি (খ) আসক্তি (গ) আকাঙ্ক্ষা (ঘ) যোগ্যতা।

১.১৬ 'তোরা সব জয়ধ্বনি কর' — যে বাচ্যের উদাহরণ —
(ক) কর্তৃবাচ্য (খ) কর্মবাচ্য (গ) ভাববাচ্য (ঘ) কর্মকর্তৃবাচ্য।

১.১৭ ক্রিয়ার অর্থ প্রাধান্য পায় যে বাচ্যে —
(ক) কর্তৃবাচ্য (খ) কর্মবাচ্য (গ) ভাববাচ্য (ঘ) কর্মকর্তৃবাচ্য।

২। কমবেশি ২০ শব্দে নীচের প্রশ্নগুলির উত্তর দাও : ১×১৯=১৯

২.১ যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

২.১.১ 'গায়ে কাঁটা দিয়ে উঠলো তপনের' — তপনের গায়ে কাঁটা দিয়ে ওঠার কারণ উল্লেখ করো।

২.১.২ 'এবারের মতো মাপ করে দিন ওদের' — কে, কাকে একথা বলেছিলেন?

২.১.৩ 'কেবল এই জন্যই যেন সে আজও বাঁচিয়া আছে' — উক্তিটি কোন্ প্রসঙ্গে ব্যবহৃত হয়েছে?

২.১.৪ অমৃতের কোন্ কথা হাসানকে বদলে দিয়েছিল?

২.১.৫ 'একটু মমতাবোধ করিল বটে' — কোন্ বিষয়ে মমতাবোধ করার কথা বলা হয়েছে?

২.২ যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

২.২.১ 'নেমে এল তার মাথার ওপর' — কার মাথার ওপর কী নেমে আসার কথা বলা হয়েছে?

২.২.২ আফ্রিকার উপেক্ষিত থাকার কারণ কী ছিল?

২.২.৩ 'হাসিবে মেঘবাহন' — 'মেঘবাহন' কে ছিলেন?

২.২.৪ 'পঞ্চকন্যা পাইলা চেতন' — পঞ্চকন্যা কীভাবে চেতনা ফিরে পেয়েছিল?

২.২.৫ কবি কেন কোকিলকে সহস্র উপায়ে গান বাঁধতে বলেছিলেন?

২.৩ যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

২.৩.১ বাংলাভাষায় বিজ্ঞান চর্চার একটি বাধার উল্লেখ করো।

২.৩.২ 'এই কথাটি সকল লেখকেরই মনে রাখা উচিত' — কোন্ কথার কথা বলা হয়েছে?

২.৩.৩ 'সেগুলি বাণ্ডিল করে নিয়ে যেতাম স্কুলে' — কারা কী নিয়ে যেতেন?

২.৩.৪ শৈলজানন্দ মুখোপাধ্যায় কার কাছ থেকে ফাউন্টেন পেনের নেশা পেয়েছিলেন?

২.৪ যে কোনো আটটি প্রশ্নের উত্তর দাও : ১×৮=৮

২.৪.১ বিভক্তি ক-প্রকার ও কী কী?

২.৪.২ বাক্যে সম্বোধন পদের উদাহরণ দাও।

২.৪.৩ অনুসর্গ ও নির্দেশকের একটি পার্থক্য লেখো।

২.৪.৪ বহুব্রীহি সমাসের একটি উদাহরণ দাও।

২.৪.৫ বাক্যাশ্রয়ী সমাস বলতে কী বোঝো?

২.৪.৬ বাক্য নির্মাণের প্রধান শর্ত তিনটি কী কী?

২.৪.৭ সরলবাক্যের একটি বৈশিষ্ট্য লেখো।

২.৪.৮ ক্রিয়ার কাল অনুযায়ী অনুজ্ঞাসূচক বাক্য ক প্রকার ও কী কী?

২.৪.৯ কোন্ বাচ্যের রূপান্তর সম্ভব নয়?

২.৪.১০ কর্মবাচ্যের ক্রিয়াপদটি কী ধরনের হয়?

৩। প্রসঙ্গ নির্দেশসহ কমবেশি ৬০ শব্দে উত্তর দাও : ৩+৩=৬

৩.১ যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৩×১=৩

৩.১.১ 'সে ও তো তাহাদেরই একজন' — সে কে? তাকে কাদের একজন বলা হয়েছে? ১+২

৩.১.২ 'কিন্তু আমাকে বাঁচানোর জন্য তো আমার মা আছে।"— কার উক্তি? উক্তিটির মধ্য দিয়ে প্রকাশিত বক্তার চরিত্র বৈশিষ্ট্য তুলে ধরো। ১+২

৩.২ যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৩×১=৩

৩.২.১ 'আগে পূজ ইষ্টদেবে' — কার উদ্দেশ্যে কে এই উক্তি করেছিলেন? এমন উক্তির কারণ কী ছিল? ১+২

৩.২.২ 'এসো যুগান্তের কবি' — যুগান্তের কবিকে আহ্বান করার কারণ উল্লেখ করো।

৪। কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও। ৫×১=৫

৪.১ 'অথচ আপনি একেবারে খাঁটি সন্ন্যাসীর মতো সব তুচ্ছ করে সরে পড়লেন?' — কার কথা বলা হয়েছে? তিনি কীভাবে খাঁটি সন্ন্যাসীর মতো ব্যবহার করেছিলেন, আলোচনা করো। ১+৪

৪.২ 'যাঁকে খুঁজছেন তার কালচারের কথাটা একবার ভেবে দেখুন।' — কাকে খোঁজার কথা বলা হয়েছে? যাকে থানায় আনা হয়েছিল, তার কালচারের পরিচয় দাও। ১+৪

৫। কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫×১=৫

৫.১ 'অস্ত্রের বিরুদ্ধে গান' কবিতায় যুদ্ধবিরোধী মনোভাবের যে পরিচয় পাওয়া যায়, তার বর্ণনা দাও। ৫

৫.২ 'আসছে নবীন — জীবনহারা অ-সুন্দরে করতে ছেদন।' — প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির যথার্থ বিশ্লেষণ করো। ৫

৬। কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫×১=৫

৬.১ 'আমরা কালিও তৈরি করতাম নিজেরাই।' — কারা কালি তৈরি করতেন? তারা কীভাবে কালি তৈরি করতেন? ১+৪

৬.২ 'অনেকে মনে করেন পারিভাষিক শব্দ বাদ দিয়ে বক্তব্য প্রকাশ করলে রচনা সহজ হয়।' — আলোচ্য প্রবন্ধে পরিভাষা রচনা প্রসঙ্গে প্রাবন্ধিক যে মত প্রকাশ করেছেন, তা আলোচনা করো।

৭। কমবেশি ১২৫ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৪×১=৪

৭.১ 'আজ বিচারের দিন নয়, সৌহার্দ্য স্থাপনের দিন।' — কার উক্তি? প্রসঙ্গ নির্দেশ করে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৩

৭.২ 'মনে হয় ওর নিঃশ্বাসে বিষ; ওর দৃষ্টিতে আগুন' — বক্তা কে? যার সম্পর্কে একথা বলা হয়েছে, নাট্যাংশ অবলম্বনে তার চরিত্র বৈশিষ্ট্য আলোচনা করো।

৮। কমবেশি ১৫০ শব্দে যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

৮.১ 'ওইটেই তো আমি রে, যন্ত্রণাটাই তো আমি' — বক্তা কে? কোন্ প্রসঙ্গে তিনি এমন মন্তব্য করেছিলেন? ১+৪

৮.২ 'অবশেষে কোনি বাংলা সাঁতার দলে জায়গা পেল।' — কোনি কীভাবে বাংলা সাঁতার দলে জায়গা পেয়েছিল — তা আলোচনা করো।

৮.৩ কোনি উপন্যাস অবলম্বনে স্বামীর যোগ্য সহধর্মিনী হিসেবে লীলাবতীর পরিচয় দাও।

৯। চলিত বাংলায় অনুবাদ করো : ৪

Discipline is of great importance in student life. Students should be taught to realize that the observance of discipline is a sacred duty of theirs. They should respect their superiors. They should cultivate the habit of punctuality and good manners.

১০। কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫×১=৫

১০.১ গ্লোবাল ওয়ার্মিং বিষয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো।

১০.২ বিদ্যালয়ের বার্ষিক সাংস্কৃতিক ও পুরস্কার বিতরণী উৎসব বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।

১১। কমবেশি ৪০০ শব্দে যে কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো। ১০×১=১০

১১.১ বাংলার উৎসব

১১.২ পরিবেশ দূষণ ও তার প্রতিকার

১১.৩ বিজ্ঞানমনস্কতা ও কুসংস্কার

১১.৪ একটি ভ্রমণের অভিজ্ঞতা।

# UTTARPARA GOVT. HIGH SCHOOL
# TEST EXAMINATION – 2025
# CLASS – X SUB – BENGALI
# FULL MARKS – 90 TIME – 3 HRS

১। **সঠিক উত্তরটি নির্বাচন করো :** **১৭X১=১৭**

১.১ "যেখানে ছিল শহর / সেখানে ছড়িয়ে রইল" কী ছড়িয়ে রইল?
ক) পায়ের দাগ খ) কাঠকয়লা গ) গোলাপী গাছ ঘ) জল তরঙ্গ

১.২ চারখন্ড রামায়ণ কপি করে একজন লেখক অষ্টাদশ শতকে কত টাকা পেয়েছিলেন?
ক) সাত টাকা খ) আট টাকা গ) নয় টাকা ঘ) দশ টাকা

১.৩ "হিমালয় যেন পৃথিবীর মানদন্ড"- উক্তিটি কার?
ক) রবীন্দ্রনাথের খ) বঙ্কিমচন্দ্রের গ) কালিদাসের ঘ) বিদ্যাসাগরের

১.৪ নিজের হাতের কলমের আঘাতে মৃত্যু হয়েছিল যে লেখকের তাঁর নাম-
ক) বনফুল খ) পরশুরাম গ) ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায় ঘ) শৈলজানন্দ মুখোপাধ্যায়

১.৫ "কৃত্তিবাস রামায়ণ রচনা করেন" নিম্নরেখ পদটি কোন সমাসের উদাহরণ?
ক) কর্মধারয় সমাস খ) তৎপুরুষ সমাস গ) বহুব্রীহি সমাস ঘ) অব্যয়ীভাব সমাস

১.৬ "কথাটা শুনে তপনের চোখ মার্বেল হয়ে গেল"-নিম্নরেখ পদটি
ক) সম্বোধন পদ খ) কর্তৃকারক গ) সম্বন্ধ পদ ঘ) নিমিত্ত কারক

১.৭ 'বাঁশি বাজে।' এটি একটি-
ক) ঘটক বা সম্পাদক কর্তৃবাচ্য খ) অসম্পাদক কর্তৃবাচ্য গ) লুপ্ত কর্তা ভাববাচ্য
ঘ) গৌণ কর্মকর্তা ভাববাচ্য

১.৮ 'আজকের দিনটা বেশ কাটলো'- গঠনগত দিক থেকে বাক্যটি হলো-
ক) সরল বাক্য খ) জটিল বাক্য গ) মিশ্র বাক্য ঘ) যৌগিক বাক্য

১.৯ বিভক্তি শব্দের অর্থ কী?
ক) বিভাজন খ) সংকোচন গ) প্রসারণ ঘ) সংযোজন

১.১০ উপমান ও উপমের মধ্যে অভেদ কল্পনা করা হয় যে সমাসে তা হল-
ক) উপমান কর্মধারয় খ) উপমিত কর্মধারয় গ) রূপক কর্মধারয় ঘ) নিত্য সমাস

১.১১ ক্রিয়ার অর্থ প্রাধান্য পায়-
ক) কর্তৃবাচ্যে খ) ভাববাচ্যে গ) কর্মবাচ্যে ঘ) কর্মকর্তৃবাচ্যে

১.১২ 'তোরা সব জয়ধ্বনি কর'- এটি কোন বাচ্যের উদাহরণ?
ক) কর্তৃবাচ্য খ) কর্মবাচ্য গ) ভাববাচ্য ঘ) কর্মকর্তৃবাচ্য

১.১৩ "খুব হয়েছে হরি, এইবার সরে পড়ো। অন্যদিকে যাও"-এ কথা বলেছে-
ক) ভবতোষ খ) অনাদি গ) কাশীনাথ ঘ) জনৈক বাসযাত্রী

১.১৪ তপনের মেসোমশাই কোন পত্রিকায় তপনের লেখা ছাপাবার কথা বলেছিলেন

ক) ধ্রুবতারা খ) শুকতারা গ) সন্ধ্যাতারা ঘ) রং মশাল

১.১৫ হোলির দিন দলের ছেলেরা অমৃত আর হিসাবকে একরকম পোশাকে দেখে কী করতে বলেছিল?

ক) ছবি আঁকতে খ) হোলি খেলতে গ) কুস্তি লড়তে ঘ) ফুটবল খেলতে

১.১৬ 'আয় আরো বেঁধে বেঁধে থাকি' কবিতাটি কবির কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

ক) নিহিত পাতাল ছায়া খ) পাঁজরে দাঁড়ের শব্দ গ) দিনগুলি রাতগুলি ঘ) জলই পাষাণ হয়ে আছে

১.১৭ 'সপ্ত মহাসিন্ধু' দোল খায় কোথায়?

ক) কপালে খ) শরীরে গ) কপোলতলে ঘ) ভূপৃষ্ঠে

**২। কম-বেশি ২০ টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও: ১৯X১=১৯**

২.১ যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৪X১=৪

২.১.১ ভামোযাত্রায় ট্রেনে অপূর্বের কে কে সঙ্গী হয়েছিল?

২.১.২ "সূচিপত্রেও নাম রয়েছে"- সূচিপত্রে কী লেখা ছিল?

২.১.৩ "আপনি কি ভগবানের চেয়েও বড়ো?" বক্তা এ কথা কাকে বলেছিলেন?

২.১.৪ অদল বদল এর গল্প গ্রাম প্রধানের কানে গেলে তিনি কী ঘোষণা করেছিলেন?

২.১.৫ "বড় ভয় করতে লাগলো নদেরচাঁদের"-নদেরচাঁদের কেন ভয় করতে লাগলো?

২.২. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৪×১=৪

২.২.১ "তারপর যুদ্ধ এল"-যুদ্ধ কীসের মত এলো?

২.২.২ "সেই হোক তোমার সভ্যতার শেষ পুণ্যবাণী"-সভ্যতার শেষ পুণ্য বাণীটি কী?

২.২.৩ "হায় বিধি বাম মম প্রতি"-বক্তার এমন মন্তব্যের কারণ কী?

২.২.৪ "ওরে ওই স্তব্ধ চরাচর"- 'চরাচর' স্তব্ধ কেন?

২.২.৫ "গানের বর্ম আজ পরেছি গায়ে"-গানের বর্ম পরিধান করে কবি কোন কাজ করতে পারেন?

২.৩. যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও: ৩X১=৩

২.৩.১ 'সোনার দোয়াত কলম' যে সত্যই হতো তা লেখক কীভাবে জেনেছিলেন?

২.৩.২ কলিকাতা বিশ্ববিদ্যালয় কবে পরিভাষা সমিতি নিযুক্ত করেছিল?

২.৩.৩ "আমাদের আলংকারিকগণ শব্দের ত্রিবিধ কথা বলেছেন"- শব্দের ত্রিবিধ কথা কী?

২.৩.৪ "আমরা ফেরার পথে কোন পুকুরে তা ফেলে দিয়ে আসতাম"- বক্তা কেন তা পুকুরে ফেলে দিতেন?

২.৪. যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাও: ৮X১=৮

২.৪.১ 'আর কোন ভয় নেই'- প্রশ্নবোধক বাক্যে পরিবর্তন করো।

২.৪.২ নির্দেশক বলতে কী বোঝো।

২.৪.৩ অকারক কাকে বলে?

২.৪.৪ 'মন্দিরে বাজছিল পূজার ঘন্টা', নিম্নরেখ পদটির কারক ও বিভক্তি নির্ণয় করো।

২.৪.৫ অলোপ সমাস কী?

২.৪.৬ "তারা আর স্বপ্ন দেখতে পারলো না"ভাব বাচ্যে পরিবর্তন করো।

২.৪.৭ কর্মকর্তৃবাচ্য কাকে বলে?

২.৪.৮ 'বহুরূপী' শব্দটির ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় করো।

২.৪.৯ যোগ্যতাহীন বাক্যের একটি উদাহরণ দাও।

২.৪.১০ সম্বন্ধ পদ কারক নয় কেন?

**৩। প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০ টি শব্দে উত্তর দাও : ৩+৩=৬**

৩.১. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ১X৩=৩

৩.১.১ 'বাবাই একদিন এর চাকরি করে দিয়েছিলেন"-বক্তা কে? তার বাবা তাকে কী চাকরি করে দিয়েছিলেন? ১+২

৩.১.২ 'নিজের এই পাগলামিতে যেন আনন্দই উপভোগ করে"-কার কথা বলা হয়েছে? তার পাগলামি টি কী? ১+২

৩.২ যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাও: ১X৩=৩

৩.২.১ "এবার মহানিশার শেষে/ আসবে ঊষা অরুণ হেসে"- 'মহানিশা' কী? এই মন্তব্যের মধ্যে দিয়ে কবি কীসের ইঙ্গিত দিয়েছেন? ১+২

৩.২.২ "সে জানতো না আমি আর কখনো ফিরে আসবো না"-সে কে? আমি আর কখনো ফিরে আসবো না বলার কারণ কী? ১+২

**৪। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫**

৪.১ "বাবুটির স্বাস্থ্য গেছে কিন্তু সখ ষোল আনাই বজায় আছে"- বাবুটি কে? তার স্বাস্থ্য ও শখের পরিচয় দাও। ১+৪

৪.২ "অদৃষ্ট কখনো হরিদার এই ভুল ক্ষমা করবে না"-হরিদা কী ভুল করেছিলেন? অদৃষ্ট ক্ষমা না করার পরিনাম কী? ৩+২

**৫। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫**

৫.১ "যেখানে ছিল শহর/সেখানে ছড়িয়ে রইল কাঠকয়লা"- 'অসুখী একজন' কবিতা অবলম্বনে শহরের এই পরিণতি কীভাবে হলো লেখো।

৫.২ 'আয় আরো বেঁধে বেঁধে থাকি' কবিতার বিষয়বস্তু সংক্ষেপে লেখো।

**৬। কম-বেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫**

৬.১ "বাংলা ভাষায় বিজ্ঞান চর্চায় এখনও নানারকম বাধা আছে।"- এই বাধা দূর করতে লেখক কী কী পরামর্শ দিয়েছেন তা আলোচনা করো।

৬.২ "আমরা কালিও তৈরি করতাম নিজেরাই"- কারা কালি তৈরি করতেন? তারা কীভাবে কালি তৈরি করতেন? ১+৪

**৭। কম-বেশি ১২৫ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৪**

৭.১. "কিন্তু ভদ্রতার অযোগ্য তোমরা"- কাকে উদ্দেশ্য করে কথাটি বলা হয়েছে? কথা বলার কারণ কী? ১+৩

৭.২ "জানি না, আজ কার রক্ত সে চায় পলাশী, রাক্ষসী পলাশী"-এই বক্তব্যের মধ্যে দিয়ে বক্তার যে মানসিক ভাবনার প্রকাশ ঘটেছে তা উল্লেখ করো।

**৮। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২X৫=১০**

৮.১ দারিদ্র ও বঞ্চনার বিরুদ্ধে কোনির যে লড়াই তা সংক্ষেপে আলোচনা করো।

৮.২ "খাওয়ায় আমার লোভ নেই, ডায়েটিং করি"-বক্তা কে? তার ডায়েটিং এর পরিচয় দাও। ১+৪

৮.৩ ক্ষিতীত সিংহ কোনিকে সাঁতারে চ্যাম্পিয়ন করানোর জন্য যে কঠোর অনুশীলনের ব্যবস্থা করেছিলেন তার পরিচয় দাও।

**৯। চলিত গদ্যে বঙ্গানুবাদ করো: ৪**

Man is a social animal. He cannot live alone. No person can be happy without having sincere friends. But selfish persons fail to make real friendship. Because to get love, you must give love in return.

**১০। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫**

১০.১ বৃক্ষরোপণের উপযোগিতা বিষয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো।

১০.২ তোমার পাড়ায় একটি রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছিল এ বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

**১১। কম-বেশি ৪০০ শব্দে যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো : ১০**

১১.১ যুদ্ধ নয় শান্তি চাই।

১১.২ সাম্প্রতিক প্রাকৃতিক বিপর্যয়।

১১.৩ বিজ্ঞানমনস্কতা ও কুসংস্কার।

১১.৪ একটি নদীর আত্মকথা।

✿❊❊❊❊❊✿

পশ্চিমবঙ্গের রাষ্ট্রীয় বিদ্যালয়গুলির
টেস্ট পরীক্ষার প্রশ্নপত্রের সংকলন

# WBGSTA MADHYAMIK e-TEST PAPERS 2026

বিষয়

## বাংলা

Compiled & Edited by :


WBGSTA

WEST BENGAL GOVT. SCHOOL TEACHERS' ASSOCIATION

Hare School Campus, 87 College Street, Kolkata - 700 073, W.B.